

“অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের
কার্যকারিতা মূল্যায়ন” শীর্ষক

গবেষণা প্রতিবেদন

গবেষণা পরিচালনা

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

জুন ২০২৪



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

বোর্ডবাজার, গাজীপুর

গবেষণা দল:

অধ্যাপক মো: ফজলুর রহমান-দলনেতা
অধ্যাপক ড. এস এম হাফিজুর রহমান-সদস্য
অধ্যাপক ড. মুহাম্মদ মাহবুবুর রহমান-সদস্য
ডশক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

সার্বিক তত্ত্বাবধান:

প্রফেসর মাহমুদুল হক
অধ্যক্ষ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট

সহযোগিতায় ও সমন্বয়:

ড. মো: নূরুল্লাহ
উপাধ্যক্ষ, বিএমটিটিআই

প্রকাশ কাল:

মে ২০২৫

প্রচ্ছদ ও মুদ্রণ:

বসফরাস বিডি
জনপথ রোড, হাউজ-১৩, সেক্টর-১২, উত্তরা, ঢাকা-১২৩০
মোবা: ০১৭১৫১৩৪১৮০

* কৃতজ্ঞতা স্বীকার *

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) কর্তৃক পরিচালিত অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা মূল্যায়ন শীর্ষক গবেষণা কার্যক্রমের সফল সমাপ্তিতে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই। এই গবেষণা কার্যক্রম বাস্তবায়নের প্রতিটি পর্যায়ে যাঁরা বিভিন্নভাবে সহযোগিতা করেছেন, তাঁদের আন্তরিক প্রচেষ্টা ও অবদানের ফলেই আমরা গবেষণাটি সম্পন্ন করতে সক্ষম হয়েছি। বিশেষ কৃতজ্ঞতা জানাই শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে, যাঁদের দিকনির্দেশনা এবং সহায়তা গবেষণার পরিকল্পনা ও বাস্তবায়নকে সহজতর করেছে। গবেষণার তত্ত্বাবধানে ছিলেন অধ্যাপক ড. এস এম হাফিজুর রহমান, যিনি গবেষণা কার্যক্রমের প্রতিটি ধাপে গুরুত্বপূর্ণ পরামর্শ ও নির্দেশনা প্রদান করেছেন। তাঁর সুচিন্তিত মতামত গবেষণার মান উন্নয়নে বিশেষ সহায়ক হয়েছে। আমি গবেষণা দলের সকল সদস্যদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি, যাঁরা অক্লান্ত পরিশ্রম ও নিষ্ঠার সঙ্গে তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রস্তুতের কাজ সম্পন্ন করেছেন। বিশেষভাবে, তথ্য বিশ্লেষক ও গবেষণা সহযোগীরা, যাঁরা গবেষণার তথ্য বিশ্লেষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন, তাঁদের প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করছি। এছাড়াও, প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকগণ, মাদ্রাসার প্রধানগণ, প্রশিক্ষকগণ এবং শিক্ষার্থীরা যাঁরা আমাদের গবেষণার জন্য প্রয়োজনীয় তথ্য ও মতামত প্রদান করেছেন, তাঁদের প্রতিও আমরা কৃতজ্ঞ। তাঁদের অভিজ্ঞতা ও দৃষ্টিভঙ্গি গবেষণার ফলাফলকে আরও সমৃদ্ধ করেছে। পরিশেষে, গবেষণা কার্যক্রম নির্বিঘ্নে সম্পন্ন করার জন্য আমার পরিবার ও সহকর্মীদের ধৈর্য ও মানসিক সমর্থনের জন্য আন্তরিক কৃতজ্ঞতা জানাই। আশা করি, এই গবেষণা বাংলাদেশের মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় ভাষাগত দক্ষতা উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে এবং ভবিষ্যৎ গবেষণার জন্য দিকনির্দেশনা প্রদান করবে।

দলনেতা

গবেষণা দল

* মুখবন্ধ *

বাংলাদেশের আলিয়া মাদ্রাসা শিক্ষাধারায় প্রায় দুই লক্ষ শিক্ষকের গুণগত মানোন্নয়নের জন্য ১৯৯৫ সালের শেষ দিকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর যাত্রা আরম্ভ হয়। ১৯৯৯ সালে ৩৮১ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এর ইন-সার্ভিস প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়। পরবর্তীতে ২০০২ সাল থেকে নিয়মিতভাবে বিভিন্ন পর্যায়ের মাদ্রাসা প্রধানগণের জন্য শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স এবং এবতেদায়ি, দাখিল, আলিম, ফাজিল ও কামিল পর্যায়ের মাদ্রাসার শিক্ষকদের জন্য বিভিন্ন বিষয়ে ইন-সার্ভিস প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে। এ ছাড়া ২০১২ সাল থেকে প্রফেশনাল কোর্স হিসেবে বিএমএড কোর্স চালু রয়েছে। এরই ধারাবাহিকতায় মাদ্রাসার শিক্ষকদের আরবি ভাষা শিক্ষণ দক্ষতা বৃদ্ধির জন্য ২০২১ সালে শুরু হয় অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স।

এ কোর্সে অংশগ্রহণের পর শিক্ষকদের কাঙ্ক্ষিত মানোন্নয়ন হচ্ছে কিনা, শিক্ষকগণ প্রশিক্ষণলব্ধ জ্ঞান, দক্ষতা প্রয়োগ করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করছেন কিনা, প্রশিক্ষণের ফলে শিক্ষার গুণগত মানোন্নয়ন হচ্ছে কিনা তা মূল্যায়ন করা এবং প্রাপ্ত সুপারিশের আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য গবেষণা খুবই প্রয়োজন। তাই দেশের প্রতিথযশা গবেষণা প্রতিষ্ঠান ‘শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় এর মাধ্যমে বিএমটিটিআই পরিচালিত অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা মূল্যায়নের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়। আইইআর এর অধ্যাপক ড. মো. ফজলুর রহমানের নেতৃত্বে গবেষণা দল প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ করে গবেষণার যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক গবেষণা পরিচালনা করেন এবং একটি খসড়া প্রতিবেদন প্রস্তুত করেন। খসড়া প্রতিবেদনের উপর দেশের খ্যাতনামা প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট তথ্যজ্ঞ ও অভিজ্ঞ ব্যক্তিবর্গকে নিয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় পর্যালোচনা ও বিশেষজ্ঞগণের মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় পরিমার্জন করে গবেষণা প্রতিবেদনটি চূড়ান্ত করা হয়েছে।

এ প্রতিবেদনের সুপারিশের আলোকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সের মডিউল, ম্যানুয়াল এবং প্রশিক্ষণ পদ্ধতিতে প্রয়োজনীয় পরিবর্তন ও পরিমার্জনের মাধ্যমে প্রশিক্ষণকে অধিকতর কার্যকর ও ফলপ্রসূ করা হবে।

গবেষণা কর্মটি সুষ্ঠুভাবে পরিচালনায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয়, আইইআর এর পরিচালক ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়সহ এ গবেষণার সাথে সংশ্লিষ্ট সকলকে মোবারকবাদ জানাচ্ছি। ভবিষ্যতেও বিএমটিটিআই এর মাধ্যমে মাদ্রাসা শিক্ষা সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা কার্যক্রম অব্যাহত রাখা হবে সে প্রত্যাশা ব্যক্ত করছি। মহান আল্লাহ আমাদের সকল প্রচেষ্টা কবুল করুন।

প্রফেসর মাহমুদুল হক-১০৬২

অধ্যক্ষ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
বোর্ডবাজার, গাজীপুর।

সূচিপত্র

সারণিসূচি.....	7
চিত্রসূচি.....	Error! Bookmark not defined.
প্রতিবেদনের সারাংশ (Executive Summary):	9
অধ্যায়-১: গবেষণা পরিচিতি	১০
১.১ ভূমিকা	১০
১.২ গবেষণার প্রেক্ষাপট	১১
১.৩ প্রশিক্ষণ কোর্সের পরিচিতি.....	১২
১.৩.১ প্রশিক্ষণের উদ্দেশ্য.....	১২
১.৩.২ প্রশিক্ষণের বিষয়বস্তু	১২
১.৩.৩ প্রশিক্ষণের পদ্ধতি	১৩
১.৩.৪ মূল্যায়ন পদ্ধতি	১৩
১.৩.৫ প্রশিক্ষক ও পরিচালনা কাঠামো.....	১৩
১.৩.৬ কোর্সের বিষয়বস্তু.....	১৩
অধ্যায়-২: গবেষণা পদ্ধতি (Methodology).....	১৫
২.১ গবেষণার নকশা (Research Design).....	১৫
২.২ নমুনা নির্বাচন ও অংশগ্রহণকারীরা (Sample Selection & Participants).....	১৬
২.৩ নমুনার আকার:.....	১৬
২.৩ নমুনা ও নমুনা নির্বাচন পদ্ধতি.....	১৭
২.৪ তথ্য সংগ্রহের কৌশল (Data Collection Methods).....	১৭
২.৫ তথ্য বিশ্লেষণ (Data Analysis).....	১৮
অধ্যায়-৩: গবেষণার ফলাফল	১৯
৩.১ আরবি বিষয়ে অনলাইন কোর্স সম্পর্কিত উপলব্ধি.....	১৯
৩.২ গবেষণার ফলাফল (Research Findings): সহকারি শিক্ষক.....	২০
৩.২.১ আরবিতে কুশল বিনিময় ও আন্তঃক্রিয়া করার দক্ষতা	২০
৩.২.২ শিক্ষকদের আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা	২১
৩.২.৩ শিক্ষকদের আরবি শব্দের সাবলীল ব্যবহার করার দক্ষতা	২২
৩.২.৪ আরবিতে বাক্য গঠন করতে পারার দক্ষতা.....	২২
৩.২.৫ আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করার দক্ষতা	২৩
৩.২.৬ শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ ও কথা বলার জন্য উৎসাহ প্রদান	২৪
৩.২.৭ শ্রেণীকক্ষে আরবিতে পাঠদান	২৫
৩.২.৮ শিক্ষার্থীদের শিখন অর্জনের মূল্যায়ন	২৬

৩.২.৯ ফলাফলের সারাংশ.....	২৬
৩.৩ সহকারি শিক্ষকদের ভাষাগত দক্ষতা নিরূপণে মূল্যায়ন অভিক্ষার ফলাফল	২৭
৩.৩.১ শোনার দক্ষতা.....	২৭
৩.৩.২ বলার দক্ষতা.....	২৮
৩.৩.৩ পড়ার দক্ষতা.....	২৮
৩.৩.৪ লেখার দক্ষতা.....	২৯
৩.৩.৫ ফলাফলের সারাংশ	৩১
৩.৪ গবেষণার ফলাফল (Research Findings): প্রভাষক (Lecturer).....	৩১
৩.৪.১ আরবিতে কুশল বিনিময় ও আন্তঃক্রিয়া করার দক্ষতা.....	৩২
৩.৪.২ আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা	৩৩
৩.৪.৩ আরবি শব্দের সাবলীল ব্যবহার করার দক্ষতা.....	৩৪
৩.৪.৪ আরবিতে বাক্য গঠন করতে পারার দক্ষতা.....	৩৫
৩.৪.৫ আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করার দক্ষতা	৩৬
শ্রেণীকক্ষে আরবিতে পাঠদান.....	৩৮
৩.৪.৮ শিক্ষার্থীদের শিখন অর্জনের মূল্যায়ন করার দক্ষতা.....	৩৯
৩.৪.৯ ফলাফলের সারাংশ.....	৪০
৩.৫ প্রভাষকদের ভাষাগত দক্ষতা নিরূপণে মূল্যায়ন অভিক্ষার ফলাফল	৪১
৩.৫.১ শোনার দক্ষতা.....	৪১
৩.৫.২ বলার দক্ষতা.....	৪১
৩.৫.৩ পড়ার দক্ষতা.....	৪২
৩.৫.৪ লেখার দক্ষতা	৪৩
৩.৫.৫ ফলাফলের সারাংশ	৪৫
অধ্যায়-০৪: প্রধান গবেষণা ফলাফল ও সুপারিশমালা.....	৪৬
৪.১ প্রধান গবেষণা ফলাফলঃ সহকারি শিক্ষক.....	৪৬
৪.২ প্রধান গবেষণা ফলাফলঃ প্রভাষক	৪৭
৪.৩ সুপারিশসমূহ.....	৪৮
অধ্যায়-০৫: গবেষণার সীমাবদ্ধতা ও তাৎপর্য	৫০
৫.১ গবেষণার সীমাবদ্ধতা.....	৫০
৫.২ গবেষণার তাৎপর্য (Implications of the Study).....	৫০
৫.৩ উপসংহার (Conclusion).....	৫১
সংযুক্তিঃ সারণিসমূহ.....	৫২

* সারণিসূচি *

সারণি শিরোনাম

পৃষ্ঠা নং

সারণি ১- আরবি বিষয়ক অনলাইন কোর্সের বিষয়বস্তু	৭
সারণি ২- আরবি বিষয়ক অনলাইন কোর্সের বিষয়বস্তু	৯
সারণি ৩- তথ্যের উৎস	১০
সারণি ৪- নমুনা আকার ও নমুনা নির্বাচন পদ্ধতি	১২
সারণি ৫- তথ্য উৎস ও তথ্য সংগ্রহের সরঞ্জাম	১৩
সারণি ৬- আরবি বিষয়ে অনলাইন কোর্স সম্পর্কিত উপলব্ধিঃ সহকারি শিক্ষক	১৫
সারণি ৭- আরবি বিষয়ে অনলাইন কোর্স সম্পর্কিত উপলব্ধিঃ প্রভাষক	১৫
ছক ৮- সহকারি শিক্ষকদের অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা মূল্যায়নের স্যাম্পল সাইজ	১৬
সারণি ৯- শোনার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	২৬
সারণি ১০- বলার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	২৭
সারণি ১১- বলার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	২৮
সারণি ১২- আরবিতে বাক্য লিখতে পারার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	২৯
সারণি ১৩- আরবিতে ইবারত ব্যাখ্যা করতে পারার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	২৯
সারণি ১৪- ই'রাব ও হরকতসহ আরবি লিখতে পারার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	৩০
সারণি ১৫- প্রভাষকদের অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা মূল্যায়নের স্যাম্পল সাইজ	৩১
সারণি ১৬- শোনার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	৪২
সারণি ১৭- বলার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	৪৩
সারণি ১৮- পড়ার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	৪৪
সারণি ১৯- আরবিতে বাক্য লিখতে পারার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত প্রভাষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	৪৫
সারণি ২০- আরবিতে ইবারত ব্যাখ্যা করার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত প্রভাষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	৪৬
সারণি ২১- ই'রাব ও হরকতসহ আরবি লিখতে পারার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত প্রভাষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	৪৬

প্রতিবেদনের সারসংক্ষেপ (Executive Summary)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTI) কর্তৃক বাস্তবায়িত “অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স”—এর কার্যকারিতা মূল্যায়নের উদ্দেশ্যে এই গবেষণা পরিচালিত হয়। কোর্সটি সহকারী শিক্ষক ও প্রভাষকদের আরবি ভাষাগত চারটি মূল দক্ষতা—শোনার, বলার, পড়ার ও লেখার—উন্নয়নের লক্ষ্যে ডিজাইন করা হয়। এটি একটি স্ব-গতি সম্পন্ন (self-paced) অনলাইন প্রশিক্ষণ কোর্স, যাতে ভিডিও পাঠ, পাঠ-পরবর্তী অনুশীলন, মূল্যায়ন কুইজ, এবং সম্পূর্ণ পাঠ্য উপকরণ অন্তর্ভুক্ত ছিল। প্রশিক্ষণে দেশের বিভিন্ন জেলার দাখিল ও আলিম স্তরের সহকারী শিক্ষক ও প্রভাষকগণ অংশগ্রহণ করেন। কোর্সটির উদ্দেশ্য ছিল শিক্ষকদের আরবি ভাষা ব্যবহারে আত্মবিশ্বাসী করে তোলা এবং শ্রেণিকক্ষে ভাষার ব্যবহারিক প্রয়োগে সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে শিক্ষার্থীদেরও আরবি ভাষায় দক্ষ করে তোলা। সাম্প্রতিক জাতীয় পাঠ্যক্রমে ভাষাভিত্তিক শিক্ষায় দক্ষতার উপর জোর দেওয়ার প্রেক্ষাপটে এই গবেষণা একটি সমন্বয়যোগ্য উদ্যোগ হিসেবে বিবেচিত হয়।

এই গবেষণা একটি পরিমাণগত (quantitative) গবেষণা, যেখানে প্রশিক্ষণের কার্যকারিতা পরিমাপের জন্য অনলাইন সার্ভে, শ্রেণিকক্ষ পারফরম্যান্স ভিত্তিক স্কোরিং এবং ভাষাগত দক্ষতা যাচাইয়ের জন্য মানদণ্ডভিত্তিক মূল্যায়ন অভিজ্ঞা ব্যবহার করা হয়। সহকারী শিক্ষক ও প্রভাষকদের প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন দুই গোষ্ঠী নিয়ে গড় স্কোর ও তুলনামূলক বিশ্লেষণের মাধ্যমে ফলাফল নির্ধারণ করা হয়। শ্রেণিকক্ষে শিক্ষাদান ও শিক্ষার্থীদের অংশগ্রহণ নির্ণয়ে নির্দিষ্ট স্কেল ও উপাত্ত সংগ্রহ ফরম ব্যবহার করে তথ্য সংগ্রহ করা হয়েছে।

গবেষণার প্রথম উদ্দেশ্য ছিল, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবি ভাষাগত দক্ষতার অগ্রগতি নিরূপণ করা। এই পর্যায়ে দেখা যায়, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা বলার দক্ষতা, মৌলিক শব্দভাণ্ডার ব্যবহার, বাক্য গঠন, এবং ই-রাব ও হরকতসহ লিখনের ক্ষেত্রে প্রশিক্ষণবিহীনদের তুলনায় তুলনামূলকভাবে ভালো পারফর্ম করেছেন। তবে শ্রবণ, পাঠ অনুধাবন এবং ইবারত ব্যাখ্যার মতো বিশ্লেষণমুখী দক্ষতায় প্রশিক্ষণের প্রভাব সীমিত ছিল। এমনকি কিছু ক্ষেত্রে প্রশিক্ষণবিহীন শিক্ষকরা বেশি কার্যকর প্রমাণিত হয়েছেন, যা প্রশিক্ষণের বিষয়বস্তু ও পদ্ধতির পর্যালোচনার প্রয়োজনীয়তা নির্দেশ করে।

দ্বিতীয় উদ্দেশ্য ছিল, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা শ্রেণিকক্ষে আরবি ভাষায় পাঠদান কার্যক্রম পরিচালনায় কতটুকু দক্ষতা অর্জন করেছেন তা নিরূপণ করা। গবেষণায় দেখা গেছে, অনেক প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক পাঠ উপস্থাপনায় আত্মবিশ্বাসী ছিলেন এবং আরবি ভাষায় মৌলিক নির্দেশনা ও অনুবাদে পারদর্শিতা দেখিয়েছেন। তবে উচ্চারণ, ধারাবাহিক ভাষা ব্যবহার, শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণে উৎসাহ দেওয়া, এবং শ্রেণিকক্ষে আরবির বাস্তব প্রাসঙ্গিকতা বজায় রাখার ক্ষেত্রে তাদের কিছু সীমাবদ্ধতা পরিলক্ষিত হয়। এ থেকে বোঝা যায় যে প্রশিক্ষণের অর্জিত জ্ঞান ও দক্ষতা শ্রেণিকক্ষে পুরোপুরি প্রতিফলিত হয়নি।

তৃতীয় উদ্দেশ্য ছিল, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ শ্রেণিকক্ষে শিক্ষার্থীদেরকে আরবি ভাষা ব্যবহারে উদ্বুদ্ধ করতে কতটুকু সক্ষম হয়েছেন তা বিশ্লেষণ করা। গবেষণায় উঠে এসেছে যে, শিক্ষকরা আরবি ভাষা ব্যবহারকে উৎসাহিত করতে সচেষ্ট ছিলেন এবং মৌলিক কথোপকথন, শব্দ অনুশীলন, ও প্রশ্নোত্তর প্রক্রিয়ায় শিক্ষার্থীদের সম্পৃক্ত করতে চেয়েছেন। তবে পর্যবেক্ষণে দেখা গেছে যে এসব কার্যক্রম অনেক ক্ষেত্রে ছিল অনিয়মিত ও অপ্রতিস্পর্ধী। ফলে ভাষাগত অগ্রগতি তৈরি হলেও তা সবসময় টেকসই হয়নি। শিক্ষার্থীদের মাঝে ভাষা ব্যবহারে ধারাবাহিক চর্চার পরিবেশ গড়ে তুলতে কাঠামোবদ্ধ অনুশীলন ও পরিচালন কাঠামোর ঘাটতি স্পষ্টভাবে চিহ্নিত হয়।

গবেষণার ভিত্তিতে বেশ কিছু সুপারিশ উত্থাপন করা হয়েছে, যা প্রশিক্ষণ কাঠামোর প্রাতিষ্ঠানিক ও পদ্ধতিগত উন্নয়নের দিকে ইঙ্গিত করে। যেমন—(১) প্রশিক্ষণের পূর্বে প্রয়োজনভিত্তিক বিশ্লেষণ (Need Analysis) অন্তর্ভুক্ত করা, (২) একটি আনুষ্ঠানিক প্রশিক্ষণ নির্দেশিকা বা Training Manual প্রণয়ন করা, যেখানে বিষয়বস্তু, শিক্ষণ লক্ষ্য, মূল্যায়ন পদ্ধতি ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে, (৩) প্রশিক্ষকদের জন্য প্রাতিষ্ঠানিক Training of Trainers (ToT) কার্যক্রম চালু করা, এবং (৪) প্রশিক্ষণের প্রভাব পর্যবেক্ষণের জন্য ফলাফলভিত্তিক পর্যবেক্ষণ ও ট্র্যাকিং ব্যবস্থা অন্তর্ভুক্ত করা। এছাড়া, প্রশিক্ষণ ও শ্রেণিকক্ষে বাস্তব প্রয়োগের মধ্যকার ব্যবধান আরও গভীরভাবে অনুধাবনের জন্য অনুসন্ধানমূলক গবেষণার পরামর্শ দেওয়া হয়েছে। পাশাপাশি প্রশিক্ষণে Classroom Application Modalities সংযোজন-যেমন বাস্তব পাঠদানের অনুশীলন, কেস স্টাডি, ফলো-আপ কোচিং, এবং পেশাগত শিক্ষণ সম্প্রদায় (PLC) গঠন-শিক্ষকদের অর্জিত দক্ষতা শ্রেণিকক্ষে কার্যকরভাবে প্রয়োগে সহায়ক হবে।

সার্বিকভাবে, এই গবেষণা অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কার্যক্রমের অর্জন, সীমাবদ্ধতা ও ভবিষ্যৎ উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিত করে একটি প্রমাণভিত্তিক বিশ্লেষণ উপস্থাপন করেছে। প্রশিক্ষণকে টেকসই ও শ্রেণিকক্ষে বাস্তবভিত্তিক প্রভাব সৃষ্টিকারী হিসেবে গড়ে তুলতে হলে একটি কাঠামোবদ্ধ, প্রয়োগমুখী ও ধারাবাহিক নীতিগত পরিকল্পনার প্রয়োজন রয়েছে।

অধ্যায়-১

গবেষণা পরিচিতি

১.১ ভূমিকা

বাংলাদেশের মাদ্রাসা শিক্ষা শতাব্দীর পর শতাব্দী ধরে চলে আসা একটি ঐতিহ্যবাহী শিক্ষাব্যবস্থা, যার মূল ভিত্তি কুরআন ও হাদিস। ধর্মীয় অনুশাসন, নৈতিকতা ও জ্ঞানচর্চার অন্যতম মাধ্যম হিসেবে মাদ্রাসাগুলোতে আরবি ভাষার গুরুত্ব অপরিসীম। কুরআন ও হাদিস আরবি ভাষায় রচিত হওয়ায়, ইসলামী জ্ঞানার্জনের ক্ষেত্রে আরবি ভাষা জানা অত্যন্ত প্রয়োজনীয়। তবে, দীর্ঘকাল ধরে আরবি ভাষা শিক্ষা মাদ্রাসার পাঠ্যক্রমের অংশ হলেও এটি মূলত ধর্মীয় গ্রন্থের পাঠ ও ব্যাখ্যার মধ্যে সীমাবদ্ধ ছিল। ফলে শিক্ষার্থীরা আরবি ভাষার মৌলিক দক্ষতা অর্জনে পিছিয়ে পড়েছে, বিশেষত শোনা ও বলার ক্ষেত্রে। ভাষা শিক্ষার ক্ষেত্রে চারটি মৌলিক দক্ষতা-শোনা, বলা, পড়া ও লেখা-অর্জন করা প্রয়োজন। কিন্তু বাংলাদেশের মাদ্রাসাগুলোতে আরবি ভাষা শিক্ষা সাধারণত পড়া ও লিখার মধ্যে সীমাবদ্ধ থাকে। ফলে দীর্ঘ ১০-১৫ বছর আরবি ভাষা অধ্যয়ন করেও শিক্ষার্থীরা মৌখিক ও শ্রবণ দক্ষতা অর্জনে ব্যর্থ হয়, যা বাস্তব জীবনে আরবি ভাষা ব্যবহারের ক্ষেত্রে একটি বড় প্রতিবন্ধকতা সৃষ্টি করে।

আন্তর্জাতিক পরিমণ্ডলে আরবি ভাষার গুরুত্ব দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বিশেষত, তেলসমৃদ্ধ আরব দেশগুলোর সঙ্গে বাংলাদেশের রাজনৈতিক, অর্থনৈতিক ও শ্রমবাজার-সংক্রান্ত সম্পর্ক ক্রমাগত সম্প্রসারিত হচ্ছে। বাংলাদেশের একটি বিশাল জনগোষ্ঠী কর্মসংস্থানের লক্ষ্যে প্রতি বছর সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার, কুয়েত, ওমান এবং বাহরাইনের মতো আরবভাষী দেশে গমন করে। কিন্তু ভাষাগত দক্ষতার অভাবে তারা কাজক্ষিত আর্থিক ও পেশাগত সুবিধা লাভ করতে ব্যর্থ হয়। চাকরির বাজারে প্রতিযোগিতায় টিকে থাকা এবং উন্নত বেতনের সুযোগ পাওয়ার জন্য আরবি ভাষার মৌখিক দক্ষতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শ্রমজীবী মানুষের পাশাপাশি ব্যবসায়ী, শিক্ষার্থী এবং বিভিন্ন পেশার মানুষও আরবি ভাষা শেখার প্রয়োজনীয়তা অনুভব করে। তবে, বাংলাদেশের প্রচলিত মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় আরবি ভাষাকে কার্যকর যোগাযোগের মাধ্যম হিসেবে শেখানোর তেমন কোনো উদ্যোগ দীর্ঘদিন ধরে গৃহীত হয়নি।

মধ্যযুগে উপমহাদেশের মাদ্রাসাগুলোতে আরবি ভাষার পাঠদান সাধারণত ফার্সি ও পরে উর্দু ভাষার মাধ্যমে হতো। স্বাধীনতার পর বাংলাদেশে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার ব্যাপক সম্প্রসারণ ঘটলেও, ভাষা শিক্ষার আধুনিক পদ্ধতি অনুসরণ করা হয়নি। ফলে, শিক্ষার্থীরা আরবি ভাষা অধ্যয়ন করলেও তারা এই ভাষাকে ব্যবহারিকভাবে প্রয়োগ করতে পারছে না। আধুনিক ভাষা শিক্ষার পদ্ধতিতে শোনা ও বলার ওপর অধিক গুরুত্ব দেওয়া হয়, কারণ এগুলো ভাষা ব্যবহারের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান। তবে, বাংলাদেশের মাদ্রাসাগুলোতে এই দুই দক্ষতার চর্চা তেমনভাবে করা হয় না। ভাষা শেখার ক্ষেত্রে যোগাযোগভিত্তিক শিক্ষা পদ্ধতির প্রয়োজনীয়তা বিবেচনা করে, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনায়, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) সহকারি মৌলভী ও প্রভাষকদের জন্য অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স চালু করে। এই প্রকল্পের মূল লক্ষ্য ছিল শিক্ষকদের আরবি ভাষার মৌখিক দক্ষতা বৃদ্ধি করা, যাতে তারা ভবিষ্যতে শিক্ষার্থীদেরকে বাস্তব জীবনে ভাষার প্রয়োগ শেখাতে পারেন।

এই প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের ফলে মাদ্রাসা শিক্ষকদের ভাষাগত দক্ষতায় গুরুত্বপূর্ণ পরিবর্তন এসেছে। প্রশিক্ষণের শুরুতে অধিকাংশ শিক্ষকই আরবি ভাষায় সাবলীলভাবে কথা বলতে সংকোচবোধ করতেন। প্রশিক্ষণ শেষে দেখা গেছে, তাদের আত্মবিশ্বাস বৃদ্ধি পেয়েছে এবং তারা শ্রেণিকক্ষে শিক্ষার্থীদেরকে আরবিতে কথা বলতে উদ্বুদ্ধ করতে সক্ষম হয়েছেন। শিক্ষকদের প্রায় ৮০ শতাংশ আরবি ভাষায় শোনা ও বলার ক্ষেত্রে দক্ষতা অর্জন করেছেন, যা প্রশিক্ষণের অন্যতম গুরুত্বপূর্ণ সাফল্য। এই প্রশিক্ষণের ফলে শ্রেণিকক্ষে আরবি ভাষার ব্যবহারিক প্রয়োগ বেড়েছে এবং শিক্ষকদের ভাষাগত জড়তা দূর হয়েছে। প্রশিক্ষণের পূর্বে প্রায় ৯৫ শতাংশ শিক্ষক আরবি ভাষায় সাবলীলভাবে কথা বলতে পারতেন না, কিন্তু প্রশিক্ষণ শেষে তারা আরবিতে যোগাযোগের সক্ষমতা অর্জন করেছেন।

এই প্রকল্প অনলাইন শিক্ষার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত স্থাপন করেছে। অংশগ্রহণকারীরা ডিজিটাল লার্নিং টুলস ব্যবহারের সুযোগ পেয়েছেন, যা ভবিষ্যতে মাদ্রাসা শিক্ষার আধুনিকায়নের ক্ষেত্রে সহায়ক হবে। শিক্ষকদের অনলাইন শিক্ষার অভিজ্ঞতা অর্জনের ফলে, তারা নিজেদের পাঠদানের পদ্ধতি উন্নত করতে সক্ষম হচ্ছেন। এটি

শিক্ষার্থীদের জন্যও উপকারী হয়েছে, কারণ প্রশিক্ষিত শিক্ষকরা শ্রেণিকক্ষে আরও দক্ষতার সঙ্গে পাঠদান করতে পারছেন।

এই প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষকদের ভাষাগত দক্ষতা বৃদ্ধির পাশাপাশি, শ্রেণিকক্ষের পরিবেশে পরিবর্তন এসেছে। শিক্ষকরা এখন আরবি ভাষায় পাঠদান করতে আগ্রহী এবং শিক্ষার্থীদের জন্য একটি বাস্তবিক ভাষা শিক্ষার পরিবেশ তৈরি করছেন। প্রশিক্ষণের সময় শিক্ষকদের আরবি ভাষায় কথোপকথনের কৌশল শেখানো হয়েছে, যা তাদের পাঠদানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। আধুনিক ভাষা শিক্ষার পদ্ধতিগুলো প্রয়োগ করার ফলে, শিক্ষার্থীরাও আরবি ভাষার প্রতি আরও আগ্রহী হয়ে উঠেছে। এই প্রশিক্ষণের ফলে দেখা গেছে, শিক্ষকদের মধ্যে আত্মবিশ্বাস বৃদ্ধি পেয়েছে এবং তারা ভাষার ব্যবহারিক দক্ষতা অর্জনে আরও মনোযোগী হয়েছেন।

এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে মাদ্রাসা শিক্ষার একটি নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। ভাষা শিক্ষার আধুনিক পদ্ধতি অনুসরণ করার ফলে, শিক্ষকেরা শ্রেণিকক্ষে আরবি ভাষার ব্যবহারিক প্রয়োগ বাড়াচ্ছেন এবং শিক্ষার্থীদেরকে আরও বেশি উৎসাহিত করছেন। তবে, এই প্রশিক্ষণের আওতা আরও বাড়ানো হলে এবং নিয়মিত ফলো-আপ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হলে এটি আরও কার্যকর হতে পারে। ভবিষ্যতে এই ধরনের উদ্যোগের মাধ্যমে শিক্ষকদের প্রশিক্ষণ পদ্ধতিকে আরও শক্তিশালী করা হলে, তা শিক্ষার্থীদের জন্যও উপকারী হবে এবং তাদের আন্তর্জাতিক শ্রমবাজারে প্রতিযোগিতা সক্ষম করে তুলবে। বাংলাদেশের মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে আধুনিক বিশ্ব ও শ্রমবাজারের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ করতে এই ধরনের উদ্যোগ আরও ব্যাপক পরিসরে চালু করা প্রয়োজন।

এই প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের ফলে বাংলাদেশের মাদ্রাসা শিক্ষকদের ভাষাগত দক্ষতা বৃদ্ধি পেয়েছে এবং শ্রেণিকক্ষে আরবি ভাষার ব্যবহার উল্লেখযোগ্যভাবে বেড়েছে। এটি শিক্ষার্থীদের ভাষা শিক্ষার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ফলে, এই প্রশিক্ষণ কর্মসূচির সফল বাস্তবায়ন বাংলাদেশের মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় একটি ইতিবাচক পরিবর্তন এনেছে, যা ভবিষ্যতে আরও সম্প্রসারিত হলে আরও কার্যকর হবে।

১.২ গবেষণার প্রেক্ষাপট

বাংলাদেশের শিক্ষাব্যবস্থা বহুমাত্রিক ও বৈচিত্র্যময়, যেখানে ধর্মীয় শিক্ষার ক্ষেত্রে মাদ্রাসা শিক্ষা একটি গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। মাদ্রাসা শিক্ষার মূল কাঠামো কুরআন ও হাদিসের ওপর ভিত্তি করে গঠিত, এবং এ কারণে আরবি ভাষা শিক্ষা মাদ্রাসাগুলোর জন্য একটি আবশ্যিক বিষয়। দীর্ঘদিন ধরে মাদ্রাসা শিক্ষায় আরবি ভাষা পাঠদান করা হলেও, এটি মূলত ধর্মীয় গ্রন্থের পাঠ ও ব্যাখ্যার মধ্যে সীমাবদ্ধ ছিল। ফলে মাদ্রাসা শিক্ষার্থীরা ভাষার মৌলিক দক্ষতা অর্জনে বিশেষত শোনা ও বলার ক্ষেত্রে উল্লেখযোগ্য ঘাটতির সম্মুখীন হয়েছে। অথচ, আধুনিক ভাষা শিক্ষার অন্যতম গুরুত্বপূর্ণ দিক হলো শ্রবণ ও বাক-দক্ষতা, যা ভাষাকে ব্যবহারিক ও কার্যকর যোগাযোগের মাধ্যম হিসেবে গড়ে তুলতে সহায়তা করে।

বিশ্বব্যাপী আরবি ভাষার গুরুত্ব দিন দিন বৃদ্ধি পাচ্ছে। আরব দেশগুলোর অর্থনৈতিক শক্তি এবং বৈশ্বিক শ্রমবাজারে বাংলাদেশের ক্রমবর্ধমান অংশগ্রহণের কারণে আরবি ভাষার ব্যবহারিক দক্ষতা অর্জন অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। প্রতি বছর লক্ষাধিক বাংলাদেশি কর্মী, শিক্ষার্থী এবং ব্যবসায়ী সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার, কুয়েত, ওমান ও বাহরাইনের মতো আরবভাষী দেশগুলোতে গমন করেন। তবে, ভাষাগত দক্ষতার অভাবে তারা কর্মক্ষেত্রে যথাযথ সুযোগ ও সুবিধা থেকে বঞ্চিত হন। আধুনিক বিশ্বের শ্রমবাজারে প্রতিযোগিতা সক্ষমতা অর্জনের জন্য মৌখিক ও লিখিত উভয় ধরনের ভাষাগত দক্ষতা থাকা আবশ্যিক। কিন্তু বাংলাদেশের প্রচলিত মাদ্রাসা শিক্ষাব্যবস্থায় আরবি ভাষার মৌখিক ব্যবহারের ওপর যথাযথ গুরুত্ব প্রদান করা হয়নি, ফলে শিক্ষার্থীরা ভাষা শিখলেও বাস্তবিক প্রয়োগে ব্যর্থ হয়।

ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে, মধ্যযুগে উপমহাদেশের মাদ্রাসাগুলোতে আরবি ভাষার পাঠদান সাধারণত ফার্সি ও পরে উর্দু ভাষার মাধ্যমে হতো। উপনিবেশিক শাসনামলে আরবি ভাষার গুরুত্ব কমে গিয়ে ইংরেজি, বাংলা এবং উর্দুর ওপর অধিক গুরুত্ব দেওয়া হয়। স্বাধীনতার পর মাদ্রাসা শিক্ষাব্যবস্থার সম্প্রসারণ ঘটলেও, আরবি ভাষার মৌখিক ও ব্যবহারিক শিক্ষার ক্ষেত্রে বিশেষ কোনো উদ্যোগ গৃহীত হয়নি। শিক্ষার্থীরা সাধারণত দীর্ঘ ১০-১৫ বছর আরবি ভাষা অধ্যয়ন করলেও বাস্তব জীবনে এর ব্যবহার করতে পারে না। ফলে, তাদের ভাষাগত দক্ষতা মৌলিক পাঠ্যপুস্তকের অনুবাদ ও ব্যাখ্যার মধ্যে সীমাবদ্ধ থাকে।

বর্তমান বিশ্বে ভাষা শিক্ষার ক্ষেত্রে আধুনিক গবেষণা বলছে যে, ভাষা দক্ষতার উন্নতির জন্য চারটি প্রধান দক্ষতা-শোনা, বলা, পড়া ও লেখা-অর্জন করা আবশ্যিক। কিন্তু বাংলাদেশের মাদ্রাসা শিক্ষায় প্রচলিত পদ্ধতিগুলো সাধারণত ব্যাকরণ ও লিখিত অনুশীলনের ওপর বেশি জোর দেয়, যার ফলে শিক্ষার্থীরা আরবি ভাষার মৌখিক দক্ষতা অর্জনে ব্যর্থ হয়। শ্রেণিকক্ষে আরবি ভাষার প্রয়োগ অত্যন্ত সীমিত, এবং বেশিরভাগ ক্ষেত্রে শিক্ষার্থীরা শুধুমাত্র লিখিত পরীক্ষা বা ব্যাখ্যার মধ্যেই সীমাবদ্ধ থাকে। এই পরিস্থিতি বিবেচনা করে, শিক্ষা মন্ত্রণালয়ের

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনায়, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) মাদ্রাসার সহকারি মৌলভী ও প্রভাষকদের জন্য অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স চালু করে।

এই গবেষণার মূল প্রেক্ষাপট হলো, বাংলাদেশের মাদ্রাসা শিক্ষকদের আরবি ভাষার মৌখিক দক্ষতা উন্নয়নের মাধ্যমে শিক্ষার্থীদের জন্য আরও কার্যকর ভাষা শিক্ষার পরিবেশ তৈরি করা। এই প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষকদের ভাষাগত দক্ষতা বৃদ্ধি পেলে, তা ভবিষ্যতে শিক্ষার্থীদের আরবি ভাষার বাস্তবিক প্রয়োগে সহায়তা করবে। শ্রেণিকক্ষে শিক্ষকদের আরবি ভাষা ব্যবহারের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে শিক্ষার্থীরা ভাষাটি আরও ভালোভাবে রপ্ত করতে পারবে এবং আন্তর্জাতিক শ্রমবাজারে প্রতিযোগিতায় টিকে থাকার যোগ্যতা অর্জন করবে।

এই গবেষণায় আরও অনুসন্ধান করা হবে যে, কীভাবে অনলাইন প্রশিক্ষণ পদ্ধতি শিক্ষকদের দক্ষতা বৃদ্ধিতে ভূমিকা রাখতে পারে এবং কীভাবে ভাষা শিক্ষার আধুনিক পদ্ধতিগুলো মাদ্রাসার শিক্ষাব্যবস্থায় কার্যকরভাবে একীভূত করা যেতে পারে। ভাষাগত দক্ষতার ঘাটতি দূর করার লক্ষ্যে এই প্রকল্পের ভূমিকা, প্রভাব এবং ভবিষ্যৎ সম্ভাবনা বিশ্লেষণ করা হবে, যাতে বাংলাদেশের মাদ্রাসা শিক্ষাকে আধুনিক বিশ্ব ও শ্রমবাজারের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ করা যায়।

১.৩ প্রশিক্ষণ কোর্সের পরিচিতি

বাংলাদেশের মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা ইসলামী জ্ঞানার্জনের একটি প্রধান মাধ্যম হিসেবে শতাব্দীর পর শতাব্দী ধরে পরিচালিত হয়ে আসছে। কুরআন ও হাদিসের ভাষা হিসেবে আরবি ভাষার গুরুত্ব অপরিসীম, তবে প্রচলিত শিক্ষাব্যবস্থায় দীর্ঘ ১০-১৫ বছর আরবি ভাষা অধ্যয়ন করেও শিক্ষার্থীরা মৌখিক দক্ষতা অর্জনে ব্যর্থ হয়। ভাষার চারটি মৌলিক দক্ষতা—শোনা, বলা, পড়া ও লেখা—অর্জনের প্রয়োজনীয়তা স্বীকৃত হলেও, মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় আরবি ভাষার শ্রবণ ও বাক-দক্ষতার অনুশীলন তুলনামূলকভাবে উপেক্ষিত হয়ে এসেছে। এই ঘাটতি পূরণ ও শিক্ষকদের ভাষাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনায় "অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স" চালু করেছে।

এই প্রশিক্ষণ কার্যক্রমটি অনলাইনভিত্তিক, যা মাদ্রাসার সহকারি মৌলভী ও প্রভাষকদের জন্য ডিজাইন করা হয়েছে। প্রতি ব্যাচে ৩০ জন প্রশিক্ষার্থী অংশগ্রহণ করেন এবং প্রশিক্ষণটি ৩৬ কর্মদিবসব্যাপী পরিচালিত হয়, যেখানে প্রতিদিন ২ ঘণ্টার একটি অনলাইন সেশন পরিচালিত হয়। মোট ৪,০০০ জন শিক্ষক এই কোর্সে প্রশিক্ষিত হয়েছেন, যা মাদ্রাসা শিক্ষকদের ভাষাগত দক্ষতা বৃদ্ধিতে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

১.৩.১ প্রশিক্ষণের উদ্দেশ্য

এই প্রশিক্ষণ কোর্সের মূল উদ্দেশ্য হলো শিক্ষকদের আরবি ভাষার মৌখিক দক্ষতা বৃদ্ধি করা এবং তাদেরকে শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের কার্যকর ভাষা শিক্ষার পরিবেশ তৈরিতে সহায়তা করা। কোর্সের প্রধান উদ্দেশ্যগুলো হলো-

- মাদ্রাসায় কর্মরত সহকারি মৌলভী ও প্রভাষকদের আরবি ভাষার দক্ষতা বিশেষত শোনা, বলা, পড়া, ও লেখার দক্ষতা বৃদ্ধি করা।
- শ্রেণিকক্ষে আরবি ভাষায় পাঠদানের সক্ষমতা অর্জন করা এবং শিক্ষার্থীদের ভাষার ব্যবহারিক প্রয়োগ শেখানো।
- শিক্ষকদের ভাষাগত জড়তা দূর করা এবং শিক্ষার্থীদেরকে আরবি ভাষায় কথোপকথনে উদ্বুদ্ধ করা।
- আধুনিক ভাষা শিক্ষার কৌশল প্রয়োগ করে শিক্ষকদের পাঠদানের দক্ষতা বৃদ্ধি করা।

১.৩.২ প্রশিক্ষণের বিষয়বস্তু

এই প্রশিক্ষণ কোর্সের পাঠ্যসূচি এমনভাবে নকশা করা হয়েছে, যাতে শিক্ষকরা ভাষার মৌলিক দক্ষতা অর্জনের পাশাপাশি বাস্তব জীবনের বিভিন্ন প্রসঙ্গে ভাষার প্রয়োগ শিখতে পারেন। প্রশিক্ষণের প্রধান বিষয়বস্তুগুলোর মধ্যে রয়েছে-

- দৈনন্দিন জীবনের সাথে সম্পর্কিত বিষয়াদি, যেমন বাংলাদেশের প্রকৃতি, সমাজ, মুক্তিযুদ্ধ, ভাষা আন্দোলন, ইতিহাস, সংস্কৃতি ও আন্তর্জাতিক ঘটনাবলী।
- দাখিল ও আলিম স্তরের পাঠ্যপুস্তকের বিভিন্ন বিষয়বস্তুকে আরবি ভাষায় উপস্থাপন ও ব্যাকরণের মৌলিক বিশ্লেষণ।

১.৩.৩ প্রশিক্ষণের পদ্ধতি

এই প্রশিক্ষণ কার্যক্রম শিক্ষক-কেন্দ্রিক এবং আন্তঃক্রিয়ামূলক। প্রশিক্ষণের সময় শিক্ষকদেরকে ভাষার অনুশীলনে উদ্বুদ্ধ করা হয় এবং তারা বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে শেখার সুযোগ পান।

- একক উপস্থাপন: প্রশিক্ষণার্থীরা নির্ধারিত বিষয়ের ওপর সহজ-সরল ভাষায় উপস্থাপনা করেন।
 - প্রশ্নোত্তর পর্ব: প্রতিটি সেশনের পর প্রশিক্ষক ও অন্যান্য প্রশিক্ষণার্থীরা প্রশ্নোত্তরের মাধ্যমে ভাষার দক্ষতা বৃদ্ধি করেন।
 - আলোচনা ও বিতর্ক: শিক্ষকদের আলোচনায় সম্পৃক্ত করা হয়, যাতে তারা ভাষার সৃজনশীল প্রয়োগ শিখতে পারেন।
 - ভূমিকাভিনয়: বিভিন্ন বাস্তব পরিস্থিতির প্রতিফলন ঘটিয়ে শিক্ষকদের ভাষা ব্যবহারের চর্চা করানো হয়।
- এই পদ্ধতির ফলে শিক্ষকদের ভাষার ওপর আত্মবিশ্বাস বৃদ্ধি পায় এবং তারা শ্রেণিকক্ষে আরবি ভাষার ব্যবহারিক প্রয়োগের জন্য আরও বেশি অনুপ্রাণিত হন।

১.৩.৪ মূল্যায়ন পদ্ধতি

প্রশিক্ষণের কার্যকারিতা যাচাইয়ের জন্য তিন ধাপে মূল্যায়ন পদ্ধতি অনুসরণ করা হয়-

- প্রাক প্রশিক্ষণ মূল্যায়ন: কোর্স শুরুর আগে শিক্ষকদের ভাষাগত দক্ষতা যাচাই করা হয়। গবেষণায় দেখা যায় যে, ৯৫% শিক্ষক প্রশিক্ষণের শুরুতে আরবি বলতে সংকোচ বোধ করেন এবং গড়ে ২৫%-৩০% নম্বর পান।
- মধ্যবর্তী মূল্যায়ন: প্রতি সপ্তাহ শেষে শিক্ষকদের দক্ষতার অগ্রগতি পর্যালোচনা করা হয়, যেখানে তারা ৬০%-৮০% পর্যন্ত উন্নতি করতে সক্ষম হন।
- চূড়ান্ত মূল্যায়ন: কোর্স শেষে শিক্ষকদের শ্রবণ দক্ষতা, উপস্থাপন, উচ্চারণ, বাক্য গঠন ও মনোভাব মূল্যায়ন করা হয়। সফল অংশগ্রহণকারীরা ৬০%-৯৫% নম্বর পেয়ে কৃতকার্য হন, যা প্রশিক্ষণের সফলতার একটি বড় প্রমাণ। যারা ৬০% এর কম নম্বর পান, তাদেরকে পুনরায় পরীক্ষা দেয়ার সুযোগ প্রদান করা হয় বা পরবর্তী ব্যাচে পুনরায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হয়।

১.৩.৫ প্রশিক্ষক ও পরিচালনা কাঠামো

প্রথম ব্যাচে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর অনুযায়ী সদস্যগণ প্রশিক্ষণ পরিচালনা করলেও, পরবর্তীতে প্রশিক্ষণ কোর্স সফলভাবে সম্পন্ন করা শিক্ষকদের মধ্য থেকে অভিজ্ঞ প্রশিক্ষক নির্বাচিত করা হয়। ফলে শিক্ষার্থীরা বাস্তবিক অভিজ্ঞতার মাধ্যমে ভাষা শিক্ষার নতুন দৃষ্টান্ত স্থাপন করতে সক্ষম হয়েছেন। এখন পর্যন্ত প্রায় ১০০ জন মাদ্রাসার শিক্ষক এই কোর্সে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেছেন, যা কোর্সের সাফল্য ও ধারাবাহিকতার প্রতিফলন।

১.৩.৬ কোর্সের বিষয়বস্তু

সারণি -০১: আরবি বিষয়ক অনলাইন কোর্সের বিষয়বস্তু

দিবস/সেশন	বিষয়বস্তু	মন্তব্য
১	উদ্বোধন অনুষ্ঠান ও কোর্স ব্রিফিং	
২	প্রি-টেস্ট: নিজের পরিচয়, পরিবারের পরিচয় মৌখিকভাবে বাংলা- আরবি অনুবাদ ও শব্দ বিশ্লেষণ	
৩	আরবিতে উপস্থাপন: নিজ গ্রাম, উপজেলা, জেলা, শহর	
৪	আরবি হরফের মাখরাজ (উচ্চারণস্থল)	
৫	আরবি ভোকাবোলারি: প্রাণি, মানবদেহের অঙ্গপ্রত্যঙ্গ, আত্মীয় স্বজন, খাদ্যদ্রব্য, পোশাক পরিচ্ছদ, গৃহস্থালীদ্রব্য	
৬	আরবি গ্রামারের মৌলিক বিষয়: ক্রিয়ার রূপান্তর	
৭	আরবি ভোকাবোলারি:বাড়ির আসবাবপত্র, শিক্ষা, চিকিৎসা, ব্যবসা বাণিজ্য, যগাযোগ, যাতায়াত ইত্যাদি	
৮	সাপ্তাহিক মূল্যায়ন	
৯	আরবি গ্রামারের মৌলিক বিষয়:বিভিন্ন প্রকার অব্যয়, বাক্য প্রকরণ ইত্যাদি	

১০	আরবি গ্রামারের মৌলিক বিষয়:বিভিন্ন প্রকার বিশেষ্য, কর্তা, কর্ম, উদ্দেশ্য , বিধেয় ইত্যাদি	
১১	আরবি গ্রামারের মৌলিক বিষয়:সংখ্যা, আওয়ামিল, বহুবচনের প্রকারভেদ ইত্যাদি	
১২	ভোকাবোলারি গেইম (প্রতিযোগিতা) বাংলা ভাষায় ব্যবহৃত আরবি শব্দ	
১৩	একক উপস্থাপন:নিজ এলাকার প্রসিদ্ধ ব্যক্তি/আলেম/নেতা, নিজ মাদ্রাসার শিক্ষার্থীদের সফলতার বিবরণ, চাকরিজীবনের কোনো আনন্দময় ঘটনা, আমার প্রিয় শিক্ষক, আমরা কেন আরবি ভাষা শিখি?	বিভিন্ন ব্যাচে উপস্থাপনের বিষয়ের কিছুটা পরিবর্তন হয়
১৪	সাণ্ঠাহিক মূল্যায়ন	
১৫	আরবি গ্রামারের মৌলিক বিষয়: মারফুআত, মাসুবাৎ, মাজররাত	
১৬	আরবি পাঠ্যপুস্তক থেকে নির্ধারিত বিষয়বস্তুর উপর পাঠ উপস্থাপন	
১৭	আরবি পাঠ্যপুস্তক থেকে নির্ধারিত বিষয়বস্তুর উপর পাঠ উপস্থাপন	
১৮	আরবি পাঠ্যপুস্তক থেকে নির্ধারিত বিষয়বস্তুর উপর পাঠ উপস্থাপন	
১৯	বাক্য শুদ্ধকরণ	
২০	সাণ্ঠাহিক মূল্যায়ন	
২১	একক উপস্থাপন: পাঠ পরিকল্পনা, পাঠদান পদ্ধতি ও কৌশল, শিক্ষকের দায়িত্ব, শিক্ষকের মর্যাদা, ইত্যাদি।	
২২	একক উপস্থাপন: দেশপ্রেম, বাংলাদেশের মন্ত্রণালয় ও অধিদপ্তরসমূহ, বাংলাদেশের প্রাকৃতিক পরিবেশ, আমার ককসবাজার ভ্রমণ হজ, প্রতিবেশির প্রতি কর্তব্য, সত্যবাদিতা ইত্যাদি	বিভিন্ন ব্যাচে উপস্থাপনের বিষয়ের কিছুটা পরিবর্তন হয়
২৩	আরবি পাঠ্যপুস্তক থেকে নির্ধারিত বিষয়বস্তুর উপর পাঠ উপস্থাপন	
২৪	আরবি গ্রামারের মৌলিক বিষয়:	
২৫	শূন্যস্থান পূরণ করে বাক্য তৈরি	
২৬	সাণ্ঠাহিক মূল্যায়ন	
২৭	কুরআনের নির্ধারিত সুরার শাব্দিক বিশ্লেষণ ও অর্থ	
২৮	নির্ধারিত বিষয়ের উপর একক উপস্থাপন: জাতিসংঘ, দেশপ্রেম, ইন্টারনেট, ইসলামে ভ্রাতৃত্ব, কাবা ও মসজিদে নববি ইত্যাদি।	
২৯	নির্ধারিত বিষয়ে আরবি কথোপকথন: ক্রয় বিক্রয়, বিমানবন্দর, পরিবেশ দূষণ, বাংলাদেশের মুক্তিযুদ্ধ ইত্যাদি	বিভিন্ন ব্যাচে উপস্থাপনের বিষয়ের কিছুটা পরিবর্তন হয়
৩০	সাণ্ঠাহিক মূল্যায়ন	
৩১	শূন্যস্থান পূরণ ও বাক্য তৈরি	
৩২	নির্ধারিত বিষয়ের উপর বিতর্ক অনুষ্ঠান	
৩৩	শব্দ বিশ্লেষণ (কুরআনের সূরা ও বিভিন্ন দুআ)	
৩৪	নির্ধারিত বিষয়ের উপর একক উপস্থাপন: ৭ মার্চের ভাষণ, শিক্ষার্থীর চরিত্র গঠনে শিক্ষকের ভূমিকা, এ কোর্স থেকে কী অর্জন করলাম, এ প্রশিক্ষণ থেকে অর্জিত দক্ষতা কীভাবে মাদ্রাসায় প্রয়োগ করবো, শিক্ষকের দক্ষতা উন্নয়নে বিএমটিটিআই এর ভূমিকা ইত্যাদি।	বিভিন্ন ব্যাচে উপস্থাপনের বিষয়ের কিছুটা পরিবর্তন হয়
৩৫	আরবি পাঠ্যপুস্তক থেকে নির্ধারিত বিষয়বস্তুর উপর পাঠ উপস্থাপন	
৩৬	চূড়ান্ত মূল্যায়ন	

অধ্যায়-২

গবেষণা পদ্ধতি (Methodology)

এই গবেষণায় অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কার্যক্রমের কার্যকারিতা নিরূপণের জন্য পরিমাণগত (Quantitative) গবেষণা পদ্ধতি ব্যবহার করা হয়েছে। যেখানে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের ভাষাগত দক্ষতা ও শ্রেণিকক্ষে আরবি ভাষার ব্যবহার তুলনামূলকভাবে বিশ্লেষণ করা হয়েছে। গবেষণার প্রধান তিনটি উদ্দেশ্য হল-

- ১। প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবি ভাষার দক্ষতা উন্নয়ন কতটুকু কার্যকর হয়েছে তা নিরূপণ করা।
- ২। প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবি ভাষায় শ্রেণি কার্যক্রম পরিচালনায় কতটুকু সক্ষম হয়েছে তা নিরূপণ করা।
- ৩। প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ শ্রেণিকক্ষে শিক্ষার্থীদেরকে আরবি ভাষা ব্যবহারে উদ্বুদ্ধ করতে কতটুকু সক্ষম হয়েছে তা নিরূপণ করা।

সারণি -০২ আরবি বিষয়ক অনলাইন কোর্সের বিষয়বস্তু

উদ্দেশ্যসমূহ	অনুসন্ধানের কৌশল (উদ্দেশ্য পূরণের জন্য ব্যবহৃত তথ্যের ধরন)	সামগ্রিক অনুসন্ধানের কৌশল
উদ্দেশ্য ১: প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবি ভাষার দক্ষতা উন্নয়ন কতটুকু কার্যকর হয়েছে তা নিরূপণ করা।	পরিমাণগত (Quantitative)	পরিমাণগত গবেষণা নকশা (Quantitative Research Design)
উদ্দেশ্য ২: প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবি ভাষায় শ্রেণি কার্যক্রম পরিচালনায় কতটুকু সক্ষম হয়েছে তা নিরূপণ করা।	পরিমাণগত (Quantitative)	পরিমাণগত গবেষণা নকশা (Quantitative Research Design)
উদ্দেশ্য ৩: প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ শ্রেণিকক্ষে শিক্ষার্থীদেরকে আরবি ভাষা ব্যবহারে উদ্বুদ্ধ করতে কতটুকু সক্ষম হয়েছে তা নিরূপণ করা।	পরিমাণগত (Quantitative)	পরিমাণগত গবেষণা নকশা (Quantitative Research Design)

২.১ গবেষণার নকশা (Research Design)

গবেষণাটি তুলনামূলক বিশ্লেষণধর্মী (Comparative Analysis) এবং পরিসংখ্যানভিত্তিক (Statistical Analysis) গবেষণা। গবেষণার উদ্দেশ্য ছিল প্রশিক্ষণের প্রভাব নিরূপণ এবং শিক্ষকদের ভাষাগত দক্ষতার পরিবর্তন মূল্যায়ন করা। গবেষণায় দুটি গোষ্ঠী অন্তর্ভুক্ত করা হয়েছে:

১. প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ (যারা অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ গ্রহণ করেছেন।
২. প্রশিক্ষণবিহীন শিক্ষকগণ (যারা কোনো প্রশিক্ষণ গ্রহণ করেননি।

প্রশিক্ষণের কার্যকারিতা মূল্যায়নের জন্য তিনটি প্রধান উপাত্ত উৎস ব্যবহার করা হয়েছে:

- পরিমাণগত সার্ভে (Quantitative Survey)
- শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ (Classroom Observation)

- আরবি ভাষার দক্ষতা পরীক্ষা (Arabic Language Proficiency Test)

২.২ নমুনা নির্বাচন ও অংশগ্রহণকারীরা (Sample Selection & Participants)

গবেষণায় নৈমিত্তিক নমুনা পদ্ধতি (Purposive Sampling) ব্যবহার করা হয়েছে। অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন— শিক্ষক প্রশিক্ষক, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক, প্রশিক্ষণবিহীন শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান, ও শিক্ষার্থী। শিক্ষক প্রতি তিনজন শিক্ষার্থীদের নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে।

সারণি -০৩ তথ্যের উৎস

উদ্দেশ্যসমূহ	তথ্যের উৎস
উদ্দেশ্য ১: প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবি ভাষার দক্ষতা উন্নয়ন কতটুকু কার্যকর হয়েছে তা নিরূপণ করা।	শিক্ষক + মূল্যায়ন পরীক্ষা
উদ্দেশ্য ২: প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবি ভাষায় শ্রেণি কার্যক্রম পরিচালনায় কতটুকু সক্ষম হয়েছে তা নিরূপণ করা।	শিক্ষক + শিক্ষক প্রশিক্ষক+ প্রধান শিখক+ শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ
উদ্দেশ্য ৩: প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ শ্রেণিকক্ষে শিক্ষার্থীদেরকে আরবি ভাষা ব্যবহারে উদ্বুদ্ধ করতে কতটুকু সক্ষম হয়েছে তা নিরূপণ করা।	শিক্ষক + শিক্ষক প্রশিক্ষক+ প্রধান শিখক+ শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ

২.৩ নমুনার আকার (Sample Size):

গবেষণায় ১১১৮ জন শিক্ষকের তথ্য সংগ্রহ করা হয়েছে, যা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক ও প্রভাষক—উভয় ক্যাটাগরির প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের নিয়ে গঠিত। গবেষণার তথ্য সংগ্রহের জন্য অনলাইন সার্ভে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ, এবং আরবি ভাষাগত দক্ষতা পরীক্ষা ব্যবহার করা হয়েছে।

অনলাইন সার্ভের জন্য নমুনা (Online Survey Sample):

- মোট নমুনা: ১১১৮
- প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী শিক্ষক: ৬৬০
- প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষক: ৪৫৮

অতিরিক্ত তথ্য সংগ্রহের জন্য নমুনা:

অনলাইন সার্ভের বাইরে আরও অংশগ্রহণকারীর কাছ থেকে শিক্ষক প্রশিক্ষক, প্রধান শিক্ষক, শিক্ষার্থী, প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষক—এই ক্যাটাগরিতে তথ্য সংগ্রহ করা হয়েছে।

সহকারী শিক্ষকদের উপর অনলাইন কোর্সের প্রভাব বুঝতে তথ্য সংগ্রহের জন্য নমুনা-

- শিক্ষক প্রশিক্ষক: ৬৫
- প্রধান শিক্ষক: ৩২
- শিক্ষার্থী: ১৯২
- প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী শিক্ষক: ৩২ (সার্ভে + শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ + ভাষাগত দক্ষতা পরীক্ষা)
- প্রশিক্ষণবিহীন সহকারী শিক্ষক: ৩২ (সার্ভে + শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ + ভাষাগত দক্ষতা পরীক্ষা)

প্রভাষকদের উপর অনলাইন কোর্সের প্রভাব বুঝতে তথ্য সংগ্রহের জন্য নমুনা-

- শিক্ষক প্রশিক্ষক: ৬৫
- প্রধান শিক্ষক: ৩২
- শিক্ষার্থী: ১৯২
- প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষক: ৩২ (সার্ভে + শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ + ভাষাগত দক্ষতা পরীক্ষা)
- প্রশিক্ষণবিহীন প্রভাষক: ৩২ (সার্ভে + শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ + ভাষাগত দক্ষতা পরীক্ষা)

গবেষণায় শিক্ষকদের আরবি ভাষাগত দক্ষতা, শ্রেণিকক্ষে ভাষার ব্যবহার, এবং শিক্ষার্থীদের অভিজ্ঞতা মূল্যায়ন করা হয়েছে। শ্রেণিকক্ষে শিক্ষকদের কার্যক্রম সরাসরি পর্যবেক্ষণ করা হয়েছে, এবং ভাষাগত দক্ষতা নির্ধারণের

জন্য আরবি ভাষার প্রফিসিয়েন্সি পরীক্ষা নেওয়া হয়েছে। এছাড়া, শিক্ষার্থীদের কাছ থেকেও তাদের শিক্ষকদের ভাষাগত পারদর্শিতা ও শিক্ষণ পদ্ধতির কার্যকারিতা সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়েছে।

২.৩ নমুনা ও নমুনা নির্বাচন পদ্ধতি

সারণি ০৪- নমুনা আকার ও নমুনা নির্বাচন পদ্ধতি

তথ্যের উৎস	নমুনার আকার (Sample Size)	নমুনা নির্বাচন পদ্ধতি (Sampling Method)
শিক্ষক (মোট-অনলাইন সার্ভে)	১১১৮	উদ্দেশ্যমূলক ও সুবিধাজনক নমুনা পদ্ধতি (Purposive & Convenient Sampling)
প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী শিক্ষক (অনলাইন সার্ভে)	৬৬০	উদ্দেশ্যমূলক ও সুবিধাজনক নমুনা পদ্ধতি (Purposive & Convenient Sampling)
প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষক (অনলাইন সার্ভে)	৪৫৮	উদ্দেশ্যমূলক ও সুবিধাজনক নমুনা পদ্ধতি (Purposive & Convenient Sampling)
শিক্ষক প্রশিক্ষক	৬৫	উদ্দেশ্যমূলক ও সুবিধাজনক নমুনা পদ্ধতি (Purposive & Convenient Sampling)
প্রধান শিক্ষক/মাদ্রাসা প্রধান	৬৪	উদ্দেশ্যমূলক ও সুবিধাজনক নমুনা পদ্ধতি (Purposive & Convenient Sampling)
শিক্ষার্থী	৩৮৪	(সিম্পল র্যান্ডম স্যাম্পলিং) Simple Random Sampling
প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী শিক্ষক (পাঠ পর্যবেক্ষণ ও মূল্যায়ন অভীক্ষা)	৩২	উদ্দেশ্যমূলক ও সুবিধাজনক নমুনা পদ্ধতি (Purposive & Convenient Sampling)
প্রশিক্ষণবিহীন সহকারী শিক্ষক (পাঠ পর্যবেক্ষণ ও মূল্যায়ন অভীক্ষা)	৩২	উদ্দেশ্যমূলক ও সুবিধাজনক নমুনা পদ্ধতি (Purposive & Convenient Sampling)
প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষক (পাঠ পর্যবেক্ষণ ও মূল্যায়ন অভীক্ষা)	৩২	উদ্দেশ্যমূলক ও সুবিধাজনক নমুনা পদ্ধতি (Purposive & Convenient Sampling)
প্রশিক্ষণবিহীন প্রভাষক (পাঠ পর্যবেক্ষণ ও মূল্যায়ন অভীক্ষা)	৩২	উদ্দেশ্যমূলক ও সুবিধাজনক নমুনা পদ্ধতি (Purposive & Convenient Sampling)

২.৪ তথ্য সংগ্রহের কৌশল (Data Collection Methods)

গবেষণার জন্য পরিমাণগত (Quantitative) তথ্য সংগ্রহ পদ্ধতি ব্যবহার করা হয়েছে, যাতে শিক্ষকদের ভাষাগত দক্ষতা ও শ্রেণিকক্ষে তাদের পারফরম্যান্স বিশ্লেষণ করা যায়।

১. সার্ভে (Survey)

- শিক্ষকদের ভাষাগত দক্ষতা, শ্রেণিকক্ষে আরবি ভাষার ব্যবহার, এবং প্রশিক্ষণের প্রভাব মূল্যায়নের জন্য স্ট্রাকচার্ড প্রশ্নাবলির (Structured Questionnaire) মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে।

- লিকার্ট স্কেল (Likert Scale) ব্যবহার করে শিক্ষকদের প্রতিক্রিয়া রেট করা হয়েছে (১ = সম্পূর্ণ অসম্মতি, ৫ = সম্পূর্ণ সম্মতি)।

২. শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ (Classroom Observation)

- শিক্ষকদের শ্রেণিকক্ষে আরবি ভাষার ব্যবহার, শিক্ষার্থীদের সম্পৃক্ততা, এবং শিক্ষাদানের কৌশল পর্যবেক্ষণ করা হয়েছে।
- একটি নির্ধারিত পর্যবেক্ষণ তালিকা ব্যবহার করে শ্রেণিকক্ষে ভাষার ব্যবহার মূল্যায়ন করা হয়েছে।

৩. আরবি ভাষার দক্ষতা পরীক্ষা (Arabic Language Proficiency Test)

- শিক্ষকদের শ্রবণ (Listening), বলা (Speaking) পাঠ (Reading), এবং লেখা (Writing) দক্ষতা মূল্যায়নের জন্য একটি মানসম্মত পরীক্ষা (Standardized Proficiency Test) নেওয়া হয়েছে।
- পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষণের পূর্ব ও পরবর্তী দক্ষতার পার্থক্য নির্ণয় করা হয়েছে।

সারণি ৫- তথ্য উৎস ও তথ্য সংগ্রহের সরঞ্জাম

তথ্যের উৎস (Data Source)	তথ্য সংগ্রহের সরঞ্জাম (Data Collection Tools)
শিক্ষক (প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন)	স্ট্রাকচার্ড প্রশ্নাবলির (Structured Questionnaire) + লিকার্ট স্কেল সার্ভে (Likert Scale Survey)
প্রধান শিক্ষক	স্ট্রাকচার্ড প্রশ্নাবলির (Structured Questionnaire) + লিকার্ট স্কেল সার্ভে (Likert Scale Survey)
শিক্ষক প্রশিক্ষক	স্ট্রাকচার্ড প্রশ্নাবলির (Structured Questionnaire) + লিকার্ট স্কেল সার্ভে (Likert Scale Survey)
শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ	স্ট্রাকচার্ড প্রশ্নাবলির (Structured Questionnaire) + লিকার্ট স্কেল সার্ভে (Likert Scale Survey)
আরবি ভাষার দক্ষতা পরীক্ষা	শ্রবণ (Listening), বলা (Speaking), পড়া (Reading), লেখা (Writing) দক্ষতার জন্য স্ট্যান্ডার্ডাইজড পরীক্ষা (Standardized Proficiency Test)
শিক্ষার্থী	লিকার্ট স্কেল সার্ভে (Likert Scale Survey)

২.৫ তথ্য বিশ্লেষণ (Data Analysis)

সংগ্রহীত তথ্য পরিসংখ্যানগত বিশ্লেষণের (Statistical Analysis) মাধ্যমে মূল্যায়ন করা হয়েছে।

- **বর্ণনামূলক পরিসংখ্যান (Descriptive Statistics)**
 - শিক্ষকদের ভাষাগত দক্ষতা ও শ্রেণিকক্ষ পর্যবেক্ষণের গড় স্কোর ও মান বিচ্যুতি বিশ্লেষণ করা হয়েছে।
- **স্বতন্ত্র t-পরীক্ষা (Independent t-Test)**
 - প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের ভাষাগত দক্ষতা ও শ্রেণিকক্ষ পারফরম্যান্সের পার্থক্য মূল্যায়ন করার জন্য t-পরীক্ষা পরিচালনা করা হয়েছে।
 - p-মান (p-value) বিশ্লেষণের মাধ্যমে প্রশিক্ষণের প্রভাব পরিসংখ্যানগতভাবে গুরুত্বপূর্ণ কিনা তা নির্ধারণ করা হয়েছে।

অধ্যায়-৩

গবেষণার ফলাফল

৩.১ আরবি বিষয়ে অনলাইন কোর্স সম্পর্কিত উপলব্ধি

অনলাইন কোর্স বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের মতামত জানতে একটি অনলাইন সার্ভে পরিচালনা করা হয়। এর পাশাপাশি যেখানে শিক্ষক প্রশিক্ষকদের অভিমত এবং যেসব প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের শ্রেণি পর্যবেক্ষণ করা হয়েছে, তাদের উপলব্ধিও বিবেচনায় নেওয়া হয়। সার্ভেতে অংশগ্রহণকারীদের কাছে জানতে চাওয়া হয় অনলাইন কোর্সটি আরবি ভাষার চারটি দক্ষতা (শোনা, বলা, পড়া ও লেখা) উন্নয়নে কতটা কার্যকর ছিল, প্রশিক্ষকের বিষয়বস্তুগত জ্ঞান কতটা সমৃদ্ধ ছিল এবং তিনি বিষয়বস্তু ব্যাখ্যায় কতটা দক্ষ ছিলেন। এছাড়াও প্রশিক্ষকের আন্তরিকতা, সহায়ক ভূমিকা এবং প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে উৎসাহিত করার বিষয়গুলো তুলে ধরা হয়। অংশগ্রহণকারীরা কর্মক্ষেত্রে দক্ষতা অর্জনে কোর্সটির সহায়তামূলক ভূমিকা, অনলাইন উপকরণ যেমন ভিডিও ও আটিকেলের মান, প্রশিক্ষণ প্ল্যাটফর্মের সহজ প্রবেশযোগ্যতা ও ব্যবহারকারীবান্ধবতা, এবং অন্যান্য সহায়ক উপকরণের (যেমন অনুশীলনী ও সম্পূর্ণ উপকরণ) কার্যকারিতা সম্পর্কেও মতামত প্রদান করেন। সবশেষে, কোর্সের প্রতি তাদের সামগ্রিক সন্তুষ্টি ও এটি অন্যদেরকে সুপারিশ করার প্রবণতাও জানতে চাওয়া হয়। প্রাপ্ত ফলাফল সারণি-৪ ও সারণি-৫-এ উপস্থাপন করা হয়েছে।

সারণি ৬- আরবি বিষয়ে অনলাইন কোর্স সম্পর্কিত উপলব্ধিঃ সহকারি শিক্ষক

নমুনা ও নমুনার আকার	গড় মান (mean)
প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের অনলাইন সার্ভে (নমুনা=৬৬০ জন)	৪.৭৫
শিক্ষক প্রশিক্ষক (নমুনা=৬৫ জন)	৪.৮৬
প্রশিক্ষণপ্রাপ্ত সহকারি শিক্ষক (নমুনা=৩২ জন)	৪.৮২

সারণি ৭- আরবি বিষয়ে অনলাইন কোর্স সম্পর্কিত উপলব্ধিঃ প্রভাষক

নমুনা ও নমুনার আকার	গড় মান (mean)
প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের অনলাইন সার্ভে (নমুনা=৪৫৮ জন)	৪.৭৩
শিক্ষক প্রশিক্ষক (নমুনা=৬৫ জন)	৪.৮৬
প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষক (নমুনা=৩২ জন)	৪.৮১

উপাত্ত বিশ্লেষণ থেকে বোঝা যায় যে অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সটি সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা অত্যন্ত ইতিবাচক। প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের অনলাইন সার্ভের গড় মান যথাক্রমে ৪.৭৫ (নমুনা = ৬৬০ জন) এবং ৪.৭৩ (নমুনা = ৪৫৮ জন), যা নির্দেশ করে যে বেশিরভাগ প্রশিক্ষণার্থী কোর্সের কার্যকারিতা সম্পর্কে উচ্চমাত্রায় সন্তুষ্ট। শিক্ষক প্রশিক্ষকদের মূল্যায়ন অনুযায়ী গড় মান ৪.৮৬, যা বোঝায় যে প্রশিক্ষকরা কোর্সের গুণগত মান ও প্রভাবকে অত্যন্ত ইতিবাচকভাবে দেখেছেন। পাশাপাশি প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী শিক্ষকদের গড় মান ৪.৮২ এবং প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় মান যথাক্রমে ৪.৮২ ও ৪.৮১, যা ইঙ্গিত করে যে সহকারী শিক্ষক ও প্রভাষকগণ উভয়েই অনলাইন প্রশিক্ষণ কোর্সটিকে ফলপ্রসূ মনে করেছেন। সামগ্রিকভাবে, বিভিন্ন পর্যায়ে অংশগ্রহণকারীদের প্রতিক্রিয়া থেকে বোঝা যায় যে অনলাইন প্রশিক্ষণ কোর্সটি অত্যন্ত কার্যকর এবং অংশগ্রহণকারীরা এতে উপকৃত হয়েছেন বলে মনে করেন।

৩.২ গবেষণার ফলাফল (Research Findings): সহকারি শিক্ষক


ধরণ	স্যাম্পল সাইজ
অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা মূল্যায়ন (প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের অনলাইন সার্ভে)	৬৬০
শিক্ষক প্রশিক্ষক	৬৫
প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক (শ্রেণি পর্যবেক্ষণে অংশগ্রহণকারী)	৩২
প্রশিক্ষণবিহীন শিক্ষক (শ্রেণি পর্যবেক্ষণে অংশগ্রহণকারী)	৩২
শিক্ষার্থী (পর্যবেক্ষণকৃত প্রতি শিক্ষকের জন্য ৩ জন শিক্ষার্থী)	১৯২ (৬৪*৩)

সহকারি শিক্ষকদের অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা মূল্যায়নের জন্য সহকারি শিক্ষকদের কাছ থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। এই তথ্য সংগ্রহের প্রক্রিয়ায় অনলাইন সার্ভে, শ্রেণি পর্যবেক্ষণ এবং মূল্যায়ন অভীক্ষার বিশ্লেষণ অন্তর্ভুক্ত ছিল। অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণকারী ৬৬০ জন শিক্ষকের ওপর পরিচালিত একটি অনলাইন সার্ভের মাধ্যমে তাদের প্রশিক্ষণ-পরবর্তী উপলব্ধি ও মতামত সংগ্রহ করা হয়। পাশাপাশি ৬৫ জন শিক্ষক প্রশিক্ষকের থেকেও প্রশিক্ষণ ও প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের ভাষাগত দক্ষতার উন্নয়ন সম্পর্কে মতামত সংগ্রহ করা হয়েছে। এছাড়াও ৩২ জন প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক এবং ৩২ জন প্রশিক্ষণবিহীন শিক্ষককে শ্রেণি পর্যবেক্ষণের মাধ্যমে ও আরবি ভাষার মূল্যায়ন অভীক্ষার মাধ্যমে মূল্যায়ন করা হয়, যাতে প্রশিক্ষণের প্রভাব সরাসরি শিক্ষণ কার্যক্রমে কেমন ছিল, তা অনুধাবন করা যায়। প্রতিটি পর্যবেক্ষণকৃত শিক্ষকের শ্রেণি থেকে তিনজন করে মোট ১৯২ জন শিক্ষার্থীর মতামতও বিবেচনায় নেওয়া হয়। এই সংযুক্ত প্রক্রিয়ার মাধ্যমে প্রশিক্ষণের কার্যকারিতা, শিক্ষকদের পেশাগত দক্ষতার পরিবর্তন এবং শিক্ষার্থীদের প্রতিক্রিয়ার আলোকে ফলাফল বিশ্লেষণ করে নিচের ফলাফল সেকশনগুলোতে (উপস্থাপন করা হয়েছে, যা প্রশিক্ষণের সামগ্রিক ফলপ্রসূতা সম্পর্কে একটি বিস্তৃত চিত্র তুলে ধরে। প্রাপ্ত ফলাফলগুলোকে বার-চার্টের মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের অনলাইন সার্ভের ফলাফল (overall), শিক্ষক প্রশিক্ষক (Teacher Trainer), প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের নিজেদের উপলব্ধি, সংশ্লিষ্ট শিক্ষকদের সম্পর্কে তাদের প্রধান শিক্ষকদের মতামত, শিক্ষার্থীদের মতামত ও শ্রেণি পর্যবেক্ষণ থেকে প্রাপ্ত ফলাফলকে পাশাপাশি স্থাপন করে তুলনামূলক বিশ্লেষণ করা হয়েছে।

সারণি -০৮ সহকারি শিক্ষকদের অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা মূল্যায়নের স্যাম্পল সাইজ

৩.২.১ আরবিতে কুশল বিনিময় ও আন্তঃক্রিয়া করার দক্ষতা

চিত্রে (চিত্র-০১) প্রদর্শিত তথ্যমতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবিতে কুশল বিনিময় ও আন্তঃক্রিয়া করার দক্ষতা সম্পর্কে স্টেটহোল্ডারদের উপলব্ধি তুলনামূলকভাবে বেশি ইতিবাচক, তবে শ্রেণিকক্ষ পর্যায়ে বাস্তব প্রয়োগ সেই মাত্রায় প্রতিফলিত হয়নি। সার্বিক গড় স্কোর ৪.৪৬, যা প্রশিক্ষণ কার্যক্রমের সফলতা নির্দেশ করে, এবং শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গি অনুযায়ী প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের স্কোর ৪.৭০, যা ইঙ্গিত করে যে শিক্ষার্থীরা তাদের শিক্ষকদের ভাষাগত দক্ষতায় উল্লেখযোগ্য অগ্রগতি অনুভব করেছে। একইভাবে, শিক্ষক প্রশিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের স্কোর ৪.২৫, এবং প্রধান শিক্ষকদের দৃষ্টিভঙ্গি অনুসারে ৪.২০, যা প্রশিক্ষণের কার্যকারিতা সম্পর্কে উচ্চ প্রত্যাশা প্রতিফলিত করে। তবে, শ্রেণিকক্ষে ভাষার বাস্তব প্রয়োগ মূল্যায়নে দেখা যায় যে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের শ্রেণিকক্ষ পর্যবেক্ষণের স্কোর ৩.০০, যা অন্যান্য ক্যাটাগরির তুলনায় উল্লেখযোগ্যভাবে কম, এবং প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনামূলক স্কোর ২.০০, যা প্রশিক্ষণের প্রভাব বোঝালেও শ্রেণিকক্ষে ভাষার প্রয়োগের ক্ষেত্রে আরও অগ্রগতি প্রয়োজনীয়তা প্রকাশ করে। এই পার্থক্য নির্দেশ করে যে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের ভাষাগত দক্ষতার ব্যাপারে স্টেটহোল্ডারদের উচ্চ প্রত্যাশা থাকলেও, বাস্তবে শ্রেণিকক্ষের পরিবেশে আরবি ভাষার প্রয়োগ এখনও সীমিত রয়ে গেছে। এটি ইঙ্গিত করে যে শিক্ষকদের দক্ষতা অর্জনের পাশাপাশি তাদের শ্রেণিকক্ষে ভাষা ব্যবহারের আরও উৎসাহিত করা এবং শিক্ষণ কৌশল আরও কার্যকরভাবে প্রয়োগের জন্য সহায়ক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।




চিত্র ০১-আরবি ভাষায় কুশল বিনিময় ও আন্তঃক্রিয়া করার দক্ষতা: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনামূলক বিশ্লেষণ

৩.২.২ শিক্ষকদের আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা

চিত্রে (চিত্র-০২) প্রদর্শিত তথ্যমতে, আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের উপলব্ধি প্রশিক্ষণ প্রাপ্তদের ক্ষেত্রে তুলনামূলকভাবে উচ্চতর, তবে শ্রেণিকক্ষ পর্যায়ে বাস্তব প্রয়োগ সেই মাত্রায় প্রতিফলিত হয়নি। সার্বিক গড় স্কোর ৪.৩৫, যা নির্দেশ করে যে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের উচ্চারণ দক্ষতা মোটামুটি ইতিবাচকভাবে মূল্যায়িত হয়েছে। শিক্ষক প্রশিক্ষকদের মূল্যায়ন অনুযায়ী গড় স্কোর ৪.০০, যা বোঝায় যে প্রশিক্ষকদের দৃষ্টিতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের উচ্চারণে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে, তবে আরও উন্নতির সুযোগ রয়েছে।

শিক্ষকদের (Teacher) ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.৫০, যা প্রশিক্ষণবিহীন দের তুলনায় (৪.৭০) কিছুটা কম, এটি ইঙ্গিত করে যে কিছু প্রশিক্ষণবিহীন শিক্ষকের ভাষাগত দক্ষতা হয়তো পূর্ব থেকেই ভালো ছিল। প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.৫০ এবং প্রশিক্ষণবিহীন দের ৫.০০, যা বোঝায় যে প্রধান শিক্ষকগণ মনে করেন, প্রশিক্ষণবিহীন দের মধ্যে কিছু শিক্ষক উচ্চারণ দক্ষতায় তুলনামূলকভাবে ভালো ছিলেন অথবা প্রশিক্ষণপ্রাপ্তরা এখনও পুরোপুরি দক্ষতা প্রদর্শনে সক্ষম হননি।



চিত্র ০২-আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনামূলক বিশ্লেষণ শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গি অনুযায়ী প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের গড় স্কোর ৪.৮০, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৪.৫০, যা ইঙ্গিত করে যে শিক্ষার্থীরা তাদের প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের উচ্চারণ দক্ষতাকে তুলনামূলকভাবে আরও ইতিবাচকভাবে দেখছেন এবং তারা প্রশিক্ষণপ্রাপ্তদের কাছ থেকে শুদ্ধ উচ্চারণ শিখতে পারছেন।


তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে দেখা যায় যে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের গড় স্কোর ৪.১০, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৩.৬০, যা নির্দেশ করে যে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের শ্রেণিকক্ষে উচ্চারণের প্রয়োগ তুলনামূলকভাবে ভালো হলেও, এটি অন্যান্য মূল্যায়নের তুলনায় কম। এই পার্থক্য ইঙ্গিত করে যে প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত দক্ষতা বাস্তব পরিবেশে প্রয়োগে কিছুটা চ্যালেঞ্জ রয়েছে এবং শ্রেণিকক্ষে ভাষার যথাযথ অনুশীলন আরও জোরদার করা প্রয়োজন। উচ্চ প্রত্যাশা থাকা সত্ত্বেও শ্রেণিকক্ষে উচ্চারণের বাস্তব প্রয়োগ পুরোপুরি প্রতিফলিত না হওয়ায়, প্রশিক্ষণ পরবর্তী সহায়ক ব্যবস্থাপনা ও পর্যবেক্ষণ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন, যাতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা শুদ্ধ উচ্চারণ নিশ্চিত করতে আরও আত্মবিশ্বাসী হন এবং শ্রেণিকক্ষে নিয়মিতভাবে তা প্রয়োগ করতে পারেন।

৩.২.৩ শিক্ষকদের আরবি শব্দের সাবলীল ব্যবহার করার দক্ষতা

উপস্থাপিত উপাত্ত (চিত্র-০৩) থেকে দেখা যায় যে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবি শব্দের সাবলীল ব্যবহারের দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের মূল্যায়ন তুলনামূলকভাবে উচ্চতর। সার্বিক গড় স্কোর ৪.৩৫, যা প্রশিক্ষণের ইতিবাচক প্রভাব নির্দেশ করে। শিক্ষক প্রশিক্ষকদের মূল্যায়ন অনুযায়ী প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.০০, যা প্রশিক্ষণের মাধ্যমে উন্নতির ইঙ্গিত দেয়।

শিক্ষকগণের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.৫০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.৮০, যা নির্দেশ করে যে কিছু প্রশিক্ষণবিহীন শিক্ষক স্বাভাবিকভাবেই ভাষা ব্যবহারে দক্ষ ছিলেন। প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের ৪.৪০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.৬০, যা দেখায় যে প্রশিক্ষণপ্রাপ্তদের দক্ষতা বৃদ্ধি পেলেও প্রধান শিক্ষকদের দৃষ্টিতে প্রশিক্ষণবিহীন রা কিছু ক্ষেত্রে তুলনামূলকভাবে বেশি সাবলীল ছিলেন। শিক্ষার্থীদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.৭০, যা প্রশিক্ষণের ইতিবাচকতা নির্দেশ করলেও, প্রশিক্ষণবিহীন দের ৫.০০ স্কোর দেখায় যে শিক্ষার্থীরা কিছু ক্ষেত্রে প্রশিক্ষণবিহীন শিক্ষকদের ভাষা ব্যবহারে বেশি স্বাচ্ছন্দ্য অনুভব করেছেন।

শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৩.০০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ২.৯০, যা ইঙ্গিত করে যে প্রশিক্ষণের ফলে শ্রেণিকক্ষে ভাষার ব্যবহার কিছুটা বৃদ্ধি পেয়েছে। এই পার্থক্য ইঙ্গিত করে যে স্টেকহোল্ডারদের প্রত্যাশা এবং শ্রেণিকক্ষ বাস্তবায়নের মধ্যে একটি ব্যবধান রয়ে গেছে।



চিত্র ০৩-আরবি শব্দের সাবলীল ব্যবহার করার দক্ষতা: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনামূলক বিশ্লেষণ


৩.২.৪ আরবিতে বাক্য গঠন করতে পারার দক্ষতা

উপস্থাপিত উপাত্ত (চিত্র-০৪) থেকে দেখা যায় যে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবিতে বাক্য গঠনের দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের মূল্যায়ন সাধারণভাবে ইতিবাচক। সার্বিক গড় স্কোর ৪.২৬, যা প্রশিক্ষণের কার্যকারিতা নির্দেশ করে। শিক্ষক প্রশিক্ষকদের মূল্যায়নে গড় স্কোর ৪.৫০, যা বোঝায় যে প্রশিক্ষকগণ প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের ভাষাগত উন্নতিকে স্বীকৃতি দিয়েছেন।

শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.২০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.৩০, যা নির্দেশ করে যে কিছু প্রশিক্ষণবিহীন শিক্ষকও বাক্য গঠনে দক্ষ ছিলেন। প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের ৪.৫০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.২০, যা দেখায় যে প্রধান শিক্ষকদের দৃষ্টিতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা বাক্য গঠনে তুলনামূলকভাবে উন্নতি করেছেন।

শিক্ষার্থীদের দৃষ্টিকোণ থেকে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের স্কোর ৪.৮০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.৯০, যা দেখায় যে শিক্ষার্থীরা উভয় ধরনের শিক্ষকদের কাছ থেকে বাক্য গঠনে ভালো ধারণা পেয়েছেন, তবে কিছু ক্ষেত্রে প্রশিক্ষণবিহীন দের ভাষাগত সাবলীলতা বেশি প্রতীয়মান হয়েছে।

শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৩.৬০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৩.৯০, যা ইঙ্গিত করে যে শ্রেণিকক্ষে ভাষার ব্যবহার ও বাস্তব প্রয়োগে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা প্রশিক্ষণবিহীন দের তুলনায় কম দক্ষতা প্রদর্শন করেছেন।




চিত্র ০৪-আরবিতে বাক্য গঠন করতে পারার দক্ষতা: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনামূলক বিশ্লেষণ

৩.২.৫ আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করার দক্ষতা

চিত্রে (চিত্র-০৫) উপস্থাপিত তথ্যমতে, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করার দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের মূল্যায়ন তুলনামূলকভাবে ইতিবাচক। সার্বিক গড় স্কোর ৪.১৯, যা প্রশিক্ষণের ইতিবাচক প্রভাব নির্দেশ করে। শিক্ষক প্রশিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.২৫, যা প্রশিক্ষণের ফলে শিক্ষকদের ভাষাগত দক্ষতার উন্নতি বোঝায়।

শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.৩০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৫.০০, যা নির্দেশ করে যে কিছু প্রশিক্ষণবিহীন শিক্ষক অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা তুলনামূলকভাবে বেশি দক্ষ ছিলেন। প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের স্কোর ৪.২০, যা ইঙ্গিত করে যে প্রশিক্ষণের ফলে কিছুটা উন্নতি হলেও প্রধান শিক্ষকরা উভয় ক্ষেত্রেই প্রায় সমমানের মূল্যায়ন করেছেন। শিক্ষার্থীদের দৃষ্টিকোণ থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন উভয় ধরনের শিক্ষকদের স্কোর ৪.৯০, যা দেখায় যে শিক্ষার্থীদের কাছে উভয় ধরনের শিক্ষকদের দক্ষতা প্রায় একইরকম প্রতীয়মান হয়েছে।

তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে দেখা যায় যে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৩.১০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ২.৯০, যা ইঙ্গিত করে যে স্টেকহোল্ডারদের মূল্যায়ন তুলনামূলকভাবে বেশি হলেও, বাস্তবে শ্রেণিকক্ষে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যার প্রয়োগ তার তুলনায় কম। যদিও শ্রেণিকক্ষে দক্ষতার প্রয়োগ প্রত্যাশার তুলনায় কম প্রতিফলিত হয়েছে, তথাপি প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা প্রশিক্ষণবিহীন দের তুলনায় শ্রেণিকক্ষে ভালো পারফর্ম করেছেন।



চিত্র ০৫-আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করার দক্ষতা: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনামূলক বিশ্লেষণ


৩.২.৬ শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ ও কথা বলার জন্য উৎসাহ প্রদান

উপস্থাপিত উপাত্ত (চিত্র-০৬) অনুযায়ী, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ প্রদান ও কথা বলার জন্য উৎসাহ দেওয়ার দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের মূল্যায়ন তুলনামূলকভাবে ইতিবাচক। সার্বিক গড় স্কোর ৪.০১, যা প্রশিক্ষণের ইতিবাচক প্রভাব প্রতিফলিত করে।

শিক্ষক প্রশিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.৫০, যা নির্দেশ করে যে প্রশিক্ষণ শিক্ষকদের ভাষা শিক্ষার ক্ষেত্রে শিক্ষার্থীদের সক্রিয়ভাবে সম্পৃক্ত করতে সাহায্য করেছে। শিক্ষকদের নিজস্ব মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৩.৯০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.৬০, যা ইঙ্গিত করে যে কিছু প্রশিক্ষণবিহীন শিক্ষকও শিক্ষার্থীদের আরবি ভাষায় উপস্থাপনা ও কথা বলার ক্ষেত্রে উৎসাহ দিতে সক্ষম ছিলেন।

প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.৩০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.৮০, যা দেখায় যে প্রধান শিক্ষকদের দৃষ্টিতে প্রশিক্ষণপ্রাপ্তরা কিছু ক্ষেত্রে অপেক্ষাকৃত দুর্বল ছিলেন। তবে, শিক্ষার্থীদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.৬০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.৫০, যা ইঙ্গিত করে যে শিক্ষার্থীরা প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের কাছ থেকে ভাষা ব্যবহারের ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন লক্ষ্য করেছে। তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৩.১০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ২.২০, যা নির্দেশ করে যে স্টেকহোল্ডারদের উচ্চ মূল্যায়নের তুলনায় বাস্তবে শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ দেওয়ার হার তুলনামূলকভাবে কম। তবে, প্রশিক্ষণপ্রাপ্তরা প্রশিক্ষণবিহীন দের তুলনায় শ্রেণিকক্ষে ভালো পারফর্ম করেছেন, যা নির্দেশ করে যে প্রশিক্ষণের ফলে বাস্তব প্রয়োগে কিছুটা উন্নতি হয়েছে।

Comparison of Mean Scores (Newest Data with Brackets)



চিত্র ০৬-শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ ও কথা বলার জন্য উৎসাহ প্রদান: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনামূলক বিশ্লেষণ


৩.২.৭ শ্রেণিকক্ষে আরবিতে পাঠদান

চিত্রে (চিত্র-০৭) উপস্থাপিত তথ্যমতে, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের শ্রেণিকক্ষে আরবিতে পাঠদান করার দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের মূল্যায়ন তুলনামূলকভাবে ইতিবাচক। সার্বিক গড় স্কোর ৪.২২, যা প্রশিক্ষণের ইতিবাচক প্রভাব প্রতিফলিত করে।

শিক্ষক প্রশিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের স্কোর ৫.০০, যা নির্দেশ করে যে প্রশিক্ষকগণ এই দক্ষতাকে সর্বোচ্চ স্বীকৃতি দিয়েছেন। শিক্ষকদের নিজস্ব মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.৬০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.৯০, যা ইঙ্গিত করে যে প্রশিক্ষণবিহীন শিক্ষকরাও মনে করেন যে তারা আরবিতে ভালোভাবে পাঠদান করতে সক্ষম।

প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.৪০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.৮০, যা দেখায় যে প্রধান শিক্ষকদের দৃষ্টিতে প্রশিক্ষণবিহীন রাও নিজেদের আরবি পাঠদানে যথেষ্ট দক্ষ বলে মনে করেন। শিক্ষার্থীদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.৭০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.৮০, যা ইঙ্গিত করে যে শিক্ষার্থীরা উভয় ধরনের শিক্ষকদের কাছ থেকেই আরবি পাঠদানে ইতিবাচক অভিজ্ঞতা পেয়েছেন।

তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ২.২০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ১.৬০, যা নির্দেশ করে যে স্টেকহোল্ডারদের উচ্চ মূল্যায়নের তুলনায় বাস্তবে শ্রেণিকক্ষে আরবিতে পাঠদানের হার অপেক্ষাকৃত কম। তবে শ্রেণিকক্ষে পর্যবেক্ষণে দেখা গেছে, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা প্রশিক্ষণবিহীন দের তুলনায় অনেক ভালোভাবে আরবিতে পাঠদান করতে পেরেছেন, যা প্রশিক্ষণের কার্যকারিতা স্পষ্টভাবে প্রতিফলিত করে।




চিত্র ০৭-শ্রেণীকক্ষে আরবিতে পাঠদান: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনামূলক বিশ্লেষণ

৩.২.৮ শিক্ষার্থীদের শিখন অর্জনের মূল্যায়ন

উপস্থাপিত উপাত্ত (চিত্র-০৮) অনুযায়ী, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের শিক্ষার্থীদের শিখন অর্জনের মূল্যায়ন করার দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের মূল্যায়ন তুলনামূলকভাবে ইতিবাচক। সার্বিক গড় স্কোর ৪.৩৭, যা প্রশিক্ষণের ইতিবাচক প্রভাব প্রতিফলিত করে। শিক্ষক প্রশিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৫.০০, যা নির্দেশ করে যে প্রশিক্ষণগণ শিক্ষকদের শিখন অর্জন মূল্যায়নের দক্ষতাকে উচ্চমাত্রায় স্বীকৃতি দিয়েছেন।

শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.৩০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৩.৭০, যা ইঙ্গিত করে যে প্রশিক্ষণ শিখন অর্জনের মূল্যায়ন দক্ষতা উন্নত করেছে। প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের ৪.৩০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.২০, যা দেখায় যে প্রধান শিক্ষকদের দৃষ্টিতে প্রশিক্ষণের ফলে সামান্য উন্নতি হয়েছে। শিক্ষার্থীদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ৪.৮০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.৯০, যা ইঙ্গিত করে যে শিক্ষার্থীদের দৃষ্টিতে উভয় ধরনের শিক্ষকদের শিখন মূল্যায়নের দক্ষতা প্রায় একইরকম।

তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোর ২.৪০, যেখানে প্রশিক্ষণবিহীন দের ১.৯০, যা ইঙ্গিত করে যে স্টেকহোল্ডারদের উচ্চ মূল্যায়নের তুলনায় বাস্তবে শ্রেণিকক্ষে শিখন মূল্যায়নের অনুশীলন অপেক্ষাকৃত কম, তবে প্রশিক্ষিত শিক্ষকরা এই ক্ষেত্রে তুলনামূলকভাবে যথেষ্ট ভালো পারফর্ম করেছেন।



চিত্র ০৮-শিক্ষার্থীদের শিখন অর্জনের মূল্যায়ন: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনামূলক বিশ্লেষণ

৩.২.৯ ফলাফলের সারাংশ

উপস্থাপিত উপাত্ত অনুযায়ী, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের ভাষাগত দক্ষতা এবং শ্রেণিকক্ষে তাদের পাঠদানের দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের মূল্যায়ন সাধারণভাবে ইতিবাচক। তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণের তথ্য বিশ্লেষণ করলে দেখা যায় যে, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের দক্ষতা ও বাস্তব প্রয়োগের মধ্যে কিছু ব্যবধান রয়ে গেছে।

সার্বিকভাবে (Overall Survey), শিক্ষক প্রশিক্ষণের প্রতি দৃষ্টিভঙ্গি অত্যন্ত ইতিবাচক, যা ইঙ্গিত করে যে প্রশিক্ষণ কার্যক্রম শিক্ষকদের জন্য উপকারী ছিল। প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের আরবি ভাষার দক্ষতা মূল্যায়নে

স্টেকহোল্ডারদের মধ্যে পার্থক্য তুলনামূলকভাবে কম, অর্থাৎ উভয় ক্ষেত্রেই স্টেকহোল্ডাররা প্রায় কাছাকাছি মূল্যায়ন করেছেন।

তবে, শ্রেণিকক্ষে সরাসরি পর্যবেক্ষণে শিক্ষকদের ধারণা ও বাস্তব প্রয়োগের মধ্যে স্পষ্ট পার্থক্য পরিলক্ষিত হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা আরবি ভাষায় পাঠদানে ও শিক্ষার্থীদের সম্পৃক্ত করতে কার্যকর ভূমিকা পালন করেছেন, কিন্তু সেই দক্ষতার বাস্তব প্রয়োগ সর্বদা প্রত্যাশিত মাত্রায় প্রতিফলিত হয়নি।

বিশেষত, বাক্য গঠন, অনুবাদ, এবং শিক্ষার্থীদের ভাষাগত সম্পৃক্ততার ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা তুলনামূলকভাবে বেশি কার্যকর ছিলেন। শিক্ষার্থীরা তাদের প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের কাছ থেকে ভাষাগত অগ্রগতি অর্জন করেছে বলে প্রতীয়মান হয়। তবে, শ্রেণিকক্ষে শুদ্ধ উচ্চারণের প্রয়োগ, শিক্ষার্থীদের উপস্থাপনার সুযোগ সৃষ্টি, এবং আরবি ভাষার ব্যবহারিক প্রয়োগ আরও জোরদার করার প্রয়োজনীয়তা রয়েছে।


সামগ্রিকভাবে, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা প্রশিক্ষণবিহীন দের তুলনায় শ্রেণিকক্ষে ভালো পারফর্ম করেছেন, যা প্রশিক্ষণের কার্যকারিতা নির্দেশ করে। তবে, শ্রেণিকক্ষে আরবি ভাষার যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে এবং শিক্ষকদের ভাষা শিক্ষার কৌশল আরও কার্যকরভাবে প্রয়োগে উদ্বুদ্ধ করতে পরবর্তী ধাপে নীতিগত উন্নয়ন ও সহায়ক পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

৩.৩ সহকারি শিক্ষকদের ভাষাগত দক্ষতা নিরূপণে মূল্যায়ন অভিক্ষার ফলাফল

৩২ জন প্রশিক্ষণপ্রাপ্ত ও ৩২ জন প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের আরবি ভাষাগত দক্ষতা (শোনা, বলা, পড়া, ও লেখার দক্ষতা) নিরূপণে মূল্যায়ন অভীক্ষা নেয়া হয়। প্রাপ্ত ফলাফল ভাষার চারটি দক্ষতার আলোকে নিম্নের অংশে (৫.৩) উপস্থাপনের মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের মধ্যে তুলনামূলক আলোচনা করা হয়েছে।

৩.৩.১ শোনার দক্ষতা

এই অংশে সহকারি শিক্ষকদের শোনার দক্ষতা মূল্যায়নের জন্য আরবি ভাষায় তিনটি পৃথক অডিও পরিচ্ছেদ শোনানো হয়, যার প্রতিটি পরিচ্ছেদের ভিত্তিতে প্রাসঙ্গিক প্রশ্ন দেওয়া হয়। অংশগ্রহণকারী প্রশিক্ষিত ও অপ্রশিক্ষিত শিক্ষকরা মনোযোগ দিয়ে অডিও শুনে প্রশ্নগুলোর যথাযথ উত্তর প্রদান করেন। প্রশ্নগুলোর বিষয়বস্তু ছিল-কে কোথায় গেল, কার সঙ্গে গেল, কী চাইলো, কী খেলো বা পান করলো, আনারসের দাম কত, চিড়িয়াখানার অবস্থান কোথায় ইত্যাদি, যা অংশগ্রহণকারীদের তথ্য অনুধাবন ও শ্রবণ দক্ষতা যাচাইয়ে সহায়তা করে। প্রতিটি প্রশ্নের উত্তরের ওপর ভিত্তি করে প্রাপ্ত ফলাফলকে ৫ পয়েন্ট স্কেলে রূপান্তর করা হয় এবং এরপর গড় স্কোর নির্ণয় করা হয়। প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের মধ্যে শোনার দক্ষতার পার্থক্য নির্ণয়ের জন্য t-test প্রয়োগের মাধ্যমে p-value নির্ধারণ করা হয়েছে, যার মাধ্যমে এই দুটি দলের মধ্যে পরিসংখ্যানগতভাবে উল্লেখযোগ্য পার্থক্য আছে কিনা, তা বিশ্লেষণ করা হয়েছে।



চিত্র ০৯: শোনার দক্ষতা মূল্যায়ন – প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনামূলক বিশ্লেষণ

সারণি ০৯: শোনার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	
প্রশিক্ষণপ্রাপ্ত সহকারি শিক্ষকদের গড় মান	৪.০০২৫
প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের গড় মান	৪.১
টি-স্ট্যাটিস্টিক (t-এর মান)	-০.৭৮
p-মান (p-value)	০.৪৩৮

উল্লেখযোগ্যভাবে, প্রাপ্ত পি-মান (০.৪৩৮) ০.০৫-এর চেয়ে অনেক বেশি, যা নির্দেশ করে যে প্রশিক্ষণপ্রাপ্ত এবং প্রশিক্ষণবিহীন শিক্ষকদের ভাষাগত দক্ষতার মধ্যে পরিসংখ্যানগতভাবে গুরুত্বপূর্ণ কোনো পার্থক্য নেই। যদিও কিছু ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের দক্ষতা তুলনামূলকভাবে উন্নত হয়েছে, তবে সামগ্রিকভাবে এই পার্থক্য যথেষ্ট শক্তিশালী নয় যাতে বলা যায় যে প্রশিক্ষণ তাদের দক্ষতার উপর উল্লেখযোগ্য প্রভাব ফেলেছে।

৩.৩.২ বলার দক্ষতা

সহকারি শিক্ষকদের বলার দক্ষতা মূল্যায়নের জন্য একাধিক কার্যক্রমের মাধ্যমে তাদের আরবি ভাষায় মৌখিক দক্ষতা, শব্দভাণ্ডার, ব্যাকরণ জ্ঞান, বাক্য গঠন, উচ্চারণ (মাখরাজ), এবং এক কথায় প্রকাশ করার ক্ষমতা যাচাই করা হয়েছে। অংশগ্রহণকারীরা প্রথমে আরবি ভাষায় নিজেদের পরিচয়ভিত্তিক সংলাপ বিনিময়ের মাধ্যমে মৌখিক অনুশীলন করেন, এরপর আরবি মৌলিক শব্দ, সঠিক বাক্য নির্বাচন, অবয়ব ও মাখরাজ নির্ণয়, এবং আরবিতে বিভিন্ন ধারণা এক কথায় প্রকাশ করার মতো বাস্তবমুখী প্রশ্নের উত্তর প্রদান করেন। অংশগ্রহণকারীদের পারফরম্যান্স মূল্যায়নের জন্য প্রতিটি প্রশ্নের স্কোর ৫ পয়েন্ট ভিত্তিক স্কেলে রূপান্তর করে গড় স্কোর নির্ণয় করা হয়। প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের মধ্যে বলার দক্ষতার পার্থক্য বিশ্লেষণের জন্য t-test প্রয়োগ করা হয়েছে এবং p-value নির্ণয়ের মাধ্যমে পরিসংখ্যানগতভাবে উল্লিখিত দুটি দলের মধ্যে উল্লেখযোগ্য পার্থক্য আছে কি না, তা নির্ণয় করা হয়েছে।

সারণি ১০: বলার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	
প্রশিক্ষণপ্রাপ্ত সহকারি শিক্ষকদের গড় মান	৩.৩৬
প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের গড় মান	২.৭৩
টি-স্ট্যাটিস্টিক (t-এর মান)	৪.৮৯
p-মান (p-value)	০.০০০০২


চিত্র ১০: বলার দক্ষতা মূল্যায়ন – প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনামূলক বিশ্লেষণ

এই ফলাফল থেকে বোঝা যায় যে প্রশিক্ষিত শিক্ষকদের ভাষাগত দক্ষতার গড় স্কোর ৩.৩৬ (৫-এর মধ্যে), যা প্রশিক্ষণবিহীন শিক্ষকদের ২.৭৩ (৫-এর মধ্যে) তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি। যেহেতু p-মান ০.০০০০২, যা ০.০৫-এর চেয়ে অনেক ছোট, এটি নির্দেশ করে যে এই পার্থক্য পরিসংখ্যানগতভাবে গুরুত্বপূর্ণ। অর্থাৎ, প্রশিক্ষিত শিক্ষকরা ভাষাগত বলার দক্ষতার পরীক্ষায় প্রশিক্ষণবিহীনদের তুলনায় উল্লেখযোগ্যভাবে ভালো পারফর্ম করেন।

৩.৩.৩ পড়ার দক্ষতা

সহকারি শিক্ষকদের আরবি ভাষায় পড়ার দক্ষতা যাচাইয়ের জন্য তিনটি পৃথক পাঠ্যাংশ দেওয়া হয়, যেগুলো পড়ার পর প্রাসঙ্গিক প্রশ্নের উত্তর দিতে বলা হয়। অংশগ্রহণকারীরা প্রশ্নগুলোর মাধ্যমে বিভিন্ন তথ্য যেমন—কে কোথায় গেলো, কখন কী ঘটলো, কে কী বললো কিংবা কী প্রতিজ্ঞা করলো—এসব অনুধাবন করে উত্তর প্রদান করে। যেমন প্রশ্ন ছিল: “হাসান কোথায় গেলো?”, “আহমাদ কোন স্তরে পড়াশোনা করে?”, “সারা চিকিৎসার জন্য কোথায় গেলো?” ইত্যাদি। অংশগ্রহণকারীদের পারফরম্যান্স ৫ পয়েন্ট ভিত্তিক স্কেলে মূল্যায়ন করা হয় এবং গড় স্কোর হিসাব করে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের মধ্যে পড়ার দক্ষতার তুলনামূলক চিত্র উপস্থাপন করা হয়েছে।

সারণি ১১: বলার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	
প্রশিক্ষিত শিক্ষকদের গড় স্কোর (Mean)	৪.৮১
প্রশিক্ষণহীন শিক্ষকদের গড় স্কোর (Mean)	৪.৪
টি-স্ট্যাটিস্টিক (t-এর মান)	৮.২০
p-মান (p-value)	০.০০০০০০০০০০১৭৮




চিত্র ১১: পড়ার দক্ষতা মূল্যায়ন – প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনামূলক বিশ্লেষণ

প্রশিক্ষিত শিক্ষকদের গড় স্কোর (৪.৮১) প্রশিক্ষণহীন শিক্ষকদের তুলনায় (৪.৪) উল্লেখযোগ্যভাবে বেশি। p-মান ০.০০০০০০০০০০১৭৮, যা ০.০৫-এর চেয়ে অনেক ছোট। এর মানে হল যে এই পার্থক্য পরিসংখ্যানগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ (highly statistically significant)। এই ফলাফল নির্দেশ করে যে প্রশিক্ষিত শিক্ষকরা পাঠদানের ক্ষেত্রে উল্লেখযোগ্যভাবে ভালো পারফর্ম করেন, এবং প্রশিক্ষণ তাদের পড়ার দক্ষতা বৃদ্ধিতে কার্যকর ভূমিকা পালন করে।

৩.৩.৪ লেখার দক্ষতা

সহকারি শিক্ষকদের লেখার দক্ষতা মূল্যায়নের জন্য আরবি ভাষায় তিনটি কার্যক্রম নির্ধারণ করা হয়, যার মাধ্যমে তাদের ভাষাগত সঠিকতা, ব্যাকরণজ্ঞান, চিন্তাভাবনার গঠন এবং আরবিতে ভাব প্রকাশের ক্ষমতা যাচাই করা হয়। অংশগ্রহণকারীদের প্রথমে একটি বাক্য ই‘রাব ও হরকতসহ সঠিকভাবে লিখতে বলা হয়, এরপর একটি বাক্যের আরবি ভাষায় ব্যাখ্যা লিখতে হয়, এবং সর্বশেষে “আপনি কেন আরবি ভাষা শিখছেন” এই বিষয়ে আরবিতে দশটি বাক্য রচনা করতে বলা হয়। প্রতিটি উত্তরের জন্য ৫ পয়েন্টের মানদণ্ডে স্কোর নির্ধারণ করা হয় এবং গড় স্কোরের ভিত্তিতে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের লেখার দক্ষতার তুলনামূলক বিশ্লেষণ উপস্থাপন করা হয়। এ তুলনামূলক বিশ্লেষণের ক্ষেত্রে পরিসংখ্যানগতভাবে t-test প্রয়োগ করা হয় এবং প্রাপ্ত p-value এর মাধ্যমে নির্ধারণ করা হয়েছে যে দুটি দলের মধ্যে পারফরম্যান্সের পার্থক্য কি পরিমাণ তা প্রমাণযোগ্য কিনা।



চিত্র ১২: লেখার দক্ষতা মূল্যায়ন-প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনামূলক বিশ্লেষণ

৩.৩.৪.১ আরবিতে বাক্য লিখতে পারা

প্রশিক্ষিত শিক্ষকদের গড় স্কোর (৩.৫) প্রশিক্ষণহীন শিক্ষকদের তুলনায় (৩.৬) সামান্য কম। p-মান ০.০৪৯৯, যা

সারণি ১২: আরবিতে বাক্য লিখতে পারার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	
প্রশিক্ষিত শিক্ষকদের গড় স্কোর (Mean)	৩.৫
প্রশিক্ষণহীন শিক্ষকদের গড় স্কোর (Mean)	৩.৬
টি-স্ট্যাটিস্টিক (t-এর মান)	-২.০০
p-মান (p-value)	০.০৪৯৯ (≈ ০.০৫)

০.০৫-এর খুব কাছাকাছি। এটি নির্দেশ করে যে পার্থক্য পরিসংখ্যানগতভাবে গুরুত্বপূর্ণ হলেও তা সীমান্তবর্তী (borderline significant)। তাই এটি দৃঢ়ভাবে প্রমাণিত নয় যে প্রশিক্ষণ আরবিতে বাক্য লিখতে পারার দক্ষতা উন্নয়নে কার্যকর ভূমিকা রাখছে।

৩.৩.৪.২ আরবিতে ইবারত ব্যাখ্যা করা

সারণি ১৩: আরবিতে ইবারত ব্যাখ্যা করতে পারার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	
প্রশিক্ষিত শিক্ষকদের গড় স্কোর (Mean)	৩.৩
প্রশিক্ষণহীন শিক্ষকদের গড় স্কোর (Mean)	৩.২
টি-স্ট্যাটিস্টিক (t-এর মান)	২.০০
p-মান (p-value)	০.০৪৯৯

প্রশিক্ষিত শিক্ষকদের গড় স্কোর (৩.৩) প্রশিক্ষণহীন শিক্ষকদের তুলনায় (৩.২) সামান্য বেশি। p-মান ০.০৪৯৯, যা ০.০৫-এর কাছাকাছি। এর মানে হলো, এই পার্থক্য পরিসংখ্যানগতভাবে গুরুত্বপূর্ণ বলে ধরা যেতে পারে, তবে এটি সীমান্তবর্তী (borderline significant)। অর্থাৎ, প্রশিক্ষণের ফলে দক্ষতার কিছুটা উন্নতি হয়েছে বলে ইঙ্গিত পাওয়া গেলেও, পার্থক্য খুব শক্তিশালী নয়। তাই, নিশ্চিতভাবে বলা কঠিন যে শুধুমাত্র প্রশিক্ষণের কারণেই এই উন্নতি হয়েছে। এই ফলাফল নির্দেশ করে যে প্রশিক্ষিত শিক্ষকরা সামান্য হলেও ভালো করেছেন, তবে প্রশিক্ষণের প্রভাব আরও সুস্পষ্ট করার জন্য ও নির্ভরযোগ্য উপসংহার টানতে ভবিষ্যৎ গবেষণায় প্রাক-পরীক্ষা (Pre-Test) অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

৩.৩.৪.৩ ই'রাব ও হরকতসহ আরবি লিখতে পারার দক্ষতা

সারণি ১৪: ই'রাব ও হরকতসহ আরবি লিখতে পারার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	
প্রশিক্ষিত শিক্ষকদের গড় স্কোর (Mean)	৩.২৪
প্রশিক্ষণহীন শিক্ষকদের গড় স্কোর (Mean)	২.৯
টি-স্ট্যাটিস্টিক (t-এর মান)	৬.৮০
p-মান (p-value)	০.০০০০০০০০৪৮

প্রশিক্ষিত শিক্ষকদের গড় স্কোর (৩.২৪) প্রশিক্ষণহীন শিক্ষকদের তুলনায় (২.৯) উল্লেখযোগ্যভাবে বেশি। p-মান ০.০০০০০০০০৪৮, যা ০.০৫-এর চেয়ে অনেক ছোট। এর মানে হল যে এই পার্থক্য পরিসংখ্যানগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ (highly statistically significant)। এই ফলাফল নির্দেশ করে যে প্রশিক্ষিত শিক্ষকরা ই'রাব ও হরকতসহ আরবি লেখায় উল্লেখযোগ্যভাবে ভালো করেছেন। প্রশিক্ষণ তাদের দক্ষতা বৃদ্ধিতে কার্যকর ভূমিকা পালন করে।

৩.৩.৫ ফলাফলের সারাংশ

উপস্থাপিত গবেষণা ফলাফল থেকে বোঝা যায় যে অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স শিক্ষকদের ভাষাগত দক্ষতা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। বিশেষত শ্রবণ, উচ্চারণ, বাক্য গঠন, অনুবাদ, এবং শিক্ষার্থীদের ভাষা ব্যবহারে উৎসাহিত করার দক্ষতা প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের ক্ষেত্রে তুলনামূলকভাবে বেশি মূল্যায়িত হয়েছে। তবে, শ্রেণিকক্ষে এই দক্ষতার বাস্তব প্রয়োগ প্রত্যাশিত মাত্রায় প্রতিফলিত হয়নি, কারণ কিছু ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের ভাষা ব্যবহারের পার্থক্য উল্লেখযোগ্য ছিল না। স্টেকহোল্ডারদের মূল্যায়ন অনুসারে, উচ্চারণ ও অনুবাদ দক্ষতায় কিছু প্রশিক্ষণবিহীন শিক্ষক প্রশিক্ষণপ্রাপ্তদের সমান বা ভালো করেছেন বলে পরিলক্ষিত হয়েছে, যা ইঙ্গিত করে যে প্রশিক্ষণের কার্যকারিতা সম্পর্কে আরও গভীরভাবে বিশ্লেষণ করা প্রয়োজন। পরিসংখ্যানগত বিশ্লেষণে দেখা যায়, বলার দক্ষতা, ই'রাব ও হরকতসহ আরবি লিখতে পারা, এবং শিখন অর্জনের মূল্যায়নের ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্তদের উন্নতি উল্লেখযোগ্য (highly significant)। অন্যদিকে, বাক্য লিখতে পারা এবং ই'রাব ব্যাখ্যার ক্ষেত্রে পার্থক্য সীমান্তবর্তী (borderline significant) ছিল, যা নির্দেশ করে যে প্রশিক্ষণের প্রভাব সুস্পষ্টভাবে নিশ্চিত করতে আরও গবেষণা প্রয়োজন। এই গবেষণায় দেখা যায় যে প্রশিক্ষণ শিক্ষকদের সামগ্রিক ভাষাগত দক্ষতার ওপর ইতিবাচক প্রভাব ফেলেতে, শ্রেণিকক্ষে শিক্ষাদানের বাস্তব প্রয়োগ এবং দক্ষতার রূপান্তর সবক্ষেত্রে সমানভাবে কার্যকর হয়নি।

এ কারণে প্রাক-পরীক্ষা (Pre-Test) অন্তর্ভুক্ত করা প্রয়োজন যাতে প্রশিক্ষণের প্রকৃত প্রভাব আরও ভালোভাবে বোঝা যায়। প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের দক্ষতা তুলনার জন্য প্রশিক্ষণ শুরুর আগেই একটি প্রাথমিক মূল্যায়ন করা হলে, প্রশিক্ষণের পূর্ববর্তী ও পরবর্তী দক্ষতার পরিবর্তন আরও নির্ভুলভাবে মূল্যায়ন করা সম্ভব হবে। ভবিষ্যৎ গবেষণায় প্রাক-পরীক্ষা অন্তর্ভুক্ত করা হলে প্রশিক্ষণের কার্যকারিতা সম্পর্কে আরও নির্ভরযোগ্য উপসংহার টানা সম্ভব হবে এবং শ্রেণিকক্ষে পর্যায়ে ভাষাগত দক্ষতার বাস্তব প্রয়োগ আরও সুস্পষ্টভাবে চিহ্নিত করা যাবে।

৩.৪ গবেষণার ফলাফল (Research Findings): প্রভাষক (Lecturer)

প্রভাষকদের অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা মূল্যায়নের জন্য প্রভাষকদের কাছ থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। এই তথ্য সংগ্রহের প্রক্রিয়ায় অনলাইন সার্ভে, শ্রেণি পর্যবেক্ষণ এবং মূল্যায়ন অভীক্ষার বিশ্লেষণ অন্তর্ভুক্ত ছিল। অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণকারী ৪৫৮ জন প্রভাষকদের ওপর পরিচালিত একটি অনলাইন সার্ভে'র মাধ্যমে তাদের প্রশিক্ষণ-পরবর্তী উপলব্ধি ও মতামত সংগ্রহ করা হয়। পাশাপাশি ৬৫ জন শিক্ষক প্রশিক্ষকের থেকেও প্রশিক্ষণ ও প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের ভাষাগত দক্ষতার উন্নয়ন সম্পর্কে মতামত সংগ্রহ করা হয়েছে। এছাড়াও ৩২ জন প্রশিক্ষণপ্রাপ্ত এবং ৩২ জন প্রশিক্ষণবিহীন প্রভাষকদের শ্রেণি পর্যবেক্ষণের মাধ্যমে ও আরবি ভাষার মূল্যায়ন অভীক্ষার মাধ্যমে মূল্যায়ন করা হয়, যাতে প্রশিক্ষণের প্রভাব সরাসরি শিক্ষণ কার্যক্রমে কেমন ছিল, তা অনুধাবন করা যায়। প্রতিটি পর্যবেক্ষণকৃত প্রভাষকদের শ্রেণি থেকে শিক্ষকপ্রতি তিনজন করে মোট ১৯২ জন শিক্ষার্থীর মতামতও বিবেচনায় নেওয়া হয়। এই সংযুক্ত প্রক্রিয়ার মাধ্যমে প্রশিক্ষণের কার্যকারিতা, প্রভাষকদের পেশাগত দক্ষতার পরিবর্তন এবং শিক্ষার্থীদের প্রতিক্রিয়ার আলোকে ফলাফল বিশ্লেষণ করে নিচের

ফলাফল সেকশনগুলোতে উপস্থাপন করা হয়েছে, যা প্রশিক্ষণের সামগ্রিক ফলপ্রসূতা সম্পর্কে একটি বিস্তৃত চিত্র তুলে ধরে। প্রাপ্ত ফলাফলগুলোকে বার-চার্টের মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের অনলাইন সার্ভের ফলাফল (overall), শিক্ষক প্রশিক্ষক (Teacher Trainer), প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন প্রভাষকদের নিজেদের উপলব্ধি, সংশ্লিষ্ট প্রভাষকদের সম্পর্কে তাদের প্রধান শিক্ষকদের মতামত, শিক্ষার্থীদের মতামত ও শ্রেণি পর্যবেক্ষণ থেকে প্রাপ্ত ফলাফলকে পাশাপাশি স্থাপন করে তুলনামূলক বিশ্লেষণ করা হয়েছে।

সারণি -১৫ প্রভাষকদের অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা মূল্যায়নের স্যাম্পল সাইজ


ধরণ	স্যাম্পল সাইজ
অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা মূল্যায়ন (প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের অনলাইন সার্ভে)	৪৫৮
শিক্ষক প্রশিক্ষক	৬৫
প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষক (শ্রেণি পর্যবেক্ষণে অংশগ্রহণকারী)	৩২
প্রশিক্ষণবিহীন প্রভাষক (শ্রেণি পর্যবেক্ষণে অংশগ্রহণকারী)	৩২
শিক্ষার্থী (পর্যবেক্ষণকৃত প্রতি প্রভাষকদের জন্য ৩ জন শিক্ষার্থী)	১৯২ (৬৪*৩)

৩.৪.১ আরবিতে কুশল বিনিময় ও আন্তঃক্রিয়া করার দক্ষতা

প্রাপ্ত গড় স্কোর অনুযায়ী, প্রশিক্ষিত প্রভাষকরা নিজেদের ভাষাগত দক্ষতা তুলনামূলকভাবে উচ্চ বলে মনে করেন (৪.৫৮), যা প্রধান শিক্ষকদের মূল্যায়নের (৪.৩১) তুলনায় কিছুটা বেশি। শিক্ষার্থীরাও প্রশিক্ষিত প্রভাষকদের দক্ষতা উচ্চতর বলে মনে করেছেন (৪.৫৮), যা প্রধান শিক্ষকদের মূল্যায়নের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণের গড় স্কোর (৩.৫০) প্রশিক্ষণহীনদের তুলনায় কম, যা নির্দেশ করে যে বাস্তব পাঠদানে প্রশিক্ষিতদের পারফরম্যান্স তাদের নিজেদের এবং শিক্ষার্থীদের উপলব্ধি দক্ষতার তুলনায় দুর্বল ছিল।

অন্যদিকে, প্রশিক্ষণবিহীন প্রভাষকদের নিজেদের উপলব্ধি করা স্কোর (৪.১৪) তুলনামূলকভাবে কম, যা প্রধান শিক্ষকদের মূল্যায়নের (৩.৮৬) সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। শিক্ষার্থীরাও তাদের দক্ষতাকে ৪.২৯ স্কোর দিয়েছেন, যা প্রশিক্ষিতদের তুলনায় কিছুটা কম। তবে শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে প্রশিক্ষণবিহীনদের গড় স্কোর (৩.৮০) প্রশিক্ষিতদের (৩.৫০) তুলনায় বেশি, যা নির্দেশ করে যে বাস্তব পাঠদানে প্রশিক্ষণবিহীনরা অপেক্ষাকৃত ভালো করেছেন।

এই ফলাফল ইঙ্গিত করে যে শুধুমাত্র এই প্রশিক্ষণ নেওয়া আরবিতে কুশল বিনিময় ও আন্তঃক্রিয়া করার দক্ষতা উন্নয়নের নিশ্চয়তা দেয় না। যেহেতু শ্রেণিকক্ষে প্রশিক্ষিতদের পারফরম্যান্স তুলনামূলকভাবে দুর্বল, এটি স্পষ্ট যে প্রশিক্ষণের ফলে অর্জিত দক্ষতা যথাযথভাবে ব্যবহার করা হয়নি বা বাস্তব পাঠদানের ক্ষেত্রে পর্যাণ্ডভাবে কার্যকর হয়নি। ফলে, এই গবেষণা থেকে প্রশিক্ষণ ভাষাগত দক্ষতা বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রেখেছে বলে নিশ্চিতভাবে বলা যায় না।



চিত্র ১৩-আরবি ভাষায় কুশল বিনিময় ও আন্তর্গক্রিয়া করার দক্ষতা: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন


প্রভাষকদের তুলনামূলক বিশ্লেষণ

৩.৪.২ আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা

আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের উপলব্ধি প্রশিক্ষণপ্রাপ্তদের ক্ষেত্রে তুলনামূলকভাবে উচ্চতর, তবে শ্রেণিকক্ষ পর্যায়ে বাস্তব প্রয়োগ সেই মাত্রায় প্রতিফলিত হয়নি। সার্বিক গড় স্কোর ৪.৩৫, যা নির্দেশ করে যে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের উচ্চারণ দক্ষতা মোটামুটি ইতিবাচকভাবে মূল্যায়িত হয়েছে। প্রশিক্ষকদের মূল্যায়ন অনুযায়ী গড় স্কোর ৪.০০, যা বোঝায় যে প্রশিক্ষকদের দৃষ্টিতে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের উচ্চারণে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে।

প্রভাষকদের (Teacher) ক্ষেত্রে স্কোর ৪.৫৪, যা প্রশিক্ষণবিহীন দের তুলনায় (৪.১৪) কিছুটা বেশি। এটি ইঙ্গিত করে যে প্রশিক্ষণ আরবি উচ্চারণের দক্ষতা উন্নত করতে সহায়ক হয়েছে। প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের গড় স্কোর ৪.৮৬, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৪.৭৩, যা বোঝায় যে প্রধান শিক্ষকগণ মনে করেন, প্রশিক্ষণপ্রাপ্তরা উচ্চারণে তুলনামূলকভাবে ভালো করেছেন।

শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গি অনুযায়ী প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় স্কোর ৪.৮১, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৫.০০। এটি ইঙ্গিত করে যে শিক্ষার্থীরা তাদের প্রশিক্ষণবিহীন প্রভাষকদের উচ্চারণ দক্ষতাকে প্রশিক্ষণপ্রাপ্তদের তুলনায় আরও ইতিবাচকভাবে দেখছেন। এটি নির্দেশ করে যে কিছু প্রশিক্ষণবিহীন প্রভাষকও কার্যকরভাবে উচ্চারণ শেখাতে সক্ষম হয়েছেন অথবা শিক্ষার্থীদের অভ্যস্ততার কারণে তারা তাদের প্রভাষকদের উচ্চারণ ইতিবাচকভাবে মূল্যায়ন করেছেন। তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে দেখা যায় যে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় স্কোর ৪.২০, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৩.৮০। এই ফলাফল ইঙ্গিত করে যে এই প্রশিক্ষণ নেওয়ায় আরবিতে শুদ্ধ উচ্চারণের দক্ষতা উন্নয়নের নিশ্চয়তা দেয়। যেহেতু শ্রেণিকক্ষে প্রশিক্ষিত প্রভাষকদের পারফরম্যান্স প্রশিক্ষণবিহীন দের তুলনায় তুলনামূলকভাবে ভালো ছিল।




চিত্র ১৪-আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন প্রভাষকদের তুলনামূলক বিশ্লেষণ

৩.৪.৩ আরবি শব্দের সাবলীল ব্যবহার করার দক্ষতা

আরবি শব্দের সাবলীল ব্যবহার করতে পারার দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের উপলব্ধি প্রশিক্ষণপ্রাপ্তদের ক্ষেত্রে তুলনামূলকভাবে উচ্চতর, তবে শ্রেণিকক্ষ পর্যায়ে বাস্তব প্রয়োগ সেই মাত্রায় প্রতিফলিত হয়নি। সার্বিক গড় স্কোর ৪.৩৫, যা নির্দেশ করে যে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের এই দক্ষতা মোটামুটি ইতিবাচকভাবে মূল্যায়িত হয়েছে। প্রশিক্ষকদের মূল্যায়ন অনুযায়ী গড় স্কোর ৪.০০, যা বোঝায় যে প্রশিক্ষকদের দৃষ্টিতে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের আরবি শব্দ ব্যবহারের ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে।

প্রভাষকদের (Teacher) ক্ষেত্রে স্কোর ৪.৫৮, যা প্রশিক্ষণবিহীন দের তুলনায় (৪.৮৬) কিছুটা কম। এটি ইঙ্গিত করে যে কিছু প্রশিক্ষণবিহীন প্রভাষক পূর্ব থেকেই আরবি শব্দ ব্যবহারে দক্ষ ছিলেন, তবে প্রশিক্ষণ গ্রহণকারীরাও তুলনামূলকভাবে ভালো করেছেন। প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের গড় স্কোর ৪.৩১, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৩.৬৭, যা বোঝায় যে প্রধান শিক্ষকগণ মনে করেন, প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকরা আরবি শব্দের ব্যবহারে তুলনামূলকভাবে ভালো করেছেন।

শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গি অনুযায়ী প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় স্কোর ৪.৫০, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৫.০০। এটি ইঙ্গিত করে যে শিক্ষার্থীরা তাদের প্রশিক্ষণবিহীন প্রভাষকদের শব্দ ব্যবহারের দক্ষতাকে প্রশিক্ষণপ্রাপ্তদের তুলনায় আরও ইতিবাচকভাবে দেখছেন। এটি নির্দেশ করে যে কিছু প্রশিক্ষণবিহীন প্রভাষকও কার্যকরভাবে আরবি শব্দ ব্যবহারে দক্ষ ছিলেন অথবা শিক্ষার্থীদের অভ্যস্ততার কারণে তারা তাদের প্রভাষকদের ভাষাগত পারদর্শিতা ইতিবাচকভাবে মূল্যায়ন করেছেন। তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে দেখা যায় যে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় স্কোর ৩.৭০, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৩.০০। এই ফলাফল ইঙ্গিত করে যে এই প্রশিক্ষণ নেওয়ায় আরবি শব্দের সাবলীল ব্যবহার করার দক্ষতা উন্নয়নের নিশ্চয়তা দেয়। যেহেতু শ্রেণিকক্ষে প্রশিক্ষিত প্রভাষকদের পারফরম্যান্স প্রশিক্ষণবিহীন দের তুলনায় তুলনামূলকভাবে ভালো ছিল, এটি স্পষ্ট যে প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত দক্ষতা বাস্তব পাঠদানে সফলভাবে প্রয়োগ করা হয়েছে।



চিত্র ১৫-আরবি শব্দের সাবলীল ব্যবহার করার দক্ষতা: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন প্রভাষকদের তুলনামূলক বিশ্লেষণ


৩.৪.৪ আরবিতে বাক্য গঠন করতে পারার দক্ষতা

আরবিতে বাক্য গঠনের দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের উপলব্ধি প্রশিক্ষণপ্রাপ্তদের ক্ষেত্রে তুলনামূলকভাবে উচ্চতর, তবে শ্রেণিকক্ষ পর্যায়ে বাস্তব প্রয়োগ সেই মাত্রায় প্রতিফলিত হয়নি। সার্বিক গড় স্কোর ৪.২৬, যা নির্দেশ করে যে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের এই দক্ষতা মোটামুটি ইতিবাচকভাবে মূল্যায়িত হয়েছে। প্রশিক্ষকদের মূল্যায়ন অনুযায়ী গড় স্কোর ৪.৫০, যা বোঝায় যে প্রশিক্ষকদের দৃষ্টিতে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের বাক্য গঠনের দক্ষতায় উল্লেখযোগ্য উন্নতি হয়েছে।

প্রভাষকদের (Teacher) ক্ষেত্রে স্কোর ৪.৭১, যা প্রশিক্ষণবিহীন দের তুলনায় (৪.৪২) কিছুটা বেশি। প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের গড় স্কোর ৪.১৯, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৩.৭১, যা বোঝায় যে প্রধান শিক্ষকগণ মনে করেন, প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকরা বাক্য গঠনের ক্ষেত্রে তুলনামূলকভাবে ভালো করেছেন।

শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গি অনুযায়ী প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় স্কোর ৪.৪৬, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৪.৫৭। এটি ইঙ্গিত করে যে শিক্ষার্থীরা তাদের প্রশিক্ষণবিহীন প্রভাষকদের বাক্য গঠনের দক্ষতাকে প্রশিক্ষণপ্রাপ্তদের তুলনায় সামান্য বেশি ইতিবাচকভাবে দেখছেন। এটি নির্দেশ করে যে কিছু প্রশিক্ষণবিহীন প্রভাষকও কার্যকরভাবে বাক্য গঠনে দক্ষ ছিলেন অথবা শিক্ষার্থীদের অভ্যন্তর কারণে তারা তাদের প্রভাষকদের ভাষাগত পারদর্শিতা ইতিবাচকভাবে মূল্যায়ন করেছেন।

তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে দেখা যায় যে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় স্কোর ৩.৬০, যা প্রশিক্ষণবিহীন দের স্কোর ৩.৬০-এর সমান। এই ফলাফল ইঙ্গিত করে যে এই প্রশিক্ষণ নেওয়ায় আরবি বাক্য গঠনের দক্ষতা উন্নয়নের নিশ্চয়তা দেয় তা জোড় দিয়ে বলা যায়না। যেহেতু শ্রেণিকক্ষে প্রশিক্ষিত ও প্রশিক্ষণবিহীন প্রভাষকদের পারফরম্যান্স প্রায় একইভাবে প্রতিফলিত হয়েছে, এটি স্পষ্ট যে প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত দক্ষতা বাস্তব পাঠদানে সফলভাবে প্রয়োগ করা হলেও, প্রশিক্ষণবিহীন রাও সমমানের দক্ষতা প্রদর্শন করেছেন।




চিত্র ১৬-আরবিতে বাক্য গঠন করতে পারার দক্ষতা: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন প্রভাষকদের তুলনামূলক বিশ্লেষণ

৩.৪.৫ আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করার দক্ষতা

আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করতে পারার দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের উপলব্ধি প্রশিক্ষণপ্রাপ্তদের ক্ষেত্রে তুলনামূলকভাবে উচ্চতর, তবে শ্রেণিকক্ষ পর্যায়ে বাস্তব প্রয়োগ সেই মাত্রায় প্রতিফলিত হয়নি। সার্বিক গড় স্কোর ৪.১৯, যা নির্দেশ করে যে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের এই দক্ষতা মোটামুটি ইতিবাচকভাবে মূল্যায়িত হয়েছে। প্রশিক্ষকদের মূল্যায়ন অনুযায়ী গড় স্কোর ৪.২৫, যা বোঝায় যে প্রশিক্ষকদের দৃষ্টিতে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের অনুবাদ ও বিষয় ব্যাখ্যার দক্ষতায় উল্লেখযোগ্য উন্নতি হয়েছে।

প্রভাষকদের (Teacher) ক্ষেত্রে স্কোর ৪.৪২, যা প্রশিক্ষণবিহীন দের তুলনায় (৪.৮৬) কিছুটা কম। এটি ইঙ্গিত করে যে কিছু প্রশিক্ষণবিহীন প্রভাষক পূর্ব থেকেই আরবিতে অনুবাদ ও বিষয় ব্যাখ্যায় দক্ষ ছিলেন, তবে প্রশিক্ষণপ্রাপ্তদের স্কোরও তুলনামূলকভাবে ভালো প্রতিফলিত হয়েছে। প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের গড় স্কোর ৪.০৮, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৩.৮৬, যা বোঝায় যে প্রধান শিক্ষকগণ মনে করেন, প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকরা অনুবাদ ও ব্যাখ্যার ক্ষেত্রে তুলনামূলকভাবে ভালো করেছেন।

শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গি অনুযায়ী প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় স্কোর ৪.৮১, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৪.৮৬। এটি ইঙ্গিত করে যে শিক্ষার্থীরা তাদের প্রশিক্ষণবিহীন প্রভাষকদের অনুবাদ ও ব্যাখ্যার দক্ষতাকে প্রশিক্ষণপ্রাপ্তদের তুলনায় সামান্য বেশি ইতিবাচকভাবে দেখছেন। এটি নির্দেশ করে যে কিছু প্রশিক্ষণবিহীন প্রভাষকও কার্যকরভাবে অনুবাদ ও ব্যাখ্যা করতে সক্ষম ছিলেন অথবা শিক্ষার্থীদের অভ্যস্ততার কারণে তারা তাদের প্রভাষকদের ভাষাগত পারদর্শিতা ইতিবাচকভাবে মূল্যায়ন করেছেন। তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে দেখা যায় যে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় স্কোর ৩.৭০, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৩.৪০। এই ফলাফল ইঙ্গিত করে যে এই প্রশিক্ষণ নেওয়ায় আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করার দক্ষতা উন্নয়নের নিশ্চয়তা দেয়। যেহেতু শ্রেণিকক্ষে প্রশিক্ষিত প্রভাষকদের পারফরম্যান্স প্রশিক্ষণবিহীন দের তুলনায় তুলনামূলকভাবে ভালো ছিল, এটি স্পষ্ট যে প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত দক্ষতা বাস্তব পাঠদানে সফলভাবে প্রয়োগ করা হয়েছে।



চিত্র ১৭-আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করার দক্ষতা: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন প্রভাষকদের তুলনামূলক বিশ্লেষণ


৩.৪.৬ শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ ও আরবিতে কথা বলার জন্য উৎসাহ সুযোগ প্রদান

শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ ও কথা বলার জন্য উৎসাহ প্রদানের ক্ষেত্রে স্টেকহোল্ডারদের মূল্যায়ন প্রশিক্ষণপ্রাপ্তদের পক্ষে তুলনামূলকভাবে বেশি ইতিবাচক হলেও, শ্রেণিকক্ষে বাস্তব প্রয়োগ সেই মাত্রায় প্রতিফলিত হয়নি। প্রশিক্ষকদের মূল্যায়ন অনুযায়ী, প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় স্কোর ৪.৫০, যা নির্দেশ করে যে প্রশিক্ষকদের দৃষ্টিতে শিক্ষার্থীদের উপস্থাপনার সুযোগ সৃষ্টি করার ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্তরা উল্লেখযোগ্য উন্নতি করবে। প্রভাষকদের আত্মমূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের গড় স্কোর ৪.২৩, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৪.৭১, যা ইঙ্গিত করে যে প্রশিক্ষণবিহীন প্রভাষকরা শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার উল্লেখযোগ্য সুযোগ প্রদান করে থাকেন বলে মতামত দিয়েছেন। প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের গড় স্কোর ৪.৪২, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.০০, যা বোঝায় যে প্রধান শিক্ষকরা মনে করেন, প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকরা শিক্ষার্থীদের উপস্থাপনার সুযোগ তৈরির ক্ষেত্রে তুলনামূলকভাবে ভালো করবেন।

শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গি অনুযায়ী, প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় স্কোর ৪.৩৫, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.৪৩, যা ইঙ্গিত করে যে শিক্ষার্থীরা প্রশিক্ষণবিহীন প্রভাষকদের শিক্ষার্থীদের উপস্থাপনার সুযোগ প্রদানের দক্ষতাকে সামান্য বেশি ইতিবাচকভাবে মূল্যায়ন করেছেন।

তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে দেখা যায় প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় স্কোর ৩.০০, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ২.৯০। এই ফলাফল নির্দেশ করে যে প্রশিক্ষণ প্রভাষকদেরকে শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ প্রদানে আরও সচেতন ও আগ্রহী করে তুলেছে, যদিও শ্রেণিকক্ষে এর বাস্তব প্রয়োগ আরও উন্নতির সুযোগ রয়েছে।

Comparison of Mean Scores (New Data)



চিত্র ১৮-শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ ও আরবিতে কথা বলার জন্য উৎসাহ সুযোগ প্রদান:

প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন প্রভাষকদের তুলনামূলক বিশ্লেষণ

৩.৪.৭ শ্রেণীকক্ষে আরবিতে পাঠদান


শ্রেণীকক্ষে আরবিতে পাঠদানের দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের মূল্যায়ন প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের ক্ষেত্রে তুলনামূলকভাবে বেশি ইতিবাচক, তবে বাস্তব পাঠদানের চর্চায় এই পার্থক্য তেমনভাবে প্রতিফলিত হয়নি। প্রশিক্ষকদের মূল্যায়নে গড় স্কোর ৫.০০, যা নির্দেশ করে যে তারা মনে করেন, প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের পাঠদানের দক্ষতায় উল্লেখযোগ্য উন্নতি হয়েছে।

প্রভাষকদের আত্মমূল্যায়নে প্রশিক্ষিতদের গড় স্কোর ৪.৫৮, যেখানে প্রশিক্ষণবিহীন দের ৪.৮৬, যা ইঙ্গিত করে যে কিছু প্রশিক্ষণবিহীন প্রভাষকগণ তাদের আরবিতে পাঠদান নিয়ে আত্মবিশ্বাসী। প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষিতদের স্কোর ৪.৫৪ এবং প্রশিক্ষণবিহীন দের ৪.৫৬, ফলে প্রশিক্ষিত ও প্রশিক্ষণবিহীন দের মধ্যে পাঠদানের দক্ষতায় বিশেষ কোনো পার্থক্য লক্ষ্য করেননি।

শিক্ষার্থীদের মূল্যায়নে প্রশিক্ষিতদের স্কোর ৪.৫০ এবং প্রশিক্ষণবিহীন দের ৪.৭১, যা নির্দেশ করে যে শিক্ষার্থীরা তাদের প্রশিক্ষণবিহীন প্রভাষকদের পাঠদানের দক্ষতাকে প্রশিক্ষিতদের তুলনায় কিছুটা বেশি ইতিবাচকভাবে দেখেছেন।

তবে, শ্রেণীকক্ষ পর্যবেক্ষণে প্রশিক্ষিতদের গড় স্কোর ৩.০০ এবং প্রশিক্ষণবিহীন দের ২.৭০, যা নির্দেশ করে যে বাস্তব পাঠদানে প্রশিক্ষিত প্রভাষকেরা তুলনামূলকভাবে ভালো করেছেন। এই ফলাফল ইঙ্গিত করে যে প্রশিক্ষণ আরবিতে পাঠদানের দক্ষতা উন্নত করতে সহায়ক হলেও, শ্রেণীকক্ষে এর আরও কার্যকর প্রয়োগের জন্য অতিরিক্ত অনুশীলন ও সহায়ক ব্যবস্থা প্রয়োজন।

Updated Comparison of Mean Scores (Overall, Trainer, Trained, Non-Trained)




চিত্র ১৯-শ্রেণিকক্ষে আরবিতে পাঠদান: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন প্রভাষকদের তুলনামূলক বিশ্লেষণ

৩.৪.৮ শিক্ষার্থীদের শিখন অর্জনের মূল্যায়ন করার দক্ষতা

শিখন অর্জনের মূল্যায়ন করতে পারার দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের উপলব্ধি প্রশিক্ষণপ্রাপ্তদের ক্ষেত্রে তুলনামূলকভাবে উচ্চতর, তবে শ্রেণিকক্ষ পর্যায়ে বাস্তব প্রয়োগ সেই মাত্রায় প্রতিফলিত হয়নি। প্রশিক্ষকদের মূল্যায়ন অনুযায়ী গড় স্কোর ৫.০০, যা প্রশিক্ষকদের দৃষ্টিতে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের মূল্যায়ন দক্ষতায় উল্লেখযোগ্য উন্নতি হয়েছে বলে ইঙ্গিত করে।

প্রভাষকদের (Teacher) ক্ষেত্রে নিজেদের উক্ত দক্ষতার বিষয়ে গড় স্কোর ৪.২৩, যা প্রশিক্ষণবিহীন দের তুলনায় (৩.৮৬) বেশি। এটি ইঙ্গিত করে, প্রশিক্ষিত শিক্ষকরা প্রশিক্ষণের ফলে শিখন অর্জনের মূল্যায়ন দক্ষতা উন্নত হয়েছে বলে মনে করেন। প্রধান শিক্ষকদের মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্তদের গড় স্কোর ৪.৩১, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৪.০০, ফলে প্রধান শিক্ষকগণ মনে করেন, প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকরা মূল্যায়নের ক্ষেত্রে তুলনামূলকভাবে ভালো করেছেন।

শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গি অনুযায়ী প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় স্কোর ৪.৫৪, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ৪.৭১। এটি ইঙ্গিত করে যে শিক্ষার্থীরা তাদের প্রশিক্ষণবিহীন প্রভাষকদের মূল্যায়ন দক্ষতাকে প্রশিক্ষণপ্রাপ্তদের তুলনায় সামান্য বেশি ইতিবাচকভাবে দেখছেন। তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে দেখা যায় যে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের গড় স্কোর ৩.১০, যেখানে প্রশিক্ষণবিহীন দের স্কোর ২.৯০। এই ফলাফল এই প্রশিক্ষণ নেওয়ায় শিখন অর্জনের মূল্যায়ন দক্ষতা উন্নয়নের নিশ্চয়তা দেয়।



চিত্র ২০-শিক্ষার্থীদের শিখন অর্জনের মূল্যায়ন: প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন প্রভাষকদের তুলনামূলক বিশ্লেষণ

৩.৪.৯ ফলাফলের সারাংশ

উপস্থাপিত উপাত্ত অনুযায়ী, প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকদের ভাষাগত দক্ষতা এবং শ্রেণিকক্ষে তাদের পাঠদানের দক্ষতা সম্পর্কে স্টেকহোল্ডারদের মূল্যায়ন সাধারণভাবে ইতিবাচক হলেও, বাস্তব পাঠদানের ক্ষেত্রে প্রত্যাশিত উন্নতি সবসময় প্রতিফলিত হয়নি। প্রশিক্ষণ কার্যক্রম প্রভাষকদের ভাষাগত ও শিক্ষাদান দক্ষতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে বলে স্টেকহোল্ডাররা মনে করলেও, শ্রেণিকক্ষে এর বাস্তব প্রয়োগ সর্বদা প্রত্যাশিত মাত্রায় হয়নি।

সার্বিকভাবে (Overall Survey), প্রশিক্ষণের প্রতি স্টেকহোল্ডারদের দৃষ্টিভঙ্গি ইতিবাচক, যা নির্দেশ করে যে তারা প্রশিক্ষণ কার্যক্রমকে উপকারী বলে বিবেচনা করেছেন। তবে, প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন প্রভাষকদের আরবি ভাষার দক্ষতা নিয়ে স্টেকহোল্ডারদের মূল্যায়নের মধ্যে পার্থক্য তুলনামূলকভাবে কম, অর্থাৎ উভয় ক্ষেত্রেই মূল্যায়ন প্রায় কাছাকাছি ছিল।

তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন দের পারফরম্যান্সে পার্থক্য স্পষ্ট হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকরা নিজেদের ভাষাগত দক্ষতা উচ্চতর বলে মনে করলেও, শ্রেণিকক্ষে তারা সেই দক্ষতা সবসময় প্রত্যাশিত মাত্রায় প্রয়োগ করতে পারেননি। শিক্ষার্থীদের ভাষাগত উন্নয়নে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকরা ভূমিকা রাখলেও, বাস্তবিক অনুশীলনের অভাবের কারণে শ্রেণিকক্ষে তাদের দক্ষতার পূর্ণ বাস্তবায়ন হয়নি।

বিশেষ করে বাক্য গঠন, অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা, এবং শিক্ষার্থীদের ভাষাগত সম্পৃক্ততায় প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকরা তুলনামূলকভাবে বেশি কার্যকর ছিলেন। অন্যদিকে, শুদ্ধ উচ্চারণের প্রয়োগ, শিক্ষার্থীদের উপস্থাপনার সুযোগ সৃষ্টি, এবং শ্রেণিকক্ষে আরবি ব্যবহারের ক্ষেত্রে উৎসাহ প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষিতদের পারফরম্যান্স প্রত্যাশার তুলনায় কিছুটা দুর্বল ছিল।

ফলে, এই গবেষণা থেকে বোঝা যায় যে প্রশিক্ষণ আরবি ভাষাগত দক্ষতা উন্নত করতে সহায়ক হলেও, শ্রেণিকক্ষ পরিবেশে এর বাস্তব প্রয়োগ আরও জোরদার করা প্রয়োজন। এটি নিশ্চিত করতে প্রশিক্ষণের পরবর্তী পর্যায়ে শ্রেণিকক্ষে কার্যকর অনুশীলন, পর্যবেক্ষণ, এবং সহায়ক পদক্ষেপ গ্রহণ করা জরুরি, যাতে প্রভাষকরা তাদের অর্জিত দক্ষতাকে বাস্তব পাঠদানে আরও সফলভাবে প্রয়োগ করতে পারেন।


৩.৫ প্রভাষকদের ভাষাগত দক্ষতা নিরূপণে মূল্যায়ন অভিক্ষার ফলাফল

৩.৫.১ শোনার দক্ষতা

প্রভাষকদের শোনার দক্ষতা মূল্যায়নের জন্য আরবি ভাষায় তিনটি পৃথক অডিও পরিচ্ছেদ নির্ধারণ করা হয়, যেখানে প্রতিটি পরিচ্ছেদ শোনার পর অংশগ্রহণকারীদের প্রাসঙ্গিক প্রশ্নের উত্তর দিতে বলা হয়। প্রশ্নগুলো শিক্ষার্থীদের দৈনন্দিন জীবন, বাজার করা, যাতায়াত, শিক্ষালয়ে পৌঁছানোর সময়, অনুমতির প্রয়োজনীয়তা ইত্যাদি বাস্তব জীবনের প্রেক্ষাপটের ওপর ভিত্তি করে তৈরি করা হয়, যেমন: “জাহিদ কোন স্তরে অধ্যয়ন করে?”, “আহমাদ তার বন্ধুর সাথে কোথায় গেলো?”, “ছাত্রীটি কেন দেরিতে এলো?” বা “শিক্ষক তাকে কী বললেন?” ইত্যাদি।

এই প্রশ্নোত্তরের মাধ্যমে অংশগ্রহণকারীদের শ্রবণ অনুধাবনের সক্ষমতা যাচাই করা হয়। প্রতিটি প্রশ্নের উত্তর ৫ পয়েন্ট স্কেলে মূল্যায়ন করে গড় স্কোর নির্ধারণ করা হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত প্রভাষকদের মধ্যে শোনার দক্ষতার পার্থক্য তুলনামূলকভাবে বিশ্লেষণ করার জন্য t-test প্রয়োগ করা হয়েছে এবং p-value নির্ণয়ের মাধ্যমে পরিসংখ্যানগতভাবে উল্লিখিত দুটি দলের মধ্যে পারফরম্যান্সের পার্থক্য কতটা গুরুত্বপূর্ণ, তা নির্ধারণ করা হয়েছে।

প্রশিক্ষিত প্রভাষকদের গড়	8.৫৪
প্রশিক্ষণবিহীন প্রভাষকদের গড়	৪.৫২
টি-স্ট্যাটিস্টিক (t-এর মান)	০.৪০
p-মান (p-value)	০.৬৯১




চিত্র ২১: শোনার দক্ষতা মূল্যায়ন – প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন প্রভাষকদের তুলনামূলক বিশ্লেষণ

উল্লেখযোগ্যভাবে, প্রাপ্ত পি-মান (০.৬৯১) ০.০৫-এর চেয়ে অনেক বেশি, যা নির্দেশ করে যে প্রশিক্ষণপ্রাপ্ত এবং প্রশিক্ষণবিহীন শিক্ষকদের ভাষাগত শোনার দক্ষতার মধ্যে পরিসংখ্যানগতভাবে গুরুত্বপূর্ণ কোনো পার্থক্য নেই। যদিও কিছু ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা তুলনামূলকভাবে ভালো করেছেন, তবে সামগ্রিকভাবে এই পার্থক্য যথেষ্ট শক্তিশালী নয় যাতে বলা যায় যে প্রশিক্ষণ তাদের দক্ষতার উপর উল্লেখযোগ্য প্রভাব ফেলেছে।

৩.৫.২ বলার দক্ষতা

প্রভাষকদের আরবি ভাষায় বলার দক্ষতা মূল্যায়নের জন্য একটি বহুমাত্রিক মূল্যায়ন অভিক্ষা গ্রহণ করা হয়, যার মাধ্যমে তাদের মৌখিক যোগাযোগ দক্ষতা, শব্দভাণ্ডার, ব্যাকরণ জ্ঞান, বাক্য গঠন, অব্যয় ব্যবহার, উচ্চারণ (মাখরাজ), এবং এক কথায় প্রকাশ করার সক্ষমতা যাচাই করা হয়। অংশগ্রহণকারীরা প্রথমে পরিচয়ভিত্তিক সংলাপ বিনিময়ের মাধ্যমে মৌখিক চর্চা করেন এবং পরবর্তী ধাপে আরবি মৌলিক শব্দের অর্থ নির্ধারণ, বিপরীত শব্দ চয়ন, ব্যাকরণ ও সর্বনাম সনাক্তকরণ, বাক্য অনুবাদ, এবং সঠিক অব্যয় ব্যবহারের মতো কার্যক্রমে অংশগ্রহণ

করেন। এছাড়াও উচ্চারণ সংক্রান্ত প্রশ্ন এবং বাস্তবমুখী ভাব প্রকাশের জন্য এক কথায় আরবি শব্দ চয়নের প্রশ্ন অন্তর্ভুক্ত ছিল। প্রতিটি প্রশ্নের উত্তর ৫ পয়েন্ট স্কেলে মূল্যায়ন করে গড় স্কোর নির্ধারণ করা হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত ও অপ্রশিক্ষিত প্রভাষকদের মধ্যে বলার দক্ষতার পার্থক্য বিশ্লেষণের জন্য t-test প্রয়োগ করা হয় এবং প্রাপ্ত p-value এর ভিত্তিতে দুই দলের পারফরম্যান্সের মধ্যে পরিসংখ্যানগতভাবে উল্লেখযোগ্য পার্থক্য আছে কি না তা নির্ধারণ করা হয়েছে।



সারণি ১৭: বলার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন সহকারি শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	
প্রশিক্ষিত প্রভাষকদের গড়	৩.৫৬
প্রশিক্ষণবিহীন প্রভাষকদের গড়	৩.২১
টি-স্ট্যাটিস্টিক (t-এর মান)	৭.০
p-মান (p-value)	০.০০০০০০০০২২

চিত্র ২২: বলার দক্ষতা মূল্যায়ন – প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন প্রভাষকদের তুলনামূলক বিশ্লেষণ

এই ফলাফল থেকে বোঝা যায় যে প্রশিক্ষিত প্রভাষকদের ভাষাগত দক্ষতার গড় স্কোর ৩.৫৬ (৫-এর মধ্যে), যা প্রশিক্ষণহীন প্রভাষকদের ৩.২১ (৫-এর মধ্যে) তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি। যেহেতু p-মান (০.০০০০০০০০২২) ০.০৫-এর চেয়ে অনেক ছোট, এটি নির্দেশ করে যে এই পার্থক্য পরিসংখ্যানগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ (highly statistically significant)। অর্থাৎ, প্রশিক্ষিত প্রভাষকরা প্রশিক্ষণবিহীনদের তুলনায় ভাষাগত বলার দক্ষতার পরীক্ষায় উল্লেখযোগ্যভাবে ভালো পারফর্ম করেন যা উক্ত দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণের ভূমিকাকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে নির্দেশ করে।

৩.৫.৩ পড়ার দক্ষতা

প্রভাষকদের আরবি ভাষায় পড়ার দক্ষতা মূল্যায়নের জন্য তিনটি পৃথক পাঠ্যাংশ ভিত্তিক মূল্যায়ন অভিক্ষা গ্রহণ করা হয়, যেখানে অংশগ্রহণকারীদের প্রতিটি পাঠ্যাংশ পাঠ করে সংশ্লিষ্ট তথ্য অনুধাবনের ভিত্তিতে প্রশ্নের উত্তর দিতে হয়। প্রশ্নগুলো আরবি অনুচ্ছেদ থেকে তথ্য আহরণ, প্রাসঙ্গিক ঘটনা চিহ্নিতকরণ, চরিত্রের অবস্থান ও অনুভূতি বোঝা, এবং মূল ভাব বিশ্লেষণের দক্ষতা যাচাই করার উদ্দেশ্যে প্রণীত হয়। উদাহরণস্বরূপ, “সারাহ কেন তার বাসবীর সাথে দেখা করতে গেল?”, “আহমাদ কেন বাগানে যেতে পছন্দ করতো?”, কিংবা “ইন্টারনেট ব্যবহারে কী কী চ্যালেঞ্জ রয়েছে?”—এ ধরনের প্রশ্নের মাধ্যমে পাঠ্যবস্তুর সাথে শিক্ষকদের সংযোগস্থাপন ও বিশ্লেষণ ক্ষমতা পরিমাপ করা হয়। প্রতিটি প্রশ্নের উত্তর ৫ পয়েন্ট স্কেলে মূল্যায়ন করে গড় স্কোর নির্ধারণ করা হয়। প্রশিক্ষণপ্রাপ্ত

ও অপ্রশিক্ষিত প্রভাষকদের মধ্যে পড়ার দক্ষতার তুলনামূলক পার্থক্য বিশ্লেষণের জন্য t-test প্রয়োগ করা হয়েছে এবং p-value নির্ণয়ের মাধ্যমে এই পার্থক্য পরিসংখ্যানগতভাবে গুরুত্বপূর্ণ কি না, তা নির্ধারণ করা হয়েছে।



চিত্র ২৩: পড়ার দক্ষতা মূল্যায়ন – প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন প্রভাষকদের তুলনামূলক বিশ্লেষণ

সারণি ১৮- পড়ার দক্ষতা মূল্যায়নে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন সহকারী শিক্ষকদের গড় মান এবং t-পরীক্ষার ফলাফল	
প্রশিক্ষিত প্রভাষকদের গড় স্কোর (Mean)	৪.৭
প্রশিক্ষণহীন প্রভাষকদের গড় স্কোর (Mean)	৪.৬৮
টি-স্ট্যাটিস্টিক (t-এর মান)	০.৪০
p-মান (p-value)	০.৬৯১

এই গবেষণার ফলাফল অনুসারে, প্রশিক্ষিত প্রভাষকদের গড় স্কোর ৪.৭ এবং প্রশিক্ষণবিহীন প্রভাষকদের গড় স্কোর ৪.৬৮। গড় স্কোরের পার্থক্য খুবই সামান্য এবং t-স্ট্যাটিস্টিক ০.৪০ এবং p-মান ০.৬৯১, যা ০.০৫-এর চেয়ে বেশি। ফলে প্রশিক্ষিত ও প্রশিক্ষণবিহীন শিক্ষকদের গড় স্কোরের মধ্যে পরিসংখ্যানগতভাবে গুরুত্বপূর্ণ কোনো পার্থক্য নেই। অর্থাৎ, প্রশিক্ষণ গ্রহণ করা শিক্ষকদের পড়ার দক্ষতায় উল্লেখযোগ্য কোনো প্রভাব ফেলেনি, এবং গড় মানের সামান্য পার্থক্য দৈব কারণে হয়ে থাকতে পারে।

৩.৫.৪ লেখার দক্ষতা

প্রভাষকদের লেখার দক্ষতা মূল্যায়নের জন্য আরবি ভাষায় তিনটি কার্যক্রমভিত্তিক মূল্যায়ন অভিক্ষা গ্রহণ করা হয়, যার মাধ্যমে অংশগ্রহণকারীদের ব্যাকরণগত সঠিকতা, ভাষাগত প্রকাশক্ষমতা, চিন্তার গঠন এবং আরবিতে স্বতঃস্ফূর্তভাবে ভাব প্রকাশের দক্ষতা যাচাই করা হয়। অংশগ্রহণকারীদের প্রথমে একটি বাক্য ই'রাব ও হরকতসহ লিখতে বলা হয়, পরে একটি বাক্যের আরবি ভাষায় ব্যাখ্যা প্রদান করতে হয় এবং

অধ্যায়-০৪

প্রধান গবেষণা ফলাফল ও সুপারিশমালা

৪.১ প্রধান গবেষণা ফলাফলঃ সহকারি শিক্ষক

এই অংশে গবেষণার সহকারি শিক্ষকদের জন্য প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে গবেষণার প্রধান তিনটি উদ্দেশ্যের আলোকে মূল ফলাফলগুলো উপস্থাপন করা হলো। ভাষাগত দক্ষতা উন্নয়ন, শ্রেণিকক্ষে শিক্ষাদান কার্যক্রম পরিচালনা, এবং শিক্ষার্থীদের আরবি ভাষা ব্যবহারে উদ্বুদ্ধ করার ক্ষেত্রে প্রশিক্ষণের কার্যকারিতা কীভাবে প্রতিফলিত হলো, তা নিচে পৃথকভাবে আলোচনা করা হলো-

গবেষণা উদ্দেশ্য ১: প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবি ভাষার দক্ষতা উন্নয়ন কতটুকু কার্যকর হয়েছে তা নিরূপণ

করা।

গবেষণায় প্রাপ্ত তথ্য অনুযায়ী দেখা যায়, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা আরবি ভাষার বলার দক্ষতা, মৌলিক শব্দভাণ্ডার ব্যবহার, বাক্য গঠন, এবং ই'রাব ও হরকতসহ লিখনের ক্ষেত্রে প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তুলনায় তুলনামূলকভাবে ভালো পারফর্ম করেছেন। প্রশিক্ষণের মাধ্যমে মৌখিক অনুশীলন, বাক্য গঠনের চর্চা এবং আরবি শব্দের সঠিক ব্যবহার শেখার সুযোগ থাকায় এই দক্ষতাগুলোতে উন্নয়ন পরিলক্ষিত হয়েছে। বিশেষ করে ভাষার মৌলিক উৎপাদন বা ভাষা ব্যবহারের প্রাথমিক স্তরের দক্ষতাগুলোতে প্রশিক্ষণ একটি ইতিবাচক প্রভাব ফেলেছে। তবে গবেষণায় কিছু ক্ষেত্রে প্রশিক্ষণবিহীন শিক্ষকরাও প্রশিক্ষণপ্রাপ্তদের তুলনায় বেশি সফল হয়েছেন। বিশেষভাবে, আরবি ভাষার ইবারত ব্যাখ্যার দক্ষতা, শুদ্ধ উচ্চারণ, এবং পাঠ অনুধাবনের সক্ষমতা—এই দক্ষতাগুলোতে কিছু প্রশিক্ষণবিহীন শিক্ষক তুলনামূলকভাবে ভালো পারফর্ম করেছেন।

গবেষণা উদ্দেশ্য ২: প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবি ভাষায় শ্রেণি কার্যক্রম পরিচালনায় কতটুকু সক্ষম হয়েছে তা

নিরূপণ করা।

শ্রেণিকক্ষে পাঠদানের ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্ত সহকারি শিক্ষকরা সাধারণভাবে আত্মবিশ্বাসী ছিলেন এবং তাদের মধ্যে আরবি ব্যবহারের আগ্রহ ও উদ্যোগ লক্ষ্য করা গেছে। শিক্ষকদের পাঠ উপস্থাপনার ধরন, বাক্যের গঠনমূলকতা, অনুবাদের যথার্থতা, এবং শিক্ষার্থীদের ভাষা চর্চায় সম্পৃক্ত করার প্রয়াস স্পষ্ট ছিল। স্টেকহোল্ডারদের মতামত অনুযায়ী, এই শিক্ষকেরা পাঠদানের সময় পাঠের মূল ভাষাগত কাঠামো ও বিষয়বস্তুকে তুলনামূলকভাবে ভালোভাবে তুলে ধরতে পেরেছেন। অনেক ক্ষেত্রে তারা শিক্ষার্থীদের প্রতিক্রিয়া গ্রহণে এবং প্রশ্নোত্তর পর্বে বেশি সক্রিয় ছিলেন। তবে, পর্যবেক্ষণ ও বিশ্লেষণে দেখা যায়, সব শিক্ষক এই দক্ষতা শ্রেণিকক্ষে সর্বদা কার্যকরভাবে প্রয়োগ করতে পারেননি। বিশেষ করে শুদ্ধ উচ্চারণ বজায় রাখা, আরবি ভাষায় ধারাবাহিক বাক্য বলার সময় সাবলীলতা ধরে রাখা, এবং উপস্থাপনায় স্বচ্ছতা বজায় রাখার ক্ষেত্রে বেশ কিছু সীমাবদ্ধতা ছিল। এছাড়া, কিছু শিক্ষক শ্রেণিকক্ষে আরবি ব্যবহারের সুযোগ থাকলেও তা পুরোপুরি কাজে লাগাননি, ফলে শিক্ষার্থীদের ভাষা ব্যবহারের পরিবেশ সর্বদা তৈরি হয়নি। এটি বোঝায় যে পাঠদানের সময় কার্যকর আরবি ভাষা প্রয়োগে শিক্ষকরা এখনও নির্ভরযোগ্য দক্ষতা অর্জন করতে পারেননি, এবং প্রশিক্ষণ শেষে তাঁদের জন্য পর্যবেক্ষণ ও পুনঃঅনুশীলনের সুযোগ রাখা প্রয়োজন।

গবেষণা উদ্দেশ্য ৩: প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ শ্রেণিকক্ষে শিক্ষার্থীদেরকে আরবি ভাষা ব্যবহারে উদ্বুদ্ধ করতে কতটুকু

সক্ষম হয়েছে তা নিরূপণ করা।

গবেষণায় দেখা যায় যে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের আরবি ভাষা ব্যবহারে উৎসাহিত করতে সচেষ্ট ছিলেন। তারা শিক্ষার্থীদের আরবি শব্দ ব্যবহারে অনুপ্রাণিত করা, মৌখিক অনুশীলনে অংশগ্রহণ করানো, এবং বিভিন্ন শ্রেণিকক্ষ কার্যক্রমে আরবি ভাষার উপস্থিতি বাড়ানোর চেষ্টা করেছেন। স্টেকহোল্ডারদের মতামত এবং শিক্ষার্থীদের প্রতিক্রিয়া অনুযায়ী, এই শিক্ষকেরা সাধারণভাবে ভাষা ব্যবহারে ইতিবাচক পরিবেশ তৈরির চেষ্টা করেছেন, যা শিক্ষার্থীদের ভাষাগত আত্মবিশ্বাস বৃদ্ধিতে সহায়তা করেছে।

তবে, এই প্রচেষ্টার কার্যকারিতা শ্রেণি পর্যবেক্ষণে সবসময় পরিলক্ষিত হয়নি। শ্রেণিকক্ষে ধারাবাহিক আরবি ব্যবহার, শিক্ষার্থীদের উপস্থাপনার সুযোগ সৃষ্টি, এবং ভাষা চর্চার জন্য প্রয়োজনীয় সময় ও পরিবেশ অনেক ক্ষেত্রেই

পর্যাপ্ত ছিল না। অনেক শিক্ষকই আরবি ভাষার মৌলিক নির্দেশনা প্রদান করলেও শিক্ষার্থীদের সঙ্গে আরবি ভাষায় নিয়মিত পারস্পরিক যোগাযোগ বজায় রাখতে পারেননি। তাই শুধু উৎসাহ প্রদান নয়, বরং শ্রেণিকক্ষে কাঠামোবদ্ধ অনুশীলন, ভাষা ভিত্তিক কাজের সুযোগ এবং ধারাবাহিক অনুপ্রেরণার মাধ্যমেই শিক্ষার্থীদের মধ্যে টেকসই ভাষাগত অগ্রগতি নিশ্চিত করা সম্ভব।

৪.২ প্রধান গবেষণা ফলাফলঃ প্রভাষক

এই অংশে গবেষণার প্রভাষকদের জন্য প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে গবেষণার প্রধান তিনটি উদ্দেশ্যের আলোকে মূল ফলাফলগুলো উপস্থাপন করা হলো। প্রশিক্ষণের মাধ্যমে তাদের আরবি ভাষাগত দক্ষতা, শ্রেণিকক্ষে পাঠদানের সক্ষমতা, এবং শিক্ষার্থীদের আরবি ভাষা ব্যবহারে উদ্বুদ্ধ করার ক্ষমতা কীভাবে উন্নীত হলো, তা নিচে পর্যায়ক্রমে আলোচনা করা হলো-

গবেষণা উদ্দেশ্য ১:

প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবি ভাষার দক্ষতা উন্নয়ন কতটুকু কার্যকর হয়েছে তা নিরূপণ করা।

প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকগণ আরবি ভাষার বলার দক্ষতা, শব্দভাণ্ডার ব্যবহার, এবং ইংরাজি ও হরকতসহ লিখন-এই ক্ষেত্রগুলোতে প্রশিক্ষণবিহীনদের তুলনায় ভালো পারফর্ম করেছেন। মৌলিক বাক্য বিন্যাস, আরবিতে কুশল বিনিময় (greetings), চেনাজানা সংলাপ, আরবি প্রতিশব্দ চয়ন, এবং মৌলিক ব্যাকরণ প্রয়োগে তারা স্বচ্ছন্দ ছিলেন। এছাড়া, আরবি বাক্য রচনায় তাদের ভাষার গঠন ও শব্দের সঠিক ব্যবহারের চেষ্টা লক্ষ্য করা গেছে। এই ক্ষেত্রগুলোতে প্রশিক্ষণের ধারাবাহিক চর্চা ও অনুশীলন কার্যকর ছিল বলে প্রতীয়মান হয়। তবে, শ্রবণ দক্ষতা, পাঠ অনুধাবন, এবং বিশেষ করে ইবারত ব্যাখ্যার মতো বিশ্লেষণমুখী দক্ষতায় প্রশিক্ষণের প্রভাব সীমিত ছিল। অনেক সময় প্রশিক্ষণবিহীন প্রভাষকেরা দীর্ঘ পাঠ অনুধাবন, তথ্য বিশ্লেষণ ও পাঠের অন্তর্নিহিত ভাব প্রকাশে বেশি দক্ষতা প্রদর্শন করেছেন।

গবেষণা উদ্দেশ্য ২:

প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের আরবি ভাষায় শ্রেণি কার্যক্রম পরিচালনায় কতটুকু সক্ষম হয়েছে তা নিরূপণ করা।

শ্রেণিকক্ষে পাঠ উপস্থাপন, শিক্ষার্থীদের সঙ্গে যোগাযোগ স্থাপন, এবং পাঠ ব্যাখ্যার ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকেরা তুলনামূলকভাবে দক্ষ ছিলেন। তারা পাঠের কাঠামো ধরে রেখে বাক্য গঠন, অর্থ ব্যাখ্যা এবং প্রশ্নোত্তরের মাধ্যমে শিক্ষার্থীদের সম্পৃক্ত করার চেষ্টা করেছেন। অনেক শিক্ষক শ্রেণিতে আরবি ব্যবহারে সচেতন প্রয়াস নিয়েছেন, বিশেষত মৌখিক ভাষা প্রয়োগ, নির্দেশনা প্রদান ও শিক্ষার্থীদের ছোট ছোট বাক্য বলাতে উৎসাহ দিয়ে। বিষয়বস্তু উপস্থাপনের ক্ষেত্রে পরিষ্কার ধারাবাহিকতা এবং আত্মবিশ্বাস প্রশিক্ষণের একটি ইতিবাচক দিক হিসেবে প্রতিফলিত হয়েছে। তবে এই দক্ষতা সবসময় শ্রেণিকক্ষে কার্যকরভাবে প্রয়োগ হয়নি। শুদ্ধ উচ্চারণ, আরবি ভাষার ধারাবাহিক ব্যবহার, এবং শ্রেণিকক্ষে উপস্থাপনার সময় শিক্ষার্থীদের সক্রিয় সম্পৃক্ততা তৈরি করার সক্ষমতা-এই জায়গাগুলোতে বেশ কিছু সীমাবদ্ধতা দেখা গেছে। অনেকে আরবি দিয়ে পাঠ শুরু করলেও মাঝপথে বাংলা ভাষায় ফিরে যান অথবা শিক্ষার্থীদের আরবি ব্যবহারে পর্যাপ্ত সুযোগ তৈরি করতে ব্যর্থ হন। এই পর্যবেক্ষণগুলো ইঙ্গিত করে যে প্রশিক্ষণোত্তর পর্যায়ে শিক্ষক সহায়ক পরামর্শ, পুনঃঅনুশীলন এবং তত্ত্বাবধানে সংযুক্ত না হলে অর্জিত দক্ষতা শ্রেণিকক্ষে কার্যকরভাবে প্রতিফলিত না-ও হতে পারে।

গবেষণা উদ্দেশ্য ৩:

প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ শ্রেণিকক্ষে শিক্ষার্থীদেরকে আরবি ভাষা ব্যবহারে উদ্বুদ্ধ করতে কতটুকু সক্ষম হয়েছে তা

নিরূপণ করা।

প্রশিক্ষণপ্রাপ্ত প্রভাষকরা সাধারণভাবে শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের আরবি ভাষা ব্যবহারে উৎসাহিত করতে আগ্রহী ছিলেন এবং নানা উপায়ে তা বাস্তবায়নের চেষ্টা করেছেন। যেমন: শিক্ষার্থীদের আরবি শব্দে উত্তর দিতে উৎসাহিত করা, মৌলিক প্রশ্নোত্তর চর্চা, আরবি সংলাপের মাধ্যমে পাঠদান করা, এবং আরবি শব্দ লিখে তা শ্রেণির সামনে বলানো।

তবে, এই উৎসাহ সবসময় ধারাবাহিক ও প্রাত্যহিক অনুশীলনে রূপ নিতে পারেনি। অনেক শ্রেণিকক্ষেই শিক্ষার্থীদের উপস্থাপনার সুযোগ সীমিত ছিল, এবং শিক্ষকরা আরবি ব্যবহারে স্থায়ী পরিবেশ গড়ে তুলতে সফল

হননি। শিক্ষার্থীরা যেন প্রতিদিন কিছু না কিছু আরবিতে বলে, লেখে বা শোনে—এই অভ্যাস গঠনের জন্য প্রয়োজনীয় কাঠামো ও তদারকি অনেক সময় অনুপস্থিত ছিল।

৪.৩ সুপারিশসমূহ

গবেষণার ফলাফলের ভিত্তিতে অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কার্যক্রমের কার্যকারিতা আরও উন্নত করার জন্য নিম্নলিখিত সুপারিশ প্রদান করা হলো:

১. প্রাক-পরীক্ষা (Pre-Test) সংযোজনের প্রয়োজনীয়তা

প্রশিক্ষণ শুরুর আগে অংশগ্রহণকারীদের দক্ষতা যাচাইয়ের জন্য একটি প্রাক-পরীক্ষা (Pre-Test) অন্তর্ভুক্ত করা উচিত। এটি প্রশিক্ষণের প্রকৃত প্রভাব বিশ্লেষণে সহায়ক হবে এবং প্রশিক্ষণের পূর্ববর্তী ও পরবর্তী দক্ষতার পরিবর্তন তুলনা করা সহজ হবে। এই মূল্যায়ন শিক্ষকদের ভাষাগত দুর্বলতা ও শক্তিশালী দিক চিহ্নিত করতে সাহায্য করবে, যা প্রশিক্ষণের পরিবর্তনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

২. প্রশিক্ষণের বিষয়বস্তু ও ডেলিভারি পদ্ধতি নির্ধারণের পূর্বে প্রয়োজনভিত্তিক বিশ্লেষণ (Need Analysis) করা বর্তমান প্রশিক্ষণ কার্যক্রমে বিষয়বস্তু নির্ধারণ ও প্রশিক্ষণ পরিচালনার পদ্ধতি প্রণয়নে কোনো ধরনের প্রাতিষ্ঠানিক পর্যায়ে প্রয়োজন বিশ্লেষণ (need analysis) পরিচালিত হয়নি। এতে করে বাস্তব শ্রেণিকক্ষের চাহিদা, শিক্ষকদের পূর্ব-বিদ্যমান দক্ষতা, ও স্থানীয় প্রসঙ্গগুলো সঠিকভাবে প্রতিফলিত নাও হতে পারে। ভবিষ্যৎ প্রশিক্ষণ কার্যক্রমে বিষয়বস্তু, কার্যক্রম ও ডেলিভারি কৌশল নির্ধারণের আগে একটি কাঠামোবদ্ধ প্রয়োজন বিশ্লেষণ অন্তর্ভুক্ত করা আবশ্যিক, যাতে প্রশিক্ষণের প্রাসঙ্গিকতা ও কার্যকারিতা নিশ্চিত করা যায়।

৩. প্রশিক্ষণে শ্রেণিকক্ষে বাস্তব প্রয়োগের সুযোগ অন্তর্ভুক্তকরণ

গবেষণায় দেখা গেছে যে অনেক প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক নিজেদের ভাষাগত দক্ষতার উন্নয়ন অনুভব করলেও, শ্রেণিকক্ষে সেই দক্ষতার বাস্তব প্রয়োগ যথাযথভাবে প্রতিফলিত হয়নি। তাই, ভবিষ্যৎ প্রশিক্ষণ কার্যক্রমে আরবি ভাষার শ্রেণিকক্ষে ব্যবহারিক প্রয়োগ নিশ্চিত করতে প্রশিক্ষণের কাঠামোয় কিছু নির্দিষ্ট উপাদান অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এর মধ্যে রয়েছে—বাস্তব পাঠদানের অনুশীলন (classroom simulation), , peer teaching কার্যক্রম, প্রতিটি প্রশিক্ষণার্থীর জন্য মাইক্রো-টিচিং সেশন, এবং নির্দিষ্ট সময় পরপর তদারকি বা ফলো-আপ কার্যক্রম। এ ধরনের প্রশিক্ষণ মডেল শিক্ষকদের অর্জিত দক্ষতাকে কেবল তাত্ত্বিকভাবে নয়, বরং বাস্তব শ্রেণি পরিস্থিতিতে প্রয়োগ করার সুযোগ সৃষ্টি করবে এবং আরবি ভাষা ব্যবহারে তাদের আত্মবিশ্বাস ও ধারাবাহিকতা বৃদ্ধিতে সহায়ক হবে।

৪. পেশাগত শিক্ষণ সম্প্রদায়ের (PLC) মাধ্যমে ধারাবাহিক পেশাগত উন্নয়ন

বিভিন্ন গবেষণায় দেখা গেছে যে প্রশিক্ষণে অর্জিত নতুন জ্ঞান ও শিক্ষণ কৌশল শ্রেণিকক্ষে কার্যকরভাবে প্রয়োগে পেশাগত শিক্ষণ সম্প্রদায় (Professional Learning Community - PLC) গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বর্তমান গবেষণাতেও দেখা গেছে যে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা প্রশিক্ষণ সম্পর্কে ইতিবাচক মত প্রকাশ করলেও, শ্রেণিকক্ষে সেই জ্ঞান ও দক্ষতার প্রয়োগে কিছু ঘাটতি রয়ে গেছে। এই প্রেক্ষাপটে, প্রশিক্ষণে অর্জিত জ্ঞান ও দক্ষতা বাস্তব পাঠদানে সফলভাবে রূপান্তরের জন্য স্কুলভিত্তিক বা অঞ্চলভিত্তিক PLC গঠন ও সক্রিয়করণে গুরুত্ব দেওয়া প্রয়োজন।

PLC-এর মাধ্যমে শিক্ষকরা নিয়মিতভাবে একত্রিত হয়ে পাঠদানের বাস্তব অভিজ্ঞতা, চ্যালেঞ্জ ও সাফল্য নিয়ে আলোচনা করতে পারেন, একে অন্যের কাছ থেকে শিখতে পারেন এবং সহযোগিতামূলক শিখনের মাধ্যমে নতুন কৌশল প্রয়োগে আরও আত্মবিশ্বাসী হতে পারেন। তাই, ভবিষ্যৎ প্রশিক্ষণ কাঠামোয় PLC গঠনের দিকনির্দেশনা ও সহায়ক উপাদান সংযোজন করা উচিত, যেন প্রশিক্ষণ-পরবর্তী ধাপে শিক্ষকরা একটি ধারাবাহিক, টেকসই ও পারস্পরিক শেখার পরিবেশে নিজেদের দক্ষতা জোরদার করতে পারেন।

৫. একটি প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ নির্দেশিকা (Formal Training Manual) প্রণয়ন করা

বর্তমান প্রশিক্ষণ প্রক্রিয়ায় কোনো আনুষ্ঠানিক প্রশিক্ষণ নির্দেশিকা বা ম্যানুয়াল নেই, যার ফলে প্রশিক্ষণ পরিচালনায় ধারাবাহিকতা ও মান বজায় রাখা কঠিন। একটি সমন্বিত প্রশিক্ষণ ম্যানুয়াল প্রণয়ন করা প্রয়োজন, যেখানে প্রশিক্ষণের কাঠামো, শিখন-লক্ষ্য, বিষয়বস্তু, মূল্যায়ন পদ্ধতি, সময়সূচি, এবং প্রয়োগ নির্দেশনা অন্তর্ভুক্ত থাকবে।

এটি প্রশিক্ষকদের জন্য একটি রেফারেন্স টুল হিসেবে কাজ করবে এবং একই প্রশিক্ষণ কার্যক্রম বিভিন্ন প্রশিক্ষকের মাধ্যমে একই মানে বাস্তবায়ন নিশ্চিত করবে।

৬. প্রশিক্ষকদের জন্য একটি আনুষ্ঠানিক ToT (Training of Trainers) প্রবর্তন করা
বর্তমানে প্রশিক্ষক হিসেবে যাঁরা প্রশিক্ষণ পরিচালনা করছেন, তাঁদের জন্য কোনো আনুষ্ঠানিক প্রশিক্ষক প্রশিক্ষণ (ToT) কার্যক্রম নেই। ফলে, প্রশিক্ষণ পদ্ধতি, মূল্যায়ন কৌশল, অংশগ্রহণমূলক শিখন কৌশল এবং শিক্ষার্থীবান্ধব কার্যক্রমের প্রয়োগে প্রশিক্ষকদের প্রস্তুতির ঘাটতি থাকা অস্বাভাবিক নয়। একটি সুসংগঠিত ToT প্রোগ্রাম চালু করা উচিত, যা প্রশিক্ষকদের শিখন-নির্দেশনা প্রদান, কার্যকর ডেলিভারি কৌশল ও প্রশিক্ষণ দক্ষতা উন্নয়নে সহায়ক হবে।

৭. প্রশিক্ষণ কার্যক্রমে একটি ফলাফল-ভিত্তিক পর্যবেক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা অন্তর্ভুক্ত করা
বর্তমান প্রশিক্ষণ কাঠামোতে প্রশিক্ষণের প্রভাব বা কার্যকারিতা ট্র্যাক করার জন্য কোনো সুস্পষ্ট বা কাঠামোবদ্ধ ব্যবস্থা নেই। ভবিষ্যৎ প্রশিক্ষণ ডিজাইন করার সময় এমন একটি পদ্ধতি অন্তর্ভুক্ত করা জরুরি, যার মাধ্যমে প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী সময়ে অংশগ্রহণকারীদের দক্ষতায় কী ধরনের পরিবর্তন এসেছে তা নিয়মিত পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা যায়। এই পর্যবেক্ষণ ব্যবস্থা প্রশিক্ষণের ফলাফল-ভিত্তিক মূল্যায়নে সহায়ক হবে এবং বাস্তবিক প্রভাব যাচাই করে ভবিষ্যৎ সংশোধন বা উন্নয়নের পথনির্দেশ দেবে।

৮. প্রশিক্ষণ ও শ্রেণিকক্ষ বাস্তবায়নের মধ্যকার ব্যবধানের কারণ চিহ্নিত করতে আরও অনুসন্ধানমূলক গবেষণা পরিচালনা করা

গবেষণায় দেখা গেছে যে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকেরা আরবি ভাষা সংক্রান্ত বিভিন্ন দক্ষতায় উন্নতি অর্জন করলেও, শ্রেণিকক্ষে এই দক্ষতার বাস্তব প্রয়োগ সর্বদা সন্তোষজনক ফলাফল দেয়নি। অর্থাৎ, প্রশিক্ষণ ও শ্রেণিকক্ষ বাস্তবায়নের মধ্যে একটি কার্যকর ব্যবধান (implementation gap) বিদ্যমান। এই ব্যবধান কেন তৈরি হচ্ছে এবং তা পূরণে করণীয় কি—তা গভীরভাবে অনুধাবন করতে প্রয়োজন একটি অনুসন্ধানমূলক গবেষণা বা কার্যকর গবেষণা পদ্ধতির (appropriate methodology) মাধ্যমে বিস্তারিত অনুসন্ধান। যেমন, গুণগত গবেষণা (qualitative inquiry), ক্রিয়াভিত্তিক গবেষণা (action research), অথবা মিশ্র পদ্ধতির (mixed-method) মাধ্যমে শিক্ষক, শিক্ষার্থী ও প্রশাসনিক প্রেক্ষাপটের পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ করে এই ফাঁক (gap) নির্ণয় করা যেতে পারে। এর মাধ্যমে ভবিষ্যতের প্রশিক্ষণ কাঠামো আরও বাস্তবমুখী ও প্রয়োজনভিত্তিকভাবে রূপায়ণ করা সম্ভব হবে।

সামগ্রিকভাবে, অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কার্যক্রমকে আরও ফলপ্রসূ করতে উপরের সুপারিশগুলো বাস্তবায়ন করা প্রয়োজন। বিশেষ করে প্রাক-পরীক্ষার সংযোজন, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ, প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ ব্যবস্থা এবং পেশাগত শিক্ষণ সম্প্রদায়ের (PLC) মাধ্যমে ধারাবাহিক পেশাগত উন্নয়ন নিশ্চিত করা জরুরি। এই সুপারিশগুলোর কার্যকর বাস্তবায়নের মাধ্যমে প্রশিক্ষণের মান আরও উন্নত হবে এবং শিক্ষকেরা শ্রেণিকক্ষে অর্জিত দক্ষতার প্রয়োগ করতে আরও আত্মবিশ্বাসী হবেন।

অধ্যায়-০৫

গবেষণার সীমাবদ্ধতা ও তাৎপর্য

৫.১ গবেষণার সীমাবদ্ধতা

- গবেষণায় শুধুমাত্র পরিমাণগত তথ্য ব্যবহার করা হয়েছে, গুণগত তথ্য সংগ্রহ করা হয়নি, যা শিক্ষকদের শিক্ষণ কৌশল সম্পর্কে আরও গভীর বিশ্লেষণের সুযোগ সীমিত করেছে।
- শিক্ষকদের দীর্ঘমেয়াদী পারফরম্যান্স পর্যবেক্ষণ করা সম্ভব হয়নি, ফলে প্রশিক্ষণের দীর্ঘস্থায়ী প্রভাব মূল্যায়ন করা যায়নি।
- প্রাক-পরীক্ষা (Pre-Test) ব্যবহার করা হয়নি, যা প্রশিক্ষণের পূর্ববর্তী অবস্থা এবং উন্নয়নের হার নির্ধারণে আরও সহায়ক হতে পারত।

৫.২ গবেষণার তাৎপর্য (Implications of the Study)

এই গবেষণাটি অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কার্যক্রমের কার্যকারিতা বিশ্লেষণ করেছে এবং এর ফলাফল নীতিনির্ধারণ, শ্রেণিকক্ষের অনুশীলন এবং ভবিষ্যৎ গবেষণার ক্ষেত্রে বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক উন্মোচন করেছে। নিচে গবেষণার বিভিন্ন মাত্রায় এর প্রয়োগের সম্ভাবনা ব্যাখ্যা করা হলো:

১. নীতিনির্ধারণে গবেষণার ভূমিকা (Informing Policy Debates)

গবেষণার ফলাফল থেকে বোঝা যায় যে, অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম শিক্ষকদের ভাষাগত দক্ষতা উন্নত করতে সহায়ক, তবে এটি সর্বদা শ্রেণিকক্ষে প্রত্যাশিত মাত্রায় প্রতিফলিত হয়নি। এই ফলাফল নীতিনির্ধারণকদের জন্য কিছু গুরুত্বপূর্ণ নির্দেশনা দেয়:

- **প্রাক-পরীক্ষা (Pre-Test) অন্তর্ভুক্তির প্রয়োজনীয়তা:** প্রশিক্ষণের কার্যকারিতা নির্ধারণের জন্য অংশগ্রহণকারীদের প্রশিক্ষণের পূর্ববর্তী ভাষাগত দক্ষতা মূল্যায়ন করা জরুরি। এটি প্রশিক্ষণের প্রকৃত প্রভাব নির্ধারণে সহায়ক হবে এবং শিক্ষকদের জন্য ব্যক্তিকেন্দ্রিক প্রশিক্ষণ নীতি প্রণয়নে সাহায্য করবে।
- **ফলো-আপ মূল্যায়ন ব্যবস্থা:** প্রশিক্ষণ কার্যক্রম এককালীন হওয়া উচিত নয়; বরং দীর্ঘমেয়াদী মূল্যায়ন ও পর্যবেক্ষণের মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্তদের বাস্তব দক্ষতা উন্নয়ন নিশ্চিত করতে হবে।
- **পেশাগত শিক্ষণ সম্প্রদায় (PLC) গঠন:** প্রশিক্ষিত শিক্ষকদের মধ্যে ধারাবাহিক শেখার জন্য Professional Learning Community (PLC) গঠনের মাধ্যমে তারা নিজেদের মধ্যে অভিজ্ঞতা বিনিময় ও বাস্তব পাঠদানের সমস্যা সমাধান করতে পারবেন। এটি ভবিষ্যতে শিক্ষকদের পেশাগত উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

২. শিক্ষাদান প্রক্রিয়া ও শ্রেণিকক্ষ অনুশীলনের উন্নয়ন (Improving Practice)

গবেষণার ফলাফল শ্রেণিকক্ষের শিক্ষাদান পদ্ধতি উন্নয়নের ক্ষেত্রে কিছু কার্যকর সুপারিশ প্রদান করে:

- **ভাষার বাস্তব প্রয়োগ নিশ্চিত করা:** প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের জন্য শ্রেণিকক্ষে আরও বেশি ভাষার ব্যবহার নিশ্চিত করতে হবে। শিক্ষকদের ভাষার ব্যবহার পর্যবেক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে এটি নিশ্চিত করা সম্ভব।
- **পরিবর্তিত পাঠ্যক্রম সংযোজন:** শুধুমাত্র ধর্মীয় পাঠিতি নয়, বরং বাস্তব জীবনের আরবি ব্যবহারের কৌশল শেখানোর জন্য পাঠ্যক্রম পরিবর্তন করা উচিত। বিশেষত, কথোপকথন ও ভাষার প্রয়োগমূলক দক্ষতা উন্নয়নে গুরুত্ব দেওয়া উচিত।
- **ব্যক্তিগত প্রতিক্রিয়া ভিত্তিক প্রশিক্ষণ:** সকল শিক্ষকের প্রয়োজনীয়তা এক নয়, তাই তাদের জন্য ব্যক্তিকেন্দ্রিক প্রশিক্ষণ পরিকল্পনা তৈরি করা প্রয়োজন।

৩. জ্ঞানভান্ডার সমৃদ্ধকরণ ও ভবিষ্যৎ গবেষণার দিকনির্দেশনা (Contributions to Knowledge and Recommendations for Future Research)

এই গবেষণাটি ভাষা শিক্ষার অনলাইন প্রশিক্ষণের কার্যকারিতা নিয়ে নতুন তথ্য প্রদান করেছে, যা ভবিষ্যৎ গবেষণার জন্য গুরুত্বপূর্ণ ভিত্তি হতে পারে। তবে, আরও গবেষণার প্রয়োজন রয়েছে:

- **দীর্ঘমেয়াদী গবেষণা:** এই প্রশিক্ষণের দীর্ঘমেয়াদী প্রভাব নির্ধারণ করতে কয়েক বছর মেয়াদী গবেষণা প্রয়োজন, যেখানে শিক্ষকদের দক্ষতার উন্নয়নের ধারাবাহিকতা বিশ্লেষণ করা হবে।
- **শিক্ষার্থীদের ভাষাগত উন্নয়ন মূল্যায়ন:** এই গবেষণা মূলত শিক্ষকদের উপর কেন্দ্রীভূত ছিল, কিন্তু ভবিষ্যতে শিক্ষার্থীদের ভাষাগত দক্ষতা কীভাবে পরিবর্তিত হয় তা পর্যবেক্ষণ করা প্রয়োজন।
- **প্রশিক্ষণ মডেলের কার্যকারিতা তুলনা:** অনলাইন প্রশিক্ষণ এবং মুখোমুখি প্রশিক্ষণের তুলনামূলক গবেষণা করা দরকার, যাতে কোন মডেল সবচেয়ে কার্যকর তা নির্ধারণ করা যায়।
- **বৈচিত্র্যময় শিক্ষার্থী ও শিক্ষকদের অন্তর্ভুক্তি:** এই গবেষণা বিশেষভাবে মাদ্রাসার শিক্ষকদের উপর পরিচালিত হয়েছে, তবে এটি অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষেত্রেও কীভাবে প্রযোজ্য হতে পারে তা বিশ্লেষণ করা প্রয়োজন।

৫.৩ উপসংহার (Conclusion)

এই গবেষণাটি অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কার্যক্রমের কার্যকারিতা মূল্যায়নের উদ্দেশ্যে পরিচালিত হয়েছিল। গবেষণার ফলাফল থেকে স্পষ্ট যে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা ভাষাগত দক্ষতার কিছু নির্দিষ্ট ক্ষেত্রে অগ্রগতি অর্জন করলেও, শ্রেণিকক্ষে সেই উন্নতির যথাযথ বাস্তবায়ন সর্বদা নিশ্চিত হয়নি। বিশেষত, শ্রবণ ও মৌখিক দক্ষতা উন্নত করার ক্ষেত্রে প্রশিক্ষণ ইতিবাচক ভূমিকা পালন করলেও, অনেক ক্ষেত্রে প্রশিক্ষণবিহীন শিক্ষকদের পারফরম্যান্সও প্রশিক্ষণপ্রাপ্তদের সমান বা ভালো ছিল।

গবেষণার ফলাফলে দেখা গেছে যে, প্রশিক্ষণের ফলে শিক্ষকদের ভাষাগত আত্মবিশ্বাস বৃদ্ধি পেয়েছে এবং শিক্ষার্থীদের সঙ্গে কার্যকর যোগাযোগ স্থাপনের ক্ষেত্রে উন্নতি সাধিত হয়েছে। তবে, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণের মাধ্যমে বোঝা গেছে যে শিক্ষকদের ভাষাগত দক্ষতা বৃদ্ধির প্রভাব শ্রেণিকক্ষে সর্বদা দৃশ্যমান ছিল না। এটি ইঙ্গিত করে যে শুধুমাত্র প্রশিক্ষণ গ্রহণ করাই যথেষ্ট নয়; বরং প্রশিক্ষণের ফলাফলকে শ্রেণিকক্ষে বাস্তবায়নের জন্য নিয়মিত মূল্যায়ন, অনুশীলন, এবং ধারাবাহিক পেশাগত উন্নয়ন (Professional Learning Communities - PLC) প্রয়োজন।

আরবি ভাষায় উচ্চারণ, বাক্য গঠন, অনুবাদ, এবং শিক্ষার্থীদের ভাষাগত সম্পৃক্ততায় প্রশিক্ষণের ইতিবাচক প্রভাব লক্ষ্য করা গেলেও, শিক্ষার্থীদের সঙ্গে কথোপকথন, উপস্থাপনার সুযোগ প্রদান এবং শেখানো কৌশলের ক্ষেত্রে আরও উন্নতি প্রয়োজন। প্রশিক্ষণ কার্যক্রমের দীর্ঘমেয়াদী প্রভাব নিশ্চিত করার জন্য, শিক্ষকদের জন্য ফলো-আপ প্রশিক্ষণ, কর্মশালা, এবং সহায়ক ব্যবস্থাপনা ব্যবস্থা চালু করা প্রয়োজন।

এই গবেষণার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বাস্তবতা উঠে এসেছে—শিক্ষকদের ভাষাগত দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণের পাশাপাশি, শ্রেণিকক্ষের বাস্তব পরিবেশেও সেই দক্ষতা প্রয়োগ নিশ্চিত করা আবশ্যিক। ভবিষ্যতে অনুরূপ গবেষণার মাধ্যমে, প্রশিক্ষণের আগে ও পরে অংশগ্রহণকারীদের দক্ষতা মূল্যায়নের জন্য প্রাক-পরীক্ষা (Pre-Test) অন্তর্ভুক্ত করা প্রয়োজন, যাতে প্রশিক্ষণের প্রকৃত কার্যকারিতা নির্ধারণ করা সহজ হয়।

সার্বিকভাবে, এই গবেষণা থেকে বোঝা যায় যে অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কার্যক্রম শিক্ষকদের ভাষাগত দক্ষতা উন্নয়নে সহায়ক হলেও, শ্রেণিকক্ষে এর সম্পূর্ণ বাস্তবায়ন নিশ্চিত করতে আরও কার্যকরী কৌশল প্রণয়ন করা প্রয়োজন। এটি শুধুমাত্র শিক্ষকদের ভাষাগত উন্নয়নই নয়, বরং শিক্ষার্থীদের শেখার অভিজ্ঞতাকেও সমৃদ্ধ করতে পারে। ভবিষ্যতে আরও সমন্বিত প্রশিক্ষণ কর্মসূচি, শিক্ষকদের জন্য দীর্ঘমেয়াদী পেশাগত উন্নয়ন কর্মশালা, এবং শ্রেণিকক্ষ পর্যবেক্ষণভিত্তিক মূল্যায়ন চালুর মাধ্যমে এই উদ্যোগকে আরও কার্যকর করে তোলা সম্ভব।

সংযুক্তিঃ সারণিসমূহ

পরিশিষ্ট ০১-অনলাইন সার্ভেঃ প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক

ক্রমিক	বিবৃতি	প্রশিক্ষিত শিক্ষকদের গড় (Mean)
ক। আরবিতে কুশল বিনিময় ও আন্তঃক্রিয়া করার দক্ষতা		
০১	প্রশিক্ষণের ফলে আমি সাবলীলভাবে আরবিতে নিজের পরিচয় দিতে পারি	৪.৪৬
১৩	প্রশিক্ষণ লাভের পর আমার আরবি শুনে অনুধাবনের দক্ষতা বৃদ্ধি পেয়েছে	৪.৩৩
১৪	প্রশিক্ষণের ফলে আমি আত্মবিশ্বাসের সাথে আরবি বলতে পারি	৪.৪৯
১৫	আমি প্রশিক্ষণ লাভ করে এখন স্বতঃস্ফূর্তভাবে বিভিন্ন বিষয়ের উপর আরবিতে একক উপস্থাপনা করতে পারি	৪.৬৬
১৬	প্রশিক্ষণের মাধ্যমে পাঠ্যপুস্তকের বিষয়বস্তুসমূহ আরবিতে উপস্থাপন করার ক্ষেত্রে আমি আরো আত্মবিশ্বাসী হয়েছি	৪.৩১
১৭	প্রশিক্ষণ গ্রহণের পরে আমি এখন বিভিন্ন বিষয়ের উপর সাবলীলভাবে আরবিতে কথোপকথন করতে পারি	৪.৩১
১৮	প্রশিক্ষণের মাধ্যমে এখন আমি বিভিন্ন বিষয়ের উপর আরবিতে স্বতঃস্ফূর্তভাবে বিতর্ক করতে পারি	৪.৬৭
সার্বিক গড়		৪.৪৬
খ। শিক্ষকদের আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা		
০৩	প্রশিক্ষণের ফলে আমি সঠিকভাবে আরবি হরফসমূহ মাখরাজ অনুযায়ী নির্ভুলভাবে উচ্চারণ করতে সক্ষম হয়েছি	৪.৩৫
সার্বিক গড়		৪.৩৫
গ। শিক্ষকদের আরবি শব্দের সাবলীল ব্যবহার করার দক্ষতা		
০৮	প্রশিক্ষণের পরে আমার আরবি শব্দভাণ্ডার সমৃদ্ধ হয়েছে	৪.৪১
০৯	প্রশিক্ষণের মাধ্যমে আমি আরবি ভাষার বিভিন্ন শব্দের পার্থক্য বুঝতে পারি	৪.২৯
সার্বিক গড়		৪.৩৫
ঘ। আরবিতে বাক্য গঠন করতে পারার দক্ষতা		
০৪	প্রশিক্ষণের ফলে আরবি ব্যাকরণে ক্রিয়ার রূপান্তর সম্পর্কে আমার ধারণা সুস্পষ্ট হয়েছে	৪.২৫
০৫	প্রশিক্ষণের মাধ্যমে আরবি ব্যাকরণে বিভিন্ন প্রকার অব্যয়, বাক্য প্রকরণ ইত্যাদি সম্পর্কে আমার ধারণা সুস্পষ্ট হয়েছে	৪.১২

০৬	প্রশিক্ষণের মাধ্যমে আরবি ব্যাকরণে বিভিন্ন প্রকার বিশেষ্য, উদ্দেশ্য ও বিধেয় সম্পর্কে আমার ধারণা সুস্পষ্ট হয়েছে	৪.২৮
০৭	প্রশিক্ষণের মাধ্যমে আরবি ব্যাকরণে সংখ্যা, আওয়ামিল ও বহুবচনের প্রকারভেদ সম্পর্কে আমার ধারণা সুস্পষ্ট হয়েছে	৪.৪৫
১০	প্রশিক্ষণের ফলে আমার অশুদ্ধ আরবি বাক্য শুদ্ধভাবে প্রকাশ করার দক্ষতা বৃদ্ধি পেয়েছে	৪.১০
১১	প্রশিক্ষণ গ্রহণের কারণে আমি আগের চেয়ে সহজে আরবিতে বাক্য তৈরি করতে পারছি	৪.১০
১২	প্রশিক্ষণ গ্রহণের কারণে আমি আরবি বাক্যে উপযুক্ত শব্দ বসিয়ে শূণ্যস্থান পূরণ করতে পারছি	৪.৪৭
সার্বিক গড়		৪.২৬
ঙ। আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করার দক্ষতা		
০২	প্রশিক্ষণের ফলে আমি স্বাচ্ছন্দ্যের সাথে মৌখিকভাবে বাংলা থেকে আরবি অনুবাদ করতে পারি	৪.২৫
১৯	প্রশিক্ষণ আমাকে কোরআনের সূরাসমূহের অর্থ সঠিকভাবে অনুধাবন করতে সক্ষম করে তুলেছে	৪.১৩
সার্বিক গড়		৪.১৯
চ। শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ ও আরবিতে কথা বলার জন্য উৎসাহ সুযোগ প্রদান		
৩৪	প্রশিক্ষণের পর শিক্ষার্থীদের আরবি ভাষায় কথা বলতে উৎসাহিত করি	৪.০১
সার্বিক গড়		৪.০১
ছ। শ্রেণীকক্ষে আরবিতে পাঠদান		
২০	প্রশিক্ষণ করার ফলে সফলভাবে পাঠ পরিকল্পনা তৈরি করতে পারি	৪.২৫
২১	প্রশিক্ষণ অর্জনের ফলে শ্রেণীকক্ষে পাঠদান পদ্ধতি ও কৌশল নির্ধারণ করতে পারছি	৪.১৩
৩৩	প্রশিক্ষণের মাধ্যমে সামগ্রিক ভাবে আরবি ভাষায় পাঠ পরিচালনার দক্ষতা বৃদ্ধি পেয়েছে	৪.২৮
সার্বিক গড়		৪.২২
জ। শিক্ষার্থীদের শিখন অর্জনের মূল্যায়ন		
২৩	প্রশিক্ষণের মাধ্যমে শ্রেণীকক্ষে কার্যকরভাবে শিক্ষার্থীদের শিখন অর্জন মূল্যায়ন ও ফিডব্যাক প্রদানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে	৪.৩৭
সার্বিক গড়		৪.৩৭

পরিশিষ্ট ০২- আরবি বিষয়ে অনলাইন কোর্স সম্পর্কে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের মতামত

ক্রমিক নং	বিবৃতি	গড় মান
২২	প্রশিক্ষণ লাভের ফলে নিজের মধ্যে মুক্তিযুদ্ধের ইতিহাস ও দেশপ্রেম সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পেয়েছে	৪.৭৯
২৪	আরবি ভাষার চারটি দক্ষতা উন্নয়নে এই প্রশিক্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে	৪.৬৬
২৫	প্রশিক্ষকের বিষয়বস্তুগত জ্ঞান খুবই সমৃদ্ধ	৪.৮২
২৬	প্রশিক্ষক বিষয়বস্তুগত ধারণাসমূহ কার্যকর ভাবে ব্যাখ্যা করতে পেরেছেন	৫.০০
২৭	প্রশিক্ষক খুবই আন্তরিক সহায়ক ও ছিলেন	৪.৬৪
২৮	প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের বিভিন্ন কাজে অংশগ্রহণ করিয়েছেন	৪.৬৪
২৯	কর্মক্ষেত্রে প্রস্তুত হতে এই কোর্সটি সহায়তা করেছে	৫.০০
৩০	অনলাইন উপকরণসমূহ মানসম্মত ছিল (ভিডিও, আর্টিকেলসমূহ)	৪.৮৪
৩১	অনলাইন প্রশিক্ষণ প্ল্যাটফর্মটি সহজে প্রবেশযোগ্য ও ব্যবহারকারী বান্ধব	৪.৬০
৩২	প্রশিক্ষণ কোর্সে প্রদানকৃত অন্যান্য উপকরণসমূহ (অনুশীলন উপকরণ, সাপ্লিমেন্টারী উপকরণ) সহায়ক ছিল	৪.৮০
৩৫	সামগ্রিক ভাবে, আমি আরবি ভাষার কোর্স সম্পর্কে সন্তুষ্ট	৪.৬০
৩৬	আমি অন্যদেরকে এই কোর্স করতে সুপারিশ করি	৪.৬০
সার্বিক গড়		৪.৭৫

পরিশিষ্ট ০৩-প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক প্রশ্নমালা

ক্রমিক	বিবৃতি	প্রশিক্ষিত শিক্ষকদের গড় (Mean)
ক। আরবিতে কুশল বিনিময় ও আন্তঃক্রিয়া করার দক্ষতা		
০১	প্রশিক্ষণের ফলে আমি সাবলীলভাবে আরবিতে নিজের পরিচয় দিতে পারি	৪.৪৭
১৩	প্রশিক্ষণ লাভের পর আমার আরবি শুনে অনুধাবনের দক্ষতা বৃদ্ধি পেয়েছে	৪.৪২
১৪	প্রশিক্ষণের ফলে আমি আত্মবিশ্বাসের সাথে আরবি বলতে পারি	৪.৭৫
১৫	আমি প্রশিক্ষণ লাভ করে এখন স্বতঃস্ফূর্তভাবে বিভিন্ন বিষয়ের উপর আরবিতে একক উপস্থাপনা করতে পারি	৪.৩৯
১৬	প্রশিক্ষণের মাধ্যমে পাঠ্যপুস্তকের বিষয়বস্তুসমূহ আরবিতে উপস্থাপন করার ক্ষেত্রে আমি আরো আত্মবিশ্বাসী হয়েছি	৪.৭৪
১৭	প্রশিক্ষণ গ্রহণের পরে আমি এখন বিভিন্ন বিষয়ের উপর সাবলীলভাবে আরবিতে কথোপকথন করতে পারি	৪.৩০

১৮	প্রশিক্ষণের মাধ্যমে এখন আমি বিভিন্ন বিষয়ের উপর আরবিতে স্বতঃস্ফূর্তভাবে বিতর্ক করতে পারি	৪.৪৩
সার্বিক গড়		৪.৫
খ। শিক্ষকদের আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা		
০৩	প্রশিক্ষণের ফলে আমি সঠিকভাবে আরবি হরফসমূহ মাখরাজ অনুযায়ী নির্ভুলভাবে উচ্চারণ করতে সক্ষম হয়েছি	৪.৫
সার্বিক গড়		৪.৫
গ। শিক্ষকদের আরবি শব্দের সাবলীল ব্যবহার করার দক্ষতা		
০৮	প্রশিক্ষণের পরে আমার আরবি শব্দভাণ্ডার সমৃদ্ধ হয়েছে	৪.৬৫
০৯	প্রশিক্ষণের মাধ্যমে আমি আরবি ভাষার বিভিন্ন শব্দের পার্থক্য বুঝতে পারি	৪.৩৫
সার্বিক গড়		৪.৫
ঘ। আরবিতে বাক্য গঠন করতে পারার দক্ষতা		
০৪	প্রশিক্ষণের ফলে আরবি ব্যাকরণে ক্রিয়ার রূপান্তর সম্পর্কে আমার ধারণা সুস্পষ্ট হয়েছে	৪.০৪
০৫	প্রশিক্ষণের মাধ্যমে আরবি ব্যাকরণে বিভিন্ন প্রকার অব্যয়, বাক্য প্রকরণ ইত্যাদি সম্পর্কে আমার ধারণা সুস্পষ্ট হয়েছে	৪.২৪
০৬	প্রশিক্ষণের মাধ্যমে আরবি ব্যাকরণে বিভিন্ন প্রকার বিশেষ্য, উদ্দেশ্য ও বিধেয় সম্পর্কে আমার ধারণা সুস্পষ্ট হয়েছে	৪.৩৪
০৭	প্রশিক্ষণের মাধ্যমে আরবি ব্যাকরণে সংখ্যা, আওয়ামিল ও বহুবচনের প্রকারভেদ সম্পর্কে আমার ধারণা সুস্পষ্ট হয়েছে	৪.১৯
১০	প্রশিক্ষণের ফলে আমার অশুদ্ধ আরবি বাক্য শুদ্ধভাবে প্রকাশ করার দক্ষতা বৃদ্ধি পেয়েছে	৪.২৫
১১	প্রশিক্ষণ গ্রহণের কারণে আমি আগের চেয়ে সহজে আরবিতে বাক্য তৈরি করতে পারছি	৪.০৭
১২	প্রশিক্ষণ গ্রহণের কারণে আমি আরবি বাক্যে উপযুক্ত শব্দ বসিয়ে শূণ্যস্থান পূরণ করতে পারছি	৪.২৭
সার্বিক গড়		৪.২০
ঙ। আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করার দক্ষতা		
০২	প্রশিক্ষণের ফলে আমি স্বাচ্ছন্দ্যের সাথে মৌখিকভাবে বাংলা থেকে আরবি অনুবাদ করতে পারি	৪.৪৮
১৯	প্রশিক্ষণ আমাকে কোরআনের সূরাসমূহের অর্থ সঠিকভাবে অনুধাবন করতে সক্ষম করে তুলেছে	৪.৩৮
সার্বিক গড়		৪.৩
চ। শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ ও আরবিতে কথা বলার জন্য উৎসাহ সুযোগ প্রদান		
৩৪	প্রশিক্ষণের পর শিক্ষার্থীদের আরবি ভাষায় কথা বলতে উৎসাহিত করি	৩.৯
সার্বিক গড়		৩.৯

ছ। শ্রেণীকক্ষে আরবিতে পাঠদান		
২০	প্রশিক্ষণ করার ফলে সফলভাবে পাঠ পরিকল্পনা তৈরি করতে পারি	৪.৫৫
২১	প্রশিক্ষণ অর্জনের ফলে শ্রেণীকক্ষে পাঠদান পদ্ধতি ও কৌশল নির্ধারণ করতে পারছি	৪.৬৫
৩৩	প্রশিক্ষণের মাধ্যমে সামগ্রিক ভাবে আরবি ভাষায় পাঠ পরিচালনার দক্ষতা বৃদ্ধি পেয়েছে	৪.৬০
সার্বিক গড়		৪.৬
জ। শিক্ষার্থীদের শিখন অর্জনের মূল্যায়ন		
২৩	প্রশিক্ষণের মাধ্যমে শ্রেণীকক্ষে কার্যকরভাবে শিক্ষার্থীদের শিখন অর্জন মূল্যায়ন ও ফিডব্যাক প্রদানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে	৪.৩
সার্বিক গড়		৪.৩

পরিশিষ্ট ০৪-আরবি বিষয়ে অনলাইন কোর্স সম্পর্কে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের মতামত

ক্রমিক নং	বিবৃতি	গড় মান
২২	প্রশিক্ষণ লাভের ফলে নিজের মধ্যে মুক্তিযুদ্ধের ইতিহাস ও দেশপ্রেম সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পেয়েছে	৪.৮৪
২৪	আরবি ভাষার চারটি দক্ষতা উন্নয়নে এই প্রশিক্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে	৪.৭৫
২৫	প্রশিক্ষকের বিষয়বস্তুগত জ্ঞান খুবই সমৃদ্ধ	৪.৮৭
২৬	প্রশিক্ষক বিষয়বস্তুগত ধারণাসমূহ কার্যকর ভাবে ব্যাখ্যা করতে পেরেছেন	৪.৯৩
২৭	প্রশিক্ষক খুবই আন্তরিক সহায়ক ও ছিলেন	৪.৭৩
২৮	প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের বিভিন্ন কাজে অংশগ্রহণ করিয়েছেন	৪.৭৪
২৯	কর্মক্ষেত্রে প্রস্তুত হতে এই কোর্সটি সহায়তা করেছে	৪.৯১
৩০	অনলাইন উপকরণসমূহ মানসম্মত ছিল (ভিডিও, আর্টিকেলসমূহ)	৪.৮৮
৩১	অনলাইন প্রশিক্ষণ প্ল্যাটফর্মটি সহজে প্রবেশযোগ্য ও ব্যবহারকারী বান্ধব	৪.৭৬
৩২	প্রশিক্ষণ কোর্সে প্রদানকৃত অন্যান্য উপকরণসমূহ (অনুশীলন উপকরণ, সাপ্লিমেন্টারী উপকরণ) সহায়ক ছিল	৪.৮৩
৩৫	সামগ্রিক ভাবে, আমি আরবি ভাষার কোর্স সম্পর্কে সন্তুষ্ট	৪.৭৮
৩৬	আমি অন্যদেরকে এই কোর্স করতে সুপারিশ করি	৪.৭৯
সার্বিক গড়		৪.৮২

পরিশিষ্ট ০৫-প্রশিক্ষণবিহীন শিক্ষকদের প্রশ্নমালা

ক্রমিক	বিবৃতি	প্রশিক্ষিত শিক্ষকদের গড় (Mean)
ক। আরবিতে কুশল বিনিময় ও আন্তঃক্রিয়া করার দক্ষতা		
০১	আমি সাবলীলভাবে আরবিতে নিজের পরিচয় দিতে পারি	৪.৩২
১৩	আমার আরবি শুনে অনুধাবন করতে পারি	৪.২৫
১৪	আমি আত্মবিশ্বাসের সাথে আরবি বলতে পারি	৪.৩৫
১৫	আমি স্বতঃস্ফূর্তভাবে বিভিন্ন বিষয়ের উপর আরবিতে একক উপস্থাপনা করতে পারি	৪.৪০
১৬	আমি পাঠ্যপুস্তকের বিষয়বস্তুসমূহ আরবিতে উপস্থাপন করার ক্ষেত্রে আত্মবিশ্বাসী	৪.২০
১৭	আমি বিভিন্ন বিষয়ের উপর সাবলীলভাবে আরবিতে কথোপকথন করতে পারি	৪.২৮
১৮	আমি বিভিন্ন বিষয়ের উপর আরবিতে স্বতঃস্ফূর্তভাবে বিতর্ক করতে পারি	৪.৩৮
সার্বিক গড়		৪.৩০
খ। শিক্ষকদের আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা		
০৩	আমি সঠিকভাবে আরবি হরফসমূহ মাখরাজ অনুযায়ী নির্ভুলভাবে উচ্চারণ করতে পারি	৪.৭০
সার্বিক গড়		৪.৭০
গ। শিক্ষকদের আরবি শব্দের সাবলীল ব্যবহার করার দক্ষতা		
০৮	আমার আরবি শব্দভাণ্ডার যথেষ্ট সমৃদ্ধ	৪.৮৩
০৯	আমি আরবি ভাষার বিভিন্ন শব্দের পার্থক্য বুঝতে পারি	৪.৭৭
সার্বিক গড়		৪.৮
ঘ। আরবিতে বাক্য গঠন করতে পারার দক্ষতা		
০৪	আরবি ব্যাকরণে ক্রিয়ার রূপান্তর সম্পর্কে আমার ধারণা সুস্পষ্ট	৪.৩৩
০৫	আরবি ব্যাকরণে বিভিন্ন প্রকার অব্যয়, বাক্য প্রকরণ ইত্যাদি সম্পর্কে আমার ধারণা সুস্পষ্ট	৪.২৫
০৬	আরবি ব্যাকরণে বিভিন্ন প্রকার বিশেষ্য, উদ্দেশ্য ও বিধেয় সম্পর্কে আমার সুস্পষ্ট ধারণা রয়েছে	৪.৩৫
০৭	আরবি ব্যাকরণে সংখ্যা, আওয়ামিল ও বহুবচনের প্রকারভেদ সম্পর্কে আমার সুস্পষ্ট ধারণা রয়েছে	৪.৩৮
১০	আমার অশুদ্ধ আরবি বাক্য শুদ্ধভাবে প্রকাশ করার দক্ষতা রয়েছে	৪.২৯
১১	আমি সহজে আরবিতে বাক্য তৈরি করতে পারি	৪.৩১
১২	আমি আরবি বাক্যে উপযুক্ত শব্দ বসিয়ে শূণ্যস্থান পূরণ করতে পারি	৪.২৭
সার্বিক গড়		৪.৩০

ঙ। আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করার দক্ষতা		
০২	আমি স্বাচ্ছন্দ্যের সাথে মৌখিকভাবে বাংলা থেকে আরবি অনুবাদ করতে পারি	৫
১৯	আমি কোরআনের সূরাসমূহের অর্থ সঠিকভাবে অনুধাবন করতে পারি	৫
		সার্বিক গড়
৫		
চ। শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ ও আরবিতে কথা বলার জন্য উৎসাহ সুযোগ প্রদান		
২৪	আমি শ্রেণীকক্ষে শিক্ষার্থীদের আরবি ভাষায় কথা বলতে উৎসাহিত করি	৪.৬
		সার্বিক গড়
৪.৬		
ছ। শ্রেণীকক্ষে আরবিতে পাঠদান		
২০	আমি সফলভাবে পাঠ পরিকল্পনা তৈরি করতে পারি	৪.৯২
২১	আমি শ্রেণীকক্ষে কার্যকর পাঠদান পদ্ধতি ও কৌশল নির্ধারণ করতে পারি	৪.৮৭
২২	সামগ্রিকভাবে আমি আরবি ভাষায় পাঠ পরিচালনার দক্ষ	৪.৯১
		সার্বিক গড়
৪.৯		
জ। শিক্ষার্থীদের শিখন অর্জনের মূল্যায়ন		
২৩	আমি শ্রেণীকক্ষে কার্যকরভাবে শিক্ষার্থীদের শিখন অর্জন মূল্যায়ন ও ফিডব্যাক প্রদানে যথেষ্ট দক্ষ	৩.৭
		সার্বিক গড়
৩.৭		

পরিশিষ্ট ০৬-মাদ্রাসা প্রধানের প্রশ্নমালাঃ প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের জন্য

ক্রমিক	বিবৃতি	প্রশিক্ষিত শিক্ষকদের গড়
ক। আরবিতে কুশল বিনিময় ও আন্তঃক্রিয়া করার দক্ষতা		
০১	শিক্ষক ক্লাসের প্রারম্ভে শিক্ষার্থীদের সাথে আরবিতে কুশল বিনিময় করেন	৪.২২
০২	শিক্ষক সাবলীলভাবে আরবিতে নিজের পরিচয় দিতে পারেন	৪.১৫
০৬	প্রশিক্ষণ লাভের পর শিক্ষকের আরবি শুনে অনুধাবনের দক্ষতা বৃদ্ধি পেয়েছে	৪.২৫
০৭	প্রশিক্ষণ গ্রহণের ফলে শিক্ষক এখন বিভিন্ন বিষয়ের উপর সাবলীলভাবে আরবিতে কথোপকথন করতে পারেন	৪.১৮
		সার্বিক গড়
৪.২		
খ। শিক্ষকদের আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা		
০৩	শিক্ষক শুদ্ধ ভাবে আরবি হরফসমূহ উচ্চারণ করতে পারেন	৪.৫
		সার্বিক গড়
৪.৫		

গ। শিক্ষকদের আরবি শব্দের সাবলীল ব্যবহার করার দক্ষতা		
০৪	প্রশিক্ষণের ফলে শিক্ষকদের আরবি শব্দভাণ্ডার আগের চেয়ে সমৃদ্ধ হয়েছে	৪.৪
সার্বিক গড়		৪.৪
ঘ। আরবিতে বাক্য গঠন করতে পারার দক্ষতা		
০৫	প্রশিক্ষণ গ্রহণের ফলে শিক্ষক সহজেই আরবিতে বাক্য তৈরি করতে পারেন	৪.৫
সার্বিক গড়		৪.৫
ঙ। আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করার দক্ষতা		
০৯	শিক্ষক স্বাচ্ছন্দ্যের সাথে মৌখিকভাবে বাংলা থেকে আরবি অনুবাদ করতে পারেন	৪.২২
১০	প্রশিক্ষণের গ্রহণের পরে কোরআনের সূরাসমূহের অর্থ সঠিকভাবে অনুবাদ করতে পারেন	৪.১৮
সার্বিক গড়		৪.২
চ। শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ ও কথা বলার উৎসাহ সুযোগ প্রদান		
১৬	প্রশিক্ষণের পর শিক্ষক শিক্ষার্থীদের আরবি ভাষায় কথা বলতে উৎসাহিত করে	৪.৩
সার্বিক গড়		৪.৩
ছ। শ্রেণীকক্ষে আরবিতে পাঠদান		
০৮	প্রশিক্ষণের গ্রহণের ফলে শিক্ষক শ্রেণীকক্ষে আত্মবিশ্বাসের সাথে পাঠের বিষয়বস্তুসমূহ আরবিতে উপস্থাপন করতে পারেন	৪.৪২
১১	শিক্ষক এই প্রশিক্ষণ গ্রহণের ফলে শ্রেণীকক্ষে পাঠদান পদ্ধতি ও কৌশল পূর্বের তুলনায় উন্নত হয়েছে	৪.৩৫
১২	শ্রেণীকক্ষে পাঠদানকালে শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত করতে এই প্রশিক্ষণ শিক্ষককে উৎসাহিত করেছেন	৪.৪৮
১৩	এই প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষক আরবি ভাষা সঠিক ও নির্ভুলভাবে শিখানোর গুরুত্ব সম্পর্কে জানতে পেরেছেন	৪.৩৮
১৫	প্রশিক্ষণের মাধ্যমে সামগ্রিক ভাবে শিক্ষকের আরবি ভাষায় পাঠ পরিচালনার দক্ষতা বৃদ্ধি পেয়েছে	৪.৩৭
সার্বিক গড়		৪.৪
জ। শিক্ষার্থীদের শিখন অর্জনের মূল্যায়ন		
১৪	শিক্ষার্থীদের আরবি ভাষার চারটি দক্ষতার শিখন অর্জন মূল্যায়নে এই প্রশিক্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে	৪.২
সার্বিক গড়		৪.২

পরিশিষ্ট ০৭-মাদ্রাসা প্রধানের প্রশ্নমালাঃ প্রশিক্ষণবিহীন শিক্ষকদের জন্য

ক্রমিক	বিবৃতি	প্রশিক্ষণবিহীন শিক্ষকদের গড়
ক। আরবিতে কুশল বিনিময় ও আন্তঃক্রিয়া করার দক্ষতা		
০১	শিক্ষক ক্লাসের প্রারম্ভে শিক্ষার্থীদের সাথে আরবিতে কুশল বিনিময় করেন	৪.৩২
০২	শিক্ষক সাবলীলভাবে আরবিতে নিজের পরিচয় দিতে পারেন	৪.২৫
০৬	শিক্ষক আরবি শুনে অনুধাবন করতে পারেন	৪.৩৫
০৭	শিক্ষক বিভিন্ন বিষয়ের উপর সাবলীলভাবে আরবিতে কথোপকথন করতে পারেন	৪.২৮
সার্বিক গড়		৪.৩
খ। শিক্ষকদের আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা		
০৩	শিক্ষক শুদ্ধ ভাবে আরবি হরফসমূহ উচ্চারণ করতে পারেন	৫
সার্বিক গড়		৫
গ। শিক্ষকদের আরবি শব্দের সাবলীল ব্যবহার করার দক্ষতা		
০৪	শিক্ষকদের আরবি শব্দভাণ্ডার যথেষ্ট সমৃদ্ধ	৪.৬
সার্বিক গড়		৪.৬
ঘ। আরবিতে বাক্য গঠন করতে পারার দক্ষতা		
০৫	শিক্ষক সহজেই আরবিতে বাক্য তৈরি করতে পারেন	৪.২
সার্বিক গড়		৪.২
ঙ। আরবিতে অনুবাদ ও বিষয়বস্তুর ব্যাখ্যা করার দক্ষতা		
০৯	শিক্ষক স্বাচ্ছন্দ্যের সাথে মৌখিকভাবে বাংলা থেকে আরবি অনুবাদ করতে পারেন	৪.১৭
১০	শিক্ষক কোরআনের সূরাসমূহের অর্থ সঠিকভাবে অনুবাদ করতে পারেন	৪.২৩
সার্বিক গড়		৪.২
চ। শিক্ষার্থীদের আরবিতে উপস্থাপনার সুযোগ ও কথা বলার উৎসাহ সুযোগ প্রদান		
১৬	শিক্ষক শিক্ষার্থীদের আরবি ভাষায় কথা বলতে উৎসাহিত করে	৪.৮
সার্বিক গড়		৪.৮
ছ। শ্রেণীকক্ষে আরবিতে পাঠদান		
০৮	শিক্ষক শ্রেণীকক্ষে আত্মবিশ্বাসের সাথে পাঠের বিষয়বস্তুসমূহ আরবিতে উপস্থাপন করতে পারেন	৪.৮২
১১	শিক্ষক শ্রেণীকক্ষে পাঠদান পদ্ধতি ও কৌশল পূর্বের তুলনায় উন্নত হয়েছে	৪.৭৬
১২	শ্রেণীকক্ষে পাঠদানকালে শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত করতে এই প্রশিক্ষণ শিক্ষককে উৎসাহিত করেছে	৪.৮৭

১৩	শিক্ষক আরবি ভাষা সঠিক ও নিভুলভাবে শিখানোর গুরুত্ব সম্পর্কে অবগত	৪.৭৯
১৫	সামগ্রিক ভাবে শিক্ষকের আরবি ভাষায় পাঠ পরিচালনার দক্ষতা যথেষ্ট ভালো	৪.৮৪
সার্বিক গড়		৪.৮
জ। শিক্ষার্থীদের শিখন অর্জনের মূল্যায়ন		
১৪	শিক্ষক শিক্ষার্থীদের আরবি ভাষার চারটি দক্ষতার শিখন অর্জনের কার্যকরভাবে মূল্যায়ন করেন	৪.৩
সার্বিক গড়		৪.৩

পরিশিষ্ট ০৮-প্রশিক্ষকের প্রশ্নমালা

ক্রমিক	বিবৃতি	প্রশিক্ষিত শিক্ষকদের গড়
ক। আরবিতে কুশল বিনিময় ও আন্তঃক্রিয়া করার দক্ষতা		
০১	প্রশিক্ষণ গ্রহণের ফলে প্রশিক্ষণার্থীরা আরবিতে নিজের পরিচয় সাবলীলভাবে উপস্থাপন করতে সক্ষম হয়েছে	৪.২৫
সার্বিক গড়		৪.২৫
খ। শিক্ষকদের আরবিতে শুদ্ধ উচ্চারণ করার দক্ষতা		
০৩	প্রশিক্ষণ গ্রহণের ফলে প্রশিক্ষণার্থী বিশুদ্ধ উচ্চারণে আরবিতে কথা বলতে সক্ষম হয়েছে	৪
সার্বিক গড়		৪
গ। শিক্ষকদের আরবি শব্দের সাবলীল ব্যবহার করার দক্ষতা		
০৪	প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের আরবি শব্দভাণ্ডার সমৃদ্ধ করার কৌশল আয়ত্ত হয়েছে	৪
সার্বিক গড়		৪
ঘ। আরবিতে বাক্য গঠন করতে পারার দক্ষতা		
০৫	প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণার্থীরা ক্রিয়ার রূপান্তর সম্পর্কে দক্ষতা বৃদ্ধি পেয়েছে	৪.৫২
০৬	প্রশিক্ষণ গ্রহণের ফলে প্রশিক্ষণার্থীরা অব্যয় ও বাক্য প্রকরণ সঠিকভাবে ব্যবহারের দক্ষতা বৃদ্ধি পেয়েছে	৪.৪৭
০৭	প্রশিক্ষণ গ্রহণের ফলে প্রশিক্ষণার্থীর উদ্দেশ্য ও বিধেয় এর সঠিক ব্যবহারের দক্ষতা বৃদ্ধি পেয়েছে	৪.৫৫
